শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র কথিত

চলার সাথী

THE CONTROL OF THE PARTY OF THE

সংসঙ্গ পাবলিশিং হাউস

সংসন্ধ, পাবনা

প্রীপ্রীঠাকুর অনুক্রনচন্দ্র-কথিত চলার সাথী



প্রীক্ষপ্রসন্ন ভট্টাচার্য্য, এম, এ সঞ্চলিত। সৎসন্ধ পান্তিশিং হাউস্ হইতে প্রীযুক্ত সুরেশ চন্দ্র মুখোপাধ্যায় কর্তুক প্রকাশিত। পোঃ সৎসন্ধ, পাবনা।

সক্ষেত্র সংরক্ষিত ফালুন, ১৩৪১

প্রীগৌরার প্রেস প্রিণ্টার—গ্রীপ্রভাত চন্দ্র রায় ৭১৷১, মির্জাপুর জ্রীট, কলিকাতা ।

চलात जाथी

যুগপুরুষোত্ম ঐঐঠাকুর অনুকূল চন্দ্রর ভত আবিভাব শতবর্ষে 'ঐঐঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ হিমাইতপুর— পাবনা' এর ভঙিবিনয় অর্ঘ্যঞ্লি।

ভূমিকা

প্রবৃত্তির তাড়না পশুকেও চালিত করে, আমাকেও করিত।
এখনো কি করে না?—করে, কিন্তু তা'র ভেতর একটু কথা আছে—
সেইটুকুই আজ বলিব। ভাবিতাম প্রবৃত্তি-সংক্ষুদ্ধ আমাকে তুল্ট করিব,
স্ফীত করিয়া তুলিব—তাহাতেই তো চরম সার্থকতা, তবে কাহারো
তেমন ব্যথার কারণ না-হইলেই তো হয়!

আজ বুঝিতেছি—অহং-সম্বেগী অবাধ্য উচ্ছুগুল খামখেয়ালী প্রকৃতিই তো বাথা দেয়, ব্যথিত করে—অপমানিত করে, দীন করে, লেলিহান্ করে—ভিক্ষুক করে;—যে প্রবৃত্ত, যাহাতে প্রবৃত্ত—উভয়কেই!

বিশ্বচক্র কেমন-করিয়া চলে !—একটা মূঢ় বিসময় জাগাইয়া তুলিত। বড় সাধ হইত এক-চাহনিতে দেখিয়া লই, এক-চুমুকে পান করি; রহস্য-যবনিকা অপসারিত করিবার সামর্থ্য নাই; মাঝে-মাঝে ধরিয়া নাড়াচাড়া করিতাম—কিন্ত বাসনা-মোহে বিক্ষিপ্ত বিবশ হইয়া ঢলিয়া পড়িতাম—অবসাদের কোলে।

এমনি-করিয়া চলিল জ বন সঙ্কীর্ণ পারিপাশ্বিকের আবেশ-জড়িমায়,—
প্রবৃত্তি-বিলোল সপিল গতিতে! এমন-ধারা জীবনের মূলধন গুধু
ফাঁকা অহস্কার আর সৃষ্টিছাড়া কল্পনা। আমারও ছিল তাই,—
অবসন্ধ দুর্বল মন স্থাধীনতার স্থপ দেখিতে চাহিত, মুক্তির মানস-কুঞ্জ
রচনা করিত। পাপ-দিও মনের ব্যবসায় কল্পলোকে উভুপ গিরিশুল
গড়িয়া তোলা;—কি যে সে করিবে, কি পারে তা'র ঠিকই পায় না—
কিছুতেই তো সে ভৃপ্তির আয়াদ পায় নাই! তাই বিষাক্ত দেহমন
রহিয়া-রহিয়া উভট চিন্তার প্রিত্যেধক আবিষ্কার করে, আমিও তা'-ই
করিতাম।—অল্পনারের ফাটল দিয়া মাঝে-মাঝে চুয়াইয়া আসিত আশার
দীপ্ত-রশ্মরেখা, পিতৃপিতামহের বহুয়ুগবিদ্মৃত সহজ সংস্কারগুলি।
ঘূলীবায়ের অল্পার্জনে মাঝে-মাঝে কোথা হইতে নামিয়া আসিত
প্রবৃত্তিগুলি! যখন চলিয়া যাইত, দেখিতাম—পড়িয়া রহিয়াছি সঙ্কীর্ণ
অহং-কূপের—ক্লেদ-পক্ষে, অনুতাপ-প্রহৃত সায়ু-তন্ত্রীতে ওধু রিমিঝিমি
বাজিতে থাকিত—"এ তো নয়, এ তো আমি নই!"

এমনই দিন যায়, গেল—সবারই তো যায়! কিন্তু আজ? আজ আর কিন্তু তা'নয়, যাঁ'র জন্য নয় তাঁরই জন্যে! উডিদকে উডিন্ন করিয়া তোলে আলো-বাতাসের অন্ধ আবেগ। প্রকৃতির অন্ধনাহে গড়িয়া ওঠে জীবজন্ত কত কি। কিন্তু প্রশুতার গুড় স্পর্শ তখনই পাই যখন কেহ মনের প্রবৃত্তিভালির মোড় ফিরাইতে পারে। তাহাই দেখিয়াছি, অনুভব করিয়াছি, স্পর্শ করিয়াছি। বাসনামুক্ত কি হইয়াছি?—না, তবে তা'র বিষনাঁতে ভাঙ্গিয়াছে। তাই, মুক্তি-বাসনা আজ আর তেমন বিক্ষুর্ম করিয়া তোলে না; সে কি সাধে? সাপুড়ে বাঁশীতে পোঁ ধরিয়াছে, সাপগুলি তাঁ'রই দিকে চাহিয়া ফনা তুলিয়া দাড়াইয়া থাকিতে চায়; ইহাতেই যদি মুক্তির আভাস না রহিল, তবে আর-কিছুতে আছে কি? জানি না! কত যে সাপ! তা'র কি ঠিক্-ঠিকানা আছে!— নগণিত— খনের সর্গবমন! কুন্তনীকৃত কৃষ্ণকুটিল বিসপিত প্রবৃত্তি আজ শ্রেণীবদ্ধ— দালীয়দমনে! কত যে হোঁচট্-খাওয়া, কত জিজাসা— মবুঝের মত দিবসে, রাত্রে, সায়াহেল, নিশীথে—সময়ে অসময়ে, অবসরে, অনবসরে, কারণে অকারণে। আর তা'রই উত্তর কত কী অকথিত কত কথিতবাণী। যেটুকু লিপিবদ্ধ ছিল শুধু তাহাই মুদ্রিত হইতে চলিল!

ইহাতে জিজাসাগুলি নাই বলিলেই হয়, আছে— আভাসে, কুল কুদ্র শিরোনামায়; আছে শুধু তা'দের মীমাংসা—যা' তিনি কহিয়াছিলেন, দায়ে পড়িয়া— রীয় বিচিত্র অভিজ্ঞতা-খচিত উজ্জ্বল জীবন হইতে চয়নকরিয়া! তাই এ-পৃঁথির ভাষা লেখনী নহে—শ্রীমুখ-নিঃস্ত বিচিত্র ধ্বনিময়ী! সে ধ্বনি কখনো হাসিতে, কখনো চাহনিতে, কখনো ভাষায়, কখনো অস্ফুট-শ্বরে, কখনো স্তর্জাছিল— আমার লেখনী তাহার যতটুকু কুড়াইয়া লইতে পারে তাহাই লইয়াছিল— অবিকল তা'ই যাহা তিনি বলিয়াছিলেন। গুছানোর সাহস করি নাই, খেয়ালের বশেই আজ তাহা মুদ্রিত হইতেছে! ইহাতে কথিত ভাষার ছন্দ ও ভাববিভঙ্গ যথায়থ মুর্ভ করিয়া তুলিতে বিভিন্ন পংক্তিতে উক্তিগুলি বিনাস্ত হইয়াছে।

যদি কেহ ভাষার দিকে না তাকাইয়া অক্ষম লেখনীধৃত শ্রীগ্রীঠাকুরের এই বজুভাষার ভাবকেই আলিঙ্গন করিয়া নিজের দৈনন্দিন জীবনের সঙ্গে মিলাইয়া চিন্তা করিয়া অক্ষকারময় পথে কিছুমাত্র সাহাষ্য পান, চলার সুখে সুখী হ'ন, তবেই আমার চলার সাথী' লইয়া আমি আরোধনা হইব, কৃতার্থ হইব, আমার চলার সাথী দশের সাথী হইয়া উঠিবে — এইটুকুই যা' আমার!


প্রথম সংস্করণ % ফালুন, ১৩৪১। পুণমুদিণ % ১৯৮৮ খৃস্টাক তভ দোলপূণিমা, ফালুন, ১৩১৪ বলাক

১০০—গ্রীঅনুকুলাক।

সৎসঙ্গ পাণিলশিং হাউস্, শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র সৎসঙ্গ, হিমাইতপুর—পাবনা, বাংলাদেশ কর্তৃক পুনঃ প্রকাশিত।

মুদ্রণে ঃ প্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র মদ্রণালয়।

(c) সর্ব্যত্ব সংরক্ষিত।



তুচীপত্ৰ

বিষয়			পৃষ্ঠা
অকৃতভাতা	***	***	584
অধিগম্য	***		538
অন্দর–বীরত্ব	***	•••	99
অনাহৃত অনুধাবনে পাতিতা	***	•••	565
অনুতাপ	***	ė = •	545
অনুলোম বিবাহ ও আদশঁ শি	ক্ষার অভাবে জাতির	অধঃপাত	500
অনুলোমে পুণা ও প্রতিলোমে গ	শা প	•••	১০৬
অন্যায়কারীর অপদস্থকরণে	***	##s	99
অন্যের প্রতিষ্ঠায়ই আত্মপ্রতিষ্ঠা	•••	• • •	৬৭
অবলয়নে আশ্রয় ও আসন্তি	***		9 4
অবুঝে তাচ্ছিল্য	***		৫৬
অভিজ্তার পারস্পর্য্যে	* * *		89
অমৃত ও মরণ		***	ঽঀ
অহংকারের তাচ্ছিল্যে হোলী	র রাজা	• • •	92
অশান্তির শান্তি	***	***	১২৪
অসুস্তায় প্রকৃতির সঙ্কেত	•••	• • •	505
আঅমুখী স্বার্থে ব্যথ্তা	***	•••	595
আদৰ্শ, আদেশ ও দেশ	444	***	200
আদৰ্শচুাতিতে পাতিতা	***	•••,	500
আদর্শ-প্রতিষ্ঠায় উন্নতির অ	ভ নন্দন	***	90
আদৰ্শ-প্ৰতিষ্ঠায় সকাঁৱতি		***	60
আদুশ্প্রাণতায় বীঘ্য	•••	•••	৬৭
আদৰ্শপ্ৰাণতায় শান্তি	***	***	৬8
আদুশ্রাণতার সাক্ষ্য	•••	***	26

বিষয়		পুষ্ঠা
আদৰ্শ বা ইফ্টপূজায় প্ৰতিষ্ঠান · · ·	•••	26,6
আদশ বা ভক ও আদশানুর জি · · ·		25
আদর্শ-বিদ্যুতিতে বংশানুক্রমিকতার অপ্যাত		250
আদর্শ-বিসর্জনে গোলামী •••	• •	১২৫
আদর্শ-বিহীনভার রাজার পতন ও মৃত্যু		১৫৬
আদর্শ রূপে বছ, বাস্তবে এক ···		48
আদর্শ—শয়তানের কুহকে ···	* * *	60
আদর্শহীনের বরণে হীনছে পর্যাবসান	***	509
আদশানুগ শিক্ষায় চরিজানুরঞ্জন · · ·	•••	69
আদশানুসরণে সাথ্কতা		596
জাদশাবহেলায় কাপুরুষতা ···		৩৯
আদুশের অভ্ধানে ···	***	202
আদর্শের প্রতুলতায় ব্যবসায় ···		১৩৬
আধ্যাত্মিকতা •••	* * *	80
আর্যাব্রান্ধণ •••		১১৯
আলস্যে দারিদ্র্য		২০
আছা ও বিশ্বাসের স্থল ···		50
আহাম্মকী সেবা	n	ঽ৬
আহার্য্যে ভাব-সঞ্চারণ	***	১২৭
আহারে উত্তেজনা ও অবসাদহীন কম্মতিৎপর্তা	641	३ २४
ইচ্ছা—অধিকারের আন্দার ···	4 4 3	১৪৬
ইচ্ছায় উদ্বোধনে •••	* * *	\$ 5 G
ইচ্ছা-বিলাসী •••	•••	59
ইচ্ছাশত্তির জাগরণে •••	***	
ইপ্ট-অনভিপ্তেত কম্মের্ম ···		\$8
·	•••	65
ইল্টনিল্ঠায় পারিপারিককে সহজোচ্ছিত যাজন		60
ইচ্টপ্রাণতায় নির্ভরতার অভী-বাদন		98
ইণ্টানুগ সক্ষিথিতায়ই সিদ্ধি · · ·	***	6/9

বিষয়			পৃষ্ঠা
উকীল	£ 6 \$		১৩৯
উৎসব	4 0.0	4-4	866
উভাত্তকারি ণী শ্রীর সংস্রব -ত	য়াগে কল্যাণ	••	১০৯
উঙাবনে	***		৮ ৮
উ লতির পথ	m m-b	# # N	১৫৩
উপচয়ে বজুকগাট	4.9	ar ar 6	230
উপভোগের নিত্য নবীনতায়	e e 9	4 * *	508
রাণায়হতে	* A *	***	589
খাণদানে	400	9 0.3	586
ঋষি	q = +		86
একতায় আদৰ্শ ও বিবাহ-বন্ধ	ন •••	* * *	558
একানুপ্রাণতায় একতা	wi e	4 ***	১১ ৩
কথা দেওয়া	* 4 9	***	580
কথোপকথনে সফলতা	海中等	4+1	589
কপটতা	1 01	4 6 1	86
কখমপটুতায় অনুপ্রাণতা	(a) 44 (b)	#4 [#]	১৯
কম্মপ্রেরণার অনুপূরণে আ	ধ্যাশ্বিকতা		89
কম্মফল ও অদৃহট	\$ 16 B	4 + 6	83
ক"মঁফল-ত্যাগ	** **	***	559
কম্মী ও সমিতির সহজ্ঞ ও	কর্ত্তব্য	44*	540
কাজ পণ্ডকরণে দীর্ঘসূত্রতা	* * *	* * *	. २२
কাপুরুষতা নারীবরণে	to 10 TO	4 = 4	95
কাম-কুহকে		* = *	64
কামদমনে প্রেম	€ 10.00	a 4.9	ভঽ
কামদুল্টির পূতিগন্ধ	**		১৫২
কামলিপ্সার ডাইনী-ডাক	••>		93
কামলোলুপতায় মাতৃচিভা	***	***	40
কামিনীপরায়ণতায় বংশহানি		***	৮২

বিষয়			পৃষ্ঠা
কামের দাহিদা		***	60
কু-অভ্যাস নিয়ন্ত:ণ	***	••	৯৪
কুৎসা-কুয়াসায়	***	•••	363
কৃতকাৰ্য্যতায় ক্ৰমাগতি			৯
কৃতকাষ্যতার ধা রা	4 > 4	• • •	১২২
কৃতার্থতার রাজহক্ষণ	910		১৫
কুপণ্তা	• • • •		১৩৩
কুপা	• • •		95
ক্রোধে দুদ্দশা	•••	•••	২৩
খাইয়া বাঁচা ও খাওয়াইয়া ব	i i i i i i i i i i i i i i i i i i i		১৩৩
খাঁটি চাওয়ার কপ্টিপাথর	0 W N		১৬
ক্ষবিয়ত্ত্ব	6 + 4		১১৮
ক্ষমা	•••	***	১৬৯
জুধাই আহা য়ের পরিমাপ	***	• • •	১২৮
ঘূণার অপঘাতে	***	• • •	98
চরিত্র-নির্ণয়ে	***		58
চলার সাথী		• • •	\$
চিকিৎসক		•••	860
চিন্তা-বিলাসী	***		গ্ৰ
চির্রুগ যশ	•••	•••	৭৬
চৌর্য্যের পরিণতি			২৩
জপাৎ সিদ্ধিঃ		• • •	৫৩
জপে বোধ ও ভানের উদ্দীপ	না ও হিতপরায়ণতা	***	৬১
জপের তাৎপর্য্য	***	***	89
জয়ে প্রয়োজন-পূরণ	***	***	6
জাতির বাঁধনে ঋষি ও নী	<u>s</u>	•••	थणड
জাহান্নমের পথ	***	***	96 9
জীবনের Elixir	***	•••	১২৩

বিষয়			পৃষ্ঠা
জীবনের সাধ্য	•	4*1	১২৩
জানা র্জনে ভব্তি	••	***	४ १
তেজ ও ক্রোধ	••	•••	595
দক্ষিণা (Honorarium) •	• •	•••	১২৬
দয়া	••	***	১৬১
দয়ার অপলাপ	••	***	586
দরিদ্রতার দারিদ্র্য	• •	***	90
দরিবতার বন্ধু	•••	•••	২১
দায়িত্ববোধ -	••	•••	১৭৩
দীনতার ভানে ইত্টাপঘাত •	••	•••	99
দুঃখের চিত্তায়	• • •	***	66
দুকলৈতার অবসান	• • •		৬৩
দূষণীয় কামকোধ •	4.0	***	d P
দেশ •	••	***	509
দৈব ও পুরুষকার •	• •	***	8 ২
দোষ-দশ্নে		***	59
দোষ দিয়ে দোষ পরিষ্কার	••	• • •	90
দোষদ্টিট উন্নতির অন্তরায় •		•••	59
দোষদ্হিসম্পন্না স্ত্রীর সংস্রব-ত		***	60¢
* _	••	•••	98
	» « «	•••	३ २२
	p + 3	• • •	86
দ্বিজের নিত্যকম্মের যাজনা		•••	520
ধন্ম ও অধন্ম •	••		85
ধ্মুম পারিপায়িকের সেরাশুনাত	ায়	,	85
ধ্যমে পারিপাধিক ও বেঁচে-থা	+	•••	७७
ধ্যেম্ স্থাস্থ্য	• •	•••	১২ ৬
ধারণারনুঞ্জিত দর্শন	•	•••	59

বিষয়			গুষ্ঠা
ধ্যান		***	CC
নরনারীর বৈশিত্ট্য	•••	• • •	৮৩
'না'-এর কুটুস্থিতায়	4.14	•••	১৯
নারী—জননে	***	4**	55
নারীমুখীনতায় শয়তানের অ	াক্রম ণ	•••	508
নারীর একগামিনীছ ও পুরু	ষের বহগামিত ধাতুগত	•••	299
নারীর বিবাহে বরণাধিকার		***	22
নিত্যকশেম পারিপাথিক	***	100	৬০
নিব্ৰা	9.67	•••	১৩২
নিয়ম—অবস্থাভেদে	क् क चे	•••	366
নীচের আশ্রয়ে সংফুত নীচতা	* * *		১২১
নাঁতি কাহাকেও বাধ্য করে		444	১৬৬
পরবভীতে পূর্ববভী	a v-4		85
প্রলোক-নিয়ন্ত্রণে ইহকাল	4: = 0	4 42	৬৩
পরশ্রীকাতরতা	di di sp	•••	১১
পাওয়ার	电压		ত ৭
পাওয়ার পথ	4.4		১২১
পাপের বঞ্না	***	***	১২৬
পারায় "না'	205	***	১৮
পারার 'হাঁ'	444	•••	24
গারিপাখিকে অন্তিত্ব ও ক্ষয়	4 th th	***	559
পারিপাধিকের, প্রতুলতায় আ	অপ্রতু লতা	• • •	৫ න
পারিপাশ্বিকের ত্বার্থকেন্দ্র	p = 0		558
পারিবারিক শিক্ষায় নিত্য গু	ং য়োজনীয়	• • •	৮৯
পিতামাতার সেবায় স্ত্রী	4 4 4		555
পুৰ্বতনে অশ্ৰদা ও অকৃত্ত	তা	•••	89
প্রকৃত ও আহাম্মকী দীনতা		•••	৬৯
প্রকৃত টানের অভাব	***	•••	598

বিষয়			পৃষ্ঠা
প্রকৃত নেতা	•••	***	১৫৪
প্রকৃত ব'রছ—বাধার নিয়ন্ত্রণে	***	***	99
প্রকৃত স্থাট্ ও সাথাজা	4 6 5	• •	869
প্রকৃতির ধিক্ষার		•••	50
প্ৰস্থা অকৃতজ্ঞতা	p + 0	•••	১৪৯
প্রতি ষ্ঠানক েম আদশানুসরণ	***	•••	505
প্রতিষ্ঠান-গঠনে	***	• • •	১৫৮
প্রতিষ্ঠান-গঠনে সহগমনকারী	সমিতি	•••	১৫৯
প্রতিষ্ঠান-গঠনে সাফল্য	•••	***	১৬৩
প্রত্যাখ্যাত প্রেমে	***	•••	১০৩
প্রয়োজন–ফ্লিটেটর সংবর্জনায়	সফলতা	••	১৩৪
প্রয়োজনানুপূরণে			20
প্রাণহীন সমাজ	4 9 9	***	১১৭
প্রায়শ্চিতে চান্দ্রায়ণ ব্রত	***	•••	590
প্রিয়র মুখোষে অহং ষাজনে	***	• • •	৩৮
প্রেমে দক্ষতা ও নিপুণতা	4.1	* # *	১৫
প্রেমের চাহিদা	. 4		90
প্রেমের হিক্ততি	***	a 4 4	১০৬
প্রেমাম্পদ যাজনে	• • •	4 4 4	७३
ফলই কম্মের মোসাহেব	47.5	•••	580
ফলাশায় কম্মলাঞ্না	• • •		506
বংশানুক্রমিকতার বিকৃতিতে	গোলামী	***	538
বঞ্চায়	141	• • •	25
বড় নিদ্দক	***	***	584
বড়ছে ধুখ্মানুসরণ	***	***	৭ ঙ
বড়জে বা পদস্তায়	•••	***	588
বরণ-অভার্থনায়	4 4 4	•••	১০৪
ব রণাদ র্শ	***	4+4	500

বিষয়			পৃষ্ঠা
বহুরূপী কাম			৩৬
বহস্ত্রী গ্রহণের সাম্থ্য	***		১১২
বাধায় প্রতিষ্ঠা	60	••	586
বিক্ষত সমাজ-জীবন	• • •	***	১২০
বিদ্বেষভাবাপন্না স্ত্রী-পরিচর্য	াায় খিন্ন শিশুর উ	উদ্ভব	POP
ৰিভিন্নতার ঐক্য কে য়	1 **	a + *	228
বিবাহে		u. d 0	৯৭
ৰিবাহে বহন	•••	**=	৯৯
বিবাহে বয়স	n D 0	5 B F	১০১
বিবেক		•••	80
বীর	•••	w 0.0	હવ
বুঝাইবার পথ	6.0	• • •	৮१
বেকারে উপার্জনের পথ	. • •	4 . 1	588
বেকার সমস্যায়	•••	•••	১৪ ৩
বেদনায় বা শান্তিতে	• • •	•••	96
বেল্লিক প্রতারক	44	* * *	592
বৈজ্ঞানিক ও গবেষণা	4 * *		\$0
বৈশ্যস্থ	•••	• • •	555
বৈশিত্টাহীন শিক্ষায় নপুংস	কৈত্ব•••	***	চত
বোধহীন শিক্ষা	**1	***	৮৬
ব্যবসায়ে প্রয়োজন-পূরণে	নাভ ···		১৩৫
ব্যবসায়ে ব্যবহার	***	***	১৩৫
ব্যবসায়ে প্রিয়চরিত্র		***	১৩৬
ব্ৰহ্মচৰ্য্য		• • •	おさ
ব্রহ্মদর্শন—নিজের বোধে	ব্যুটিট ও সম্পিট	লইয়া •••	88
ব্রাহ্মণত্ব	= + +	***	559
ভগবান বাভবতায়	• • •	•••	89
ভগবানের আবিভাব	4 4 2		১০২

বিষয়		পৃষ্ঠা
ভাব—চরিত্রে ও চলনে : •••	***	80
ভালবাসার প্রকৃতি		७७
ভালবাসায় বিপরীত সংঘাতে উদ্দাম্	5T	৬৬
ভালবাসার সাধনা	4 # 9	23
ভালবাসায় কর্মপ্রবণতা •••	4 + 4	১২
ভালবাসা বিপরীত সংঘাতে •••	* * *	6.6
ভালবাসায় ভান •••	844	55
ভোগলিপ্সায় মূঢ়তা •••	•••	P 19
স্ত্রান্তি বা অনৈক্যে •••	• • •	১৬২
মতপ্রকাশে	***	\$89
মনগড়া ধারনায় সহজ্ঞানের বাধা	***	80
মন্দের নিয়ন্ত্রণে · · ·	***	৯৭
'মাছি-মানুষ' · · ·	9" 9	৬৯
মাদকতা		১৩২
মানসিক দুষ্টি হইতেই অসুস্তা · · ·		5 90
মানুষের উন্নতির নিয়ামকতায় ব্যবসা	3	১৩৬
মানুষের জীবনের সম্রাট · · ·	•••	92
মানের দুব্বিপাক · · ·		585
মৃত্যুর দূত · · ·		95
'মৌ–মানুষ' · · ·	***	90
যথাৰ্থ প্ৰেম •••	4**	8@
যশশ্বিতায় সেবা •••		50
যাজন—অহল্বরে ও প্রেমে · · ·	**	৩৮
যাজনে প্রিয়-উপভোগ •••	•••	90
যাজনে রৃদ্ধি ও অপলাপ · · ·		80
যাজনে-উল্লয়ন •••	•••	90
যাজনের অপ্রহৃতিতে জান ও বোধের	দীনতা …	80
যাজনে রিভসংশয়তা ও ভভির প্লাবন	•••	৬৫

বিষয়			পৃষ্ঠা
যেখানে ধলম সেখানেই অর্থ,	ক।ম ও মোক্ষ		৫ ৮
যোগ		***	88
যোগ ও সন্মান	***	***	88
রাজনীতি	493	•••	500
রাজ-পাদ	4 4 4		১৫৫
রাজ-মক্ষি (Drone)		4.00	550
রাজা		***	500
রাজার শ্রদ্ধাহীনতায় বিপৎপা	ত্ত ^•	***	১৫৬
রিপু-দমনে		•••	₹8
বোগে	***	•••	১২১
লক্ষীর আধির্ভাব	• • •	•••	১০১
লেভে	•••	•••	২২
শক্তিসম্পন্ন দুক্রিতা	4.04	***	৬৮
শয়তানী অহংএর নিয়ত্তগে		• • •	২৬
শয়তানের পিচ্ছিল বর্খ	• • •	***	১২১
শিক্ষক	4.4	***	৮৯
শিক্ষায় আদশানুরক্তি		***	৮৫
শিক্ষায় বৈশিষ্ট্য		•••	b 8
তুধু যৌন-সম্বন্ধে স্থামীন্ত্ৰী		•••	97
গুভদশী আর মন্দদশী	***	•••	১২
<u>ত্রুমার সার্থকতা</u>	• • •	•••	\$82
শোকে	***	•••	90
শ্রেষ্ঠের তাচ্ছিল্যে আত্মবন্দনা	•••	•••	95
ষড়যন্ত্ৰ নিয়ন্ত্ৰণে	***		585
সংঘাতে চেতনা ও ধৰ্ম	***	•••	२४
সংযমের কস্রৎ	•••		508
সংশয়ে	•••	•••	9
সঞ্য ও সেবা	•••	•••	२७

বিষয়			পৃষ্ঠা
সত্য ও মিখ্যা	***	-0-0	.83
সন্দিশ্ধ আসন্তি	***	•••	প্ত
সন্দেহে সঙ্কোচ	•••	***	৬৬
সন্ধ্যা ও প্রার্থনা	481	ubte €	৫ ৮
সফল বাঁচা	•••	A.45-70	હ ૧
সমাজ 🐪	***	-0.60	550
সমাজ-বিধানে চারিবর্ণ	•••	# * h	১১৭
সহজ সৌন্দর্যো নৃতাগীত	هري ن	40.00	৯৬
সহানুভূতি-উদেকে		48.40 W	વ છ
সহানুভূতির ফাঁদ	***	.g de ti	৫১
সাধনা ও সিদ্ধি	4	.000	88
সাধনায় চরিত্র ও যোগবিভূ	ত্তি •••	upp ups the	৬২
সাধু	• • •	444	৬১
সাত্তেই অসীমের বাস্তবতা	***	ab 46 ft	86
সাফলো গুরু ও গণ		•••	১৩৫
সাহসে মঙ্গল ও উন্নতি		441	৬৬
সাহিত্য	***	# **	20
সার্থক বধূতে		* 400	500
সার্থক সেবা	444	419	७०
সিদ্ধিলাভে	apa de de	.010	56
সিদ্ধির পথ		404	2.9
সুখ	***	441	₹0
সৃজন-প্রগতি	***		১
সেবা ও সম্পদ পারিপারিক	নিয়ন্ত্ৰণে	244	৬৮
সেবাবিহীনের দাবী		•••	২৭
সেবার হাতুড়ি পিটান	7 ***		\$83
সেবাহীন শুশুষায়	410	₩ # W	26
স্তুতি ও খোশামোন	***	a * *	১৩৮

	(३)		
বিষয়			পৃষ্ঠা
স্ত্রীর উদ্দীপনায় জনকত্ব	4.44	u, • •	১ ८९
গ্রীর ভাবই সভানের জনন	गै …	***	506
সায়ুদৌকলৈ ও কামে শ্ৰ	দ্ধাহীনতা	æ q 0	
স্মৃতির উজ্জ্বলতা	4.00	4 9	44
খাধীন ব্যবসায়	***	• • •	১৩৭
স্বাধীনতার বিকৃতি	***		508
খাভাবিক-খাধ'নতা	***	440	568
স্বামী-স্তীর কর্ত্তব্য	4 0, 0.	***	১০২
স্বাৰ্থ	6 9.4	**	20
স্বাস্থ্যভঙ্গে অস্বচ্ছন আহাৰ্যা	***	405	১২৭
খাস্থালাভে পরিশ্রম	***	4.4	803
স্বাস্থ্যে মন ও পারিপাধিক	*51		১২৯
হাতে-কলমে শিক্ষা	***	***	6 9

ক্ষুৰ-সম্বেগে

অব্যক্তের বুকে

দ্রুত ব্যঞ্জনায়
বিঘূণিত সতার
উচ্ছেগ্ট-বিচ্ছরণ-স

উচ্ছৃ৽ট-বিচ্ছুরণ–সংবিদ্ধ সংঘাতকম্পিত

> ছন্দে ভাসমান শক্তি-শরীরী প্রতিধ্বনিই

আদিবাক্—

স্পিটর প্রথম প্রগতি!

3

কম্পিত-কল, স্জন-উৎস সেই স্ফুটবাক্
বিজ্ঞিত-সম্বেগে, আত্ম-বিচ্ছুরণে,
সহসম্পদে, ভাসবিস্ফোরণে, বহুধা-প্রকটে
পর্যাবসিত হইয়াও তাহাই থাকিলেন—
অব্যক্তেরই বুকে!—

কিন্ত সে স্পন্দনে ব্যক্ত-বিমুখ সাড়া দিল না! 6

স্পদ্নপুত, বিপ্লব**-বহিং, শক্তি-সমুদ্ৰ.**ঘোষ-কল, জাতবাক্
প্রকট-প্রাচুর্য্য হইয়াও তদবস্থ !—
তিনিই ঈশ্বর, আদিবাক্—
প্রমদৈবত !

8

অব্যক্তে

বিরাগ–সম্বেগজ– বীচিস্পন্দিতসভা সংক্ষুধিত-আবেগ–কম্পনে সিসূকু হইয়া

উদ্বুদ্ধ-সূজন-স্রোতে

বিক্ষুধ-সংঘাতে ব্যাবর্ত্-র্ভাভাসে চেতনোদীপ্রতায় অসম-বহল-প্রকটপরায়ণ

হইলেন-

আর

তিনিই

প্রোদিতবাক্ !—

æ

বিচ্ছরিত সন্তার

বিশ্লিষ্ট-বিভেদান্তরালে

বিক্ষুধ-ব্যপ্টিতে

বিভিন্ন-বোধ উপ্ত করিয়া-

অনুসূত-আকর্ষণ-উপেক্ষায়

সমত্ব হরণ করিল যে-

সেই অব্যক্ত!

Ċυ

অব্যক্তের বুকে

বিস্তট-বাক্-বিচ্ছুরণ-

নানা সংঘাতে

ক্রিয়াপারম্পর্য্যে

প্রকটিত অসমে

বিভিন্ন ব্যুগ্টিতে

স্ফোটপ্রাণে অনুপ্রাণিত হইয়া—

সূক্ষ ও স্থলে

বিবর্তিত হইল!--

আর, প্রমদৈবত

জীবন ও জীবে

নিজেকে ইত্যাকারে উৎস্থ্ট করিয়া--

জীবন্ত রক্তমাংসে

পর্য্যবসিত করিলেন !

9

এমনি করিয়া

জীবন্ত রক্তমাংস

সংক্রৰ-সম্বেগে

যোজন-আকুলো

জীবন্ত শরীর-পরিগ্রহে

জীবজন্ততে পর্য্যবসিত হইয়া

ক্রমাধিগমনে

নরাকৃতিতে উন্নীত হইয়া

ক্রমোদ্বোধনে

আশয়-আসক্ত-ভান-কঃম-ধী সমণ্যিত

হইয়া উঠিল !—

আর, বিরাম-বিভেদ-বিশেষ যাহা-কিছু

ব্যুপ্টি-পারিপারিক হইয়া

তৎসংঘাত-পারস্পর্য্যে

ফেফাট-<u>চেতনায়</u> উদুদ্ধ হইল—

কিন্তু আদিবাক্

স্বসতায় স্থিত থাকিয়া

জনগণ-সমূহের

পরমজনয়িতারাপে

স্বমহিমায় প্রতিতিঠত রহিলেন।

তাই

যখনই

প্রমে–আকুষ্ট

বিমোহিত-বিশেষ

সম্বেদনে

जीवकंनूर-क्रि^०টे,

উত্ত্যক্ত,

বেদনাপিষ্ট,

আর্ত-আশ্রয়-উত্তার

প্ৰকট হইয়া

পরিশ্বিতিকে

সেবা, উদাম ও ভরসার বাজনে

সুস্থ ও উদ্দীপ্ত করিয়া

শ্রের পরিবেশনে মুক্ত করিয়া তোলেন,

তিনিই

র্ভ্তমাংস–সফুল

জীবপ্রভ

নরনারায়ণ

মানুষের আদশ --

মুঙির জ্যোতিমান্

উদার উন্নত বর্ত্ব !

Ъ

তাই

উদ্দীপ্ত-সহানুভূতি-উদ্বুদ্ধ-

মুগ্ধ-প্রণয়ে

<u>জাকুরোৎক্ষেপে</u>

জীবন-বর্জনে সঞালনস্বভাব-প্রিয়-পরমে

আলিন্সন-উদ্বেল যখনই যে-

উদ্রাসিত জানাধিগমে

প্রক্তোদয়রশ্রিজালে

জজানা অব্যক্তের

ক্রমনিরসন

তখনই তার!

9

আর, বিকীণ্প্রক্তা

মুক্তজীবন

ব্যপ্টি-পারিপারিক আদশের সার্থক পরিপূরণে

দীপ্রসম্বেগসঞ্চালনে

বিবৰ্জন-বিন্যাসে

আরো আরো-তর উন্নতি পরিব্যাপনে

ক্রম-সমৃতি-বিকশনে

সেবাতৎপরতায়

প্রিয়-পরমে

আত্ম-ইন্ধান-দেগোজ্জ্বল-

ঝকমকদীপ্তিতে

উজ্জ্বলতর করিয়া— আলিগন-আহতিতে

প্রাণতর হয়!

50

বিরাগোচ্ছিত-

বিপরীত সমসভায়

মিলন-প্রবণতায়

সনিবৰ্বন্ধ-আসন্তি-ক্ষুধিত-শোষণে

উপ্তি-আহ্বানে-

আকৃষ্টকরণে

ধৃতিশিহরণে

পরিমাপিত-বিশেষ-বিবর্দ্ধনে

আকৃত করতঃ

উৎস্ত করতঃ

পোষণে বর্জন করে যে—

নারী সে-ই ;

আর সম্বেগোদীপ্ত-

পূরণ-স্ভাব

উপ্তি-আনত

নারী-সম্বর্জন-হাল্ট

গৌরব-মুখর আহাতি-পর

পালনযুত যে—

সে-ই পুরুষ ;--

তাই, পুরুষে

আদশে অনুজূত-প্রণয়ে
শোষণক্ষুধ-কামিনী-আনতি
বর্জন-বিমুখতায়
পিরত করিয়া

--0---

বিধ্বন্তিতে

বিলীন করিয়া ফেলে!

छलात माथी

ভূমি জগতে প্লাবনের মত চলিয়া পড়—
সেবা, উদ্যম, জীবন ও র্জিকে লইয়া
ব্যাণ্টি ও সমণ্টিতে
তোমার আদশ্কে প্রতিষ্ঠা করিয়া —
জয়, যশ ও গৌরবের সহিত;—
আর নারী যদি চায়-ই তোমাকে
তবে ভুটুক সে তার মঙ্গলশশ্বনিনাদে
সব প্রায় মুখ্রিত করিয়া তোমার দিকে,—
কিন্তু সাবধান!—

চেওনা তুমি তা'!

কৃতকার্যাতায় ক্রমাণতি

তুমি জান বা না জান,

পার বা না পার –

তোমার চেণ্টার ক্রমাণতি অটুট,

তব্যাহত থাক্,

পিদ্ধির পথ খুঁজিয়া লও

কৃতার্থ হইবে,

কৃতকার্য্যতা আসিবে;

তার তোমার প্রতিষ্ঠা

তোমার আস্শ্রেক
প্রতিষ্ঠিত ক্রিবেই —

নিশ্চয় জানিও!

-যশস্বিতায় সেবা

তুমি মানুষের এমনতর নিতা-প্রয়োজনীয়

হইয়া দাঁড়াও--

যাহাতে তোমার সেবায়

তোমার পারিপাথিক

যথাসাধ্য প্রয়োজনকে পূরণ করিয়া

জীবন, যশ ও বৃদ্ধিকে

আলিসন করিতে পারে ঃ--

আর এমনি-করিয়াই তুমি

প্রত্যেকের অন্তরে ব্যাপ্ত হও

ও এগুলি তোমার

চরিত্র হইয়া দাঁড়াক্,--

দেখিবে

যশ তোমাকে ক্রমাগত
জয়গানে যশস্বী করিয়া তুলিবে—
সন্দেহ নাই 1

- প্রকৃতির ধিক্কার

প্রকৃতি তা'দেরই ধিক্কার করে যা'রা প্রত্যক্ষকে অবজা বা অগ্রাহ্য করিস্থা

পরোক্ষকে আলিখন করে;-

আর পরোক্ষ যা'র প্রতাক্ষকে

রঞ্জিত ও লাঞ্চিত করে—

সে-ই ফাঁকির অধিকারী হয়।

• ছঃখেৱ চিন্তায়

দুঃখের চিন্তায় বিব্রত থাকিও না—
দুঃখের ভাব কাহাকেও আনন্দিত করিতে
পারে নাই!-

বরং কিসে মানুষকে সুখী কহিতে পারিবে,
মানুষ কেমনতর ব্যবহার পাইলে সুখী হয়—
তা' কেমন করিয়া করিতে পারা যায় ইত্যাদি
ভিতা কর.

আর

কাজে লেগে যাও ;— নিজেও সুখী হইবে আর অন্যকেও করিতে পারিবে!

ভালবাসায় জ্ঞান

মানসিক স্থস্থতা এবং ভালবাসা হইতেই
ভান ও শুভদ্ণিতার আবিভাব হয় —
কিস্ত

দক্, অবিশাস ও বিতৃষণ হইতে অজ্ঞানতা

3

নিরাশাপ্রবণতারই স্থিট হইয়া থাকে :

পরশ্রীকাতরতা যদি নিজেকে বিশ্রী করিয়া বিপথে বিপন্নই হইতে চাও— তবে পরশ্রীকাতরতাকে কিছুতেই ত্যাগ করিও না !

• ভালবাসায় কর্মপ্রবণতা

ভালবাসা হইতে দুড়তা, আমোদশীলতা

O

কম্মপ্রবণতার অভ্যুখান হয়,

আর

ভাল-না-লাগা হইতে অবসমতা, অকংম্ণ্যতা, দুঃখ ও অশান্তিই আসিয়া থাকে!

• গুড়দশী আর মনদশী

শুভদর্শীই দেখতে পায় আপদ, বিপদ, ব্যাহাত ও দুঃখের ভিতর

একটা উগতি ও আনন্দের সুবর্ণ সুযোগ !—

কিন্তু মন্দেশী

সব ভালারে ভিতর—ই অবধে দেখে নেবে অপারকতা, অসভবতা একটা দুরদৃশেউর দুরগনেয়ে দুর্গোগে! • দোষদৃষ্টি উন্নতির অন্তরায়

যদি উন্নত হইতে চাও— দোষদৃশ্টিকে চিরদিনের মত বিদায় দাও, মানুষের গুণের যাহা-কিছু দেখ তাহাই ভাব,

তাহাই বল,

আর আলোচনা কর:

পার তো সাবধান থাকিও— কাহারও দোষ তোমাতে কোন প্রকার ক্ষতির স্থিট না করিতে পারে !

- (भाष मर्गात

দোষ দেখতে হ'লেই— তা' ভাবতে হবে,

চিন্তা করে' বের ক'রতে হবে,~

আর তার সাথে

একটা বির্ণ্ডির বা আক্রোশের বোধকে সজাগ রাখতে হবে ;—

আর এই ক'ংতে গেলেই

মিঙিকে ঠিক অমনতর ভাব-ই মজুত থাকবে,

দেখতে পাবে

কিছুদিন পরে

নেই নোষগুলির অভিনয় চুমি কেমনতর ভাবে কর্ছ;—

তাই সাবধান হও—

দোষ বেখা হ'তে, দোষ ভাবা হ'তে, বিরক্তি ও আক্রোশ হ'তে!

, দোষ বিজকরণে

আর যদি দেখেই ঘেলে থাক কারু দোষ,—
তোমার মাথায় তা' মজুত-ই থাকে—
তার কারণ ও অবস্থাকে অনুস্রান করে'—
কেমন বরে' তা' সম্ভব হ'য়েছে তার পক্ষে
হথায়থভাবে বুঝে'—

একটা সহানুভূতির ভাব নিয়ে
যা' তোমার মাথার ভিতর মজুত আছে—
তা'কে এমনতরভাবে রিক্ত কর
যা'তে

আবার অমনতর ঘটা-ই তোমার পক্ষে অস্বাভাষিক হয়!

কপটতা কপটতা পারিপাশ্বিককে দ্রান্ত করিয়া নিজের উন্নতির কবাট রুদ্ধ করিয়া দেয় 1

দেৱিত্র নির্ণয়ে তোমার চলা ও বলা-ই বলিয়া দেয়— তুমি কেমন মানুষ, কি চাও— আর কি-ই বা পেতে পার! · সিদ্ধি লাভে

করা, লেগে থাকা, দেখা

9

অনুধাবন করা-

এই কয়টীই

বোধ, বিজ্ঞান, দক্ষতা ও সিদ্ধিকে প্রতিষ্ঠা করে!

্কৃতার্থতার রোজলক্ষণ বিশ্বস্ততা, কৃতভাতা ও কম্সপটুতার সহিত যাহার

বিপদের ভিতর

শুভ ও সুযোগ-দশ্ন

ফুটিয়া ওঠে—

তুমি অতিনিশ্চয়তার সহিত

বলিয়া দিতে পার—

সে যেমনই হউক না কেন—

কৃতার্থতার মুকুটে

তাহার মন্তক সুশোভিত হইবেই হইবে !

প্রেমে দক্ষতা ও নিপুণতা একমাত্র ভালবাসা-ই আবিষ্কার করিতে পারে তার প্রিয় কেমন করিয়া জীবন, যশ, প্রীতি ও যুদ্ধিতে উন্নত হইয়া তাঁর পারিপাশ্বিক উচ্ছল হইতে পারে,— তাই প্রেম বা ভালবাসা-ই মানুষে সহজ জানের সমাবেশ করিয়া

দক্ষতা ও নিপুণতার সহিত তাঁহাকে বাস্তবতায় প্রতিথিঠত করে !

· চিন্তা বিলাসী

ষখনই দেখবে

তোমার যে কোন চিন্তা ও চলন
কঃর্মকে ডাকিয়া আনে না
বা তা'তে লাগিয়াও থাকে না—
ব্ঝিও

তা' তোমার চিন্তা বা কর্নারই বিলাসিতা!

্থাঁটি চ।ওয়ার ক**ষ্টিপাথর** তোমার কোন চাওয়ার জন্য বিপরীত প্ররবিভিলিকে তাচ্ছিন্য ক'রতে পাচ্ছনা— এই হচ্ছে জানার উপায়

যে তোমার চাওয়া খাঁটি নয়!

ইচ্ছা-বিলাসী

যা' চাচ্ছ—

তোমার চলন, চরিত্র, বাক্,
ব্যবহার ও ক্রমাগতি অর্থাৎ লেগে-থাকা
যেমন করে' বা যেমন হ'লে তাকে পেতে পারে
তার ধার দিয়ে যাচ্ছে না
বা যেতে কপ্ট হচ্ছে,—

নির্ঘাত বুঝ্বে— তোমার চাওয়া তো খাঁটি নয়-ই, বরং তা' চাওয়ার বিলাসিতা মাল !

ধারণানুরঞ্জিত দশ ন
তোমার চিন্তা ও চলন
তোমাকে ঘেমনতর প্রকৃত করিয়া তুলিয়াছে—
তুমি যেখানেই যাও না,
যাহাই দেখ না,—

তোমার প্রকৃতি

গারিপার্শ্বিককে তাহাই ভাবিবে, তাহাই দেখিবে !

· জয়ে প্রয়োজন পূরণ

জয়ই যদি করিতে চাও বাহ্যিক শক্তিচালনায় অভিভূত করিয়া নয়,— তাহার প্রয়োজনপূরণে
তুমি মুখর
ও বাস্তব
হইয়া দাঁড়াও!

· পারiয়ু 'ছঁা'

পারা আর না-পারার মধ্যে
ততটুকু তফাৎ
যতটুকু 'হাঁ' আর 'না'র ভিতর ;—
পারাতে যে 'না'কে ডেকে আনে না,
যার পারা সম্বন্ধে কোন প্রশ্ন নেই
অথচ করাকে অবলম্বন করে,—
করার আনন্দে কোন কিছুতে থেমে যায় না,
সে পারে!

- পাৱায়ু 'না'

আর পারার চিভাকে যে 'না'কে ডেকে এনে ক'ষে নিতে চায়—'না' যার এত বিশ্বস্ত !—
'না'কে বাদ দিয়ে যার কোন ভাব,
কোন চিভা,

কোন কম্ম-চালনাই হ'য়ে ওঠে না,
পারা বা করার সাজ-সরজাম
সে যতই করুক না কেন,
তার সবটাই 'না'টাকে আলিসন করে'
অবশ হ'য়ে ঘুমিয়ে গড়ে!

' সিদ্ধির পথ

পারি-না ভাবা

বা পারায় সন্দেহ
কার্য্যতঃ 'না-পারা'কেই স্থিট করে ;—
পারায় 'না' বা সন্দেহকে তাড়িয়ে দাও—
লেগে থাক,

চেম্টা কর সিদ্ধি সম্মুখেই তোমার।

না' এর কুটুদ্বিতায়

'না' যাহার সহধনির্মণী,

'হয়–না' যা'হার শ্যালক
সে যদি অভিনন্দিত হয়—

দুর্দশার সিংহাসন অটল থাকিবে
সন্দেহ নাই!

় কৰ্মপটুতায় **অমুপ্ৰা**ণতা

অনুপ্রাণতা যেখানে যত সহজ ও তর্তরে কমর্মপটুতা সেখানে তত স্বাভাবিক ও

উদ্দাম !

সূথ

যা'তে তোমার beingটাকে (স্তাকে)
সজীব, উন্নত ও আনন্দিত করিয়া
পারিপাশ্রিককে চারাইয়া,
স্বাইকে উৎফুল্ল করিয়া তোলে—
সুখ যদি বলিতে হয়—
তাহাকেই বলা যাইতে পারে!

১ তালস্যে দাৱিদ্র্য

আলস্য, পারি-না, হয়-না বা পারা-যায়-না এ সব চিন্তা ও চলন হইতে

সাবধান ও সতর্ক থাকিও,— কারণ ইহারা সহজেই

> বংশ-পরস্পরায় সংক্রামিত হয় এবং

পারিপাশ্বিক ইহানের দারা দুট্ট হইয়া ওঠে;— ফলে বংশ, সমাজ ও দেশ

> মূঢ়, মুহ্যমান ও অবসর হইয়া বিশাল দরিদ্রতায়

> > নিঃশেষ হইয়া যায় ৷

. প্রায়াজনারপুরণে

আলস্যকে প্রশ্রম দিও না,

সেবা–তৎপর হও,

সংবর্জনার মানুহকে অভিনন্দিত কর,—

সাধ্যমত, যেমন করিয়া পার অন্যের প্রয়োজনের অনুপূরক হও,— নিজে তুল্ট ও তুপ্ত থাকিয়া পরকে তুল্ট ও তুপ্ত কর;—

দেখিবে

না চাহিলেও অর্থ, ঐশ্বর্য তোমাতে অবাধ হইয়া থাকিবে,

দরিদ্রতা—

দূরে দাঁড়াইয়া তোমাকে অভিবাদন করিবে !

ে বঞ্চনায়

যদি বঞ্চনার প্রেম

তাইট রাখিতে চাও,

তবে যাহা হইতে পাইয়া

পুষ্ট হইতেছ,

তাহাকে পুষ্ট করার ধানায়

কেন ক্ষ্ট পাইবে ?

দরিদ্রতার বরু
 আলস্য, অবিশ্বাস, আআজরিতা
 ও
 অকৃতজ্তার মতন বরু বা মিত্র থাকিলে

দরিদ্রতাকে আর খুঁজিতে হইবে না ;—

এমনকি ইহাদের ষে-কোন একটীও

দরিদ্রতার এমন বরু

ইহাদের কাহাকেও ছাড়িয়া ষেন সে

থাকিতেই পারে না,

এমন ধন যদি তোমার অন্তরে

বসবাস করে,

দুঃখের অভাবের বালাইকে

আর সহ্য করিতে হইবে না !

দীর্ঘসূত্রতা আলস্যেরই সম্বন্ধী—
কাজ পণ্ড করার গুরুঠাকুর !—
যাহা করণীয়
তৎক্ষণাৎ করিয়া
দীর্ঘসূত্রতাকে বিদায় করিও ;—
দক্ষতা ও কার্যানিদ্ধি
তোমার অনুচর হইবে!

. (লাভে

যথোপযুক্ত প্রয়োজনকে
অতিক্রম করিয়া
অতিরিক্তে উদ্গ্রীব আকাঙ্ক্ষাকেই
লোভ বলা যাইতে পারে;—

তুমি ঐ অতিক্রমণ হইতে

সাবধান থাকিও

কারণ উহা তোমাকে অবসন্নতায় চালাইয়া মৃত্যুতে নিঃশেষ করিতে পারে !

• ক্রোধে তুর্দ্ধশা

ক্রোধ যাহাকে ক্ষিপ্ত করিয়া স্বার্থান্ধতার অবশতায় অন্যকে ব্যাহত করায়,

দুৰ্দ্দশা

দিগ্রিজয়ী হইয়া অটুহাস্যে তাহার অনুসরণ করে ৷

- স্বার্থ

যাহা হইতে পাওয়া ঘটিতেছে— তাহাকে পূরণ করিয়া, উচ্ছল করিয়া, পাওয়াকে অবাধ করাই

শ্বার্থের তাৎপর্য্য ;—
পাওয়ার উৎসকে পূরণ না করিয়া
গ্রহণ যেখানে মুখর হইয়াছে,
শ্বার্থ সেখানে ভ্রান্তির কবলে পঞ্য়া
শ্বান ও মুহামান নিশ্চয়!

• (চার্য্যের পরিণতি

চুরি করিও না ;—
চাহিদায় ঘৃষ্ট বুদ্ধির্তি

কাহাকেও উদ্ভ না করিয়া,

অন্যায্যভাবে.

অজাতসারে পরিপূরিত হইতে চায়— তাহাই চৌর্য্য;

চৌহোঁ

বুদ্ধির্ত্তি দিন দিন অন্যের ক্ষতি করিয়া

অপকর্ষের দিকে উধাও হয় বলিয়া অর্থাৎ করার ভিতর দিয়া

যেমন করিয়া চাহিদাকে পূরণ করিলে বোধ ও জানের উল্লেষে তাহা পাওয়া যায়— তাহাই চৌর্য্যে আহত ও অবসন্ন হইয়া

> অধংশকৈ আলিসন করে বলিয়া এত ঘুণ্য, এত পাপ, এত হীনতা—

তাই বলি

এই চৌর্য্দ্ধিকে প্রশ্র দিয়া তোমার ও তোমার পারিপাশ্রিকের সক্রাশ করিও না সাবধান হও!

- ৱিপুদমনে

কামক্রোধাদি রিপুগণকে

দমন করিবার প্রয়াসে

বিব্রত হইয়া উঠিও না ;— ঐ বিব্রত ভাব উহাদিগকে প্রতিষ্ঠাই করে. বরং উদ্দীপ্ত রিপুকে

এমন কোনও চিত্তাকর্ষক

বিষয় বা ভাবে

নিয়োজিত হইয়া

নিরস্ত কর

যেন উহার প্রশই
তোমাতে কমই মাথা ভোলা দেৱ;—
দেখিও
রিপুকে আয়ন্ত করা কত সহজ!

সঞ্চয় ও সেবা।
সঞ্চয় করিও,
কিন্তু সেবার জন্য।
তোমার সঞ্চয় যদি
সেবাকেই পূজা না করিল,
নিশ্চয় জানিও—
উহা
যাহা বর্জনকে ক্ষুণ্ণ করে

- (সবাহীন গুশ্রমায়

সেবা মনে তাহাই— যাহা মানুষকে সুস্থ, স্বস্থ, উন্নত ও আনকিতে করিয়া তোলে .

তাহারই জন্য !

আর, তাহা হয় না অথচ শুদুষা আছে, সে সেবা অপলাপকেই আবাহন করে!

•আছাম্মকী (সবা

সেবা যেখানে স্বাস্থ্য, আনন্দ ও উষ্ণতি আনিতে পারে না, অথচ পরিশ্রম, উৎকণ্ঠা ও আকুলতা সমস্তই ব্যর্থতায় নিঃশেষ হইয়া যায়— নিশ্চয় জানিও

সে সেবা আহাম্মকী সেবা !

শয়তানী অহংএর নিয়য়ৢে তোমার অহয়ার যখনই

অন্যকে খাটো করিয়া বা অস্বীকার করিয়া

নিজেকে প্রতিষ্ঠা করিতে চায়া তখনই তাহাকে শয়তানী অহং বলিয়া চিনিও;—

তুমি অহংকে এমন ভাবে

নিয়োজিত করিও—

যাহাতে তোমাকে চালনা করিয়া তোমার পারিপাশ্বিকের

> জীবন, যশ ও রৃদ্ধিকে আমত্রণ করিতে পার !

- সেবাবিছীনের দাবী

মানুষের সেবা---যা'তে সে স্বস্তি, শান্তি, ও আনন্দ পায়,

অস্ততঃ এমনতর কিছু-না করে' নেবার বেলায় আপনার বলে' দাবী করে' নিতে যেও না ;—

তা'তে পাওয়া তো হয়ই না, বরং লাঞ্না ও তাঞ্জিয়ই তোমাকে

অপঘাতে ক্ষুদ্ধ করিয়া তুলিবে !

• অমৃত ও মৱণ

তুমি যতই বহুতে অনুরক্ত হইবে—
তা' প্রত্যেকে প্রত্যেক রকমে

এক্ফে উপলক্ষ্য না করিয়া,

তখনই সেই প্রত্যেক অনুরক্তি আলাহিদাভাবে,

নানা রক্মে,

বিচ্ছিন্নর্ত্তির স্থিট সহকারে তোমাকে ছিন্নভিন্ন করিয়া

মূঢ়ত্ব ও মরণের পথ পরিফার করিবে ;— আর, যখনই তুমি

একানুর্ভিকে অবলয়ন করতঃ বহুকে আলিসন করিবে— ঐ বহু ও বহু হইতে সূত্ট ইতিগুলি সেই একানুরন্তিতে নিরোধ লাভ করিয়া ক্রমানুয়ে বিন্যস্ত হইয়া বোধ ও জানের উদ্দীপনার সহিত অমৃতকে নিমন্ত্রণ করিবে।

তাদেশ প্রাণতার সাক্ষ্য

তুমি যতই আদশে স্বার্থপ্রাণ হইবে—
সেবায় দক্ষতা, কার্য্যে নিপুণতা,
কথায় ও ব্যবহারে মিল্টতা,
সহানুভূতি ও সংবর্জনা—
এ গুলি তোমার চরিএকে অনুলিপ্ত করিয়া
তোমার পারিপাশ্বিকে প্রতিফলিত হইবেই—
তুমি আদশে যে স্বার্থপ্রাণ হইয়াছ,
তাঁহার প্রতিষ্ঠাই যে তোমার প্রম স্বার্থ—
এই আকুতিই

তোমাকে বাধ্য করাইয়া, অথচ অজ্ঞাতসারে এমনতর করিয়া তুলিবে !— আর ইহাই

তোমার আদশ্পাণতার সাক্ষ্য !

্সংঘাতে চেতনতা ও ধর্ম তুমি চেতন তখনই যখনই তোমার পারিপাশ্বিক তোমাতে সংঘাতের স্থিট করে; তার এই চেতনতাই
তুমি যে জীবনে আছ
তাহারই অল্লান্ত সাক্ষা !
তাহা হইলেই তোমার পারিপাশ্বিক
তোমাতে যেমনতর সংঘাতের
স্পিট করিবে,

তোমার ভাব, বোধ ও র্তির তেমনতরই সমাবেশ হইবে ঃ

এই যদি হয়—

তবে তাহা করাই ধর্ম

যাহাতে তুমি তোমার পারিপাশ্বিক লইয়া
জীবন, যশ ও র্দ্ধির ক্রমবর্দ্ধনে

বিশ্বিত হইতে পার— আর তুমি তাহাই বল, তাহাই আচরণ কর, তাহারই অনুষ্ঠান কর

যাহাতে তুমি ও তোমার পারিপা²র্বকে থেন এমনতরই হয়!—

নেখিবে

অম**সল, অশুভ ও ভয় হইতে**কতখানি তাণ পাও !

· আদেশ বা শুরু ও আদেশ বিরুৱজি খাঁহার সেবা, সাহচ্য্য

ও অনুরক্তির সহিত অনুসরণ মানুষকে জীবন, যশ ও র্দ্ধিতে

ক্রমোনত করিয়া তোলে—

য"হোর প্রতি ঐকান্তিক অনুরক্তি বা ভক্তি অটুট ভাবে নিবদ্ধ থাকায়,

পারিপার্শ্বিক ও জগৎ তাহাতে কোন প্রকার বিক্ষেপ স্থিট না করিতে পারায়,

ঐ বিক্ষিপ্ত সংঘাতগুলি সম্বন্ধ ও বিন্যস্ত হইয়া, সার্থকতা লাভ করিয়া.

ভাবে, ভানে ও বোধে সমৃদ্ধ হইয়া উঠিয়া অমৃতকে আলিসন করে

তিনিই আদশ্র, ইন্ট বা গুরু তাই ইন্ট, আদশ্র বা গুরুতে প্রকান্তিক অনুরক্তি

মানুষের জীবনের পক্ষে এত প্রয়োজনীয়; ধদর্মকে অটুট করিয়া জীবনকে বহন করিতে হুলেই

এই আদেশ, ইষ্ট বা ওফ়ই হচ্ছে প্রধান প্রয়োজনীয়! তুমি ভাঁহাতে তোমার অনুরঙি, ভঙি, ভালবাসাকে

ন্যস্ত করিয়া—

তাঁহাকেই প্রম স্থার্থ বিবেচনায় তাঁহারই অনুসরণ কর—কৃতার্থ হইবে !

(এমের চাহিদা

প্রেম বা ভালবাসা চায়
তার প্রেমাস্পদকে
নিজের যা-কিছু-সব নিঙ্ডাইয়া
জীবন, যশ ও ইদ্ধিতে প্রতিষ্ঠা করিতে,—

প্রেমাস্পদই তার পরম স্বার্থ,
সে চায় না তা'
যা নাকি তার প্রিয়কে স্বার্থমণ্ডিত না করে,—
সে তার জগৎ খুঁজিয়া যাহাই পায়—
জীবন, যশ ও র্দ্ধির অনুকূল—
তাহাই আনিয়া

তাহার প্রেমাস্পদ ক সাজাইয়া
নিজেকে সার্থক বিবেচনা করে,—
আর ইহাতেই তার পুষ্টি, তৃপ্তি ও মুক্তি;—
সে স্থাধীন হইতে চায়না তাঁহাকে বাদ দিয়া,
প্রিয়ের অধীনতাই.

প্রিয়ের সেবাই

তার ধন্ম, অর্থ, কাম, মোক্ক;— এমনই করিয়া

প্রেম তার প্রিয়কে
বোধে, জানে, কমের্ম, জীবনে ও ঐশ্বর্য্যে
প্রতুল করিয়া তুলিয়া
অজ্ঞাতসারে নিজেও প্রতুলে প্রতিষ্ঠিত হয়—
তাই প্রেম এত নিজাপ,

প্রেম এতই মহান্!

কামের চাহিদা

কাম চায় কাম্যকে তার চাহিদার মতন উপঢৌকন পেতে,

সে কাম্যকে সংর্দ্ধ করিবার বালাইকে বহন করিতে একদম নারাজ,— যদি তাতে তার ভোগের কো। প্রকার ব্যতিক্রম না ঘটে ;—

তাই কাম মানুষকে মূঢ় করিয়া তার জগৎ হইতে চুরি করিয়া,

তত্তুকু পর্যান্ত তার সীমায় আবদ্ধ রাখিতে চায় যত্তুকু ভোগলিপ্সা তাহাকে যেমনতর

উদ্দীপ্ত করিয়া রাখে;--

আর তার অবসানেই সবই অবসান। সেই জন্য তার রূদ্ধি নাই,

জীবন ও যশ সংকাচশীল.

তমসার অতল গহ•রে মরণ–প্রহেলিকায় তার ছিতি —

তা'-ই পাপ.

তাই সে দুর্বল, অবসর ও অজান, বুঝিয়া দেখ কি চাও?

• কাম দমনে (প্রম

প্রেমকে অবলম্বন না করিয়া
কামকে যে দমন করিতে যায়
সাধারণতঃ বিকট উত্থানে
কামই তাহাকে
বিধাস করিয়া থাকে!

(খ্রমাম্পদ যাজনে

স্বতঃ উৎসারিত প্রেমাম্পদের গুণগান আর

তাঁর যাজনে স্ভাবসিদ্ধতা

টান্বা ভালবাসার একটা চরিত্রগত লক্ষণ;— ইহাতে বোঝা যায় প্রেমাস্পদ লইয়া সে সুস্থ ও দীপ্ত আছে!

ভালবাসা বিপরীত সংঘাতে
ভাব, ভক্তি, ভালবাসা
যদি তার বিপরীত সংঘাতে
উদামই না হইল,—
তবে তা' আদৌ ছিল কি না
সন্দেহযোগ্য বটে !

আদেশ শয়তাবের কুছকে
তুমি যদি এমনতর কিছুতে লুক হইয়া
তোমার আদশকৈ অতিক্রম কর,—
কিন্তু তা' তোমার আদশকৈ
লক্ষ্যও বরে না,
প্রতিষ্ঠাও করে না,—

শয়তানের কুহকে
তুমি মুগ ও লুক হইয়াছ,—
এখনও ফিরিলে
নিস্তারকে স্পশ করিতে পার!

বিবেক

পারিপাশ্বিকের সাড়া—

যাহা সমৃতি ও জানা হইয়া মস্তিক্ষে আছে— তাহার অনুধাবন করাই বিবেক,

> আর, ঐ প্রকারে অনুধাবন করিয়া যিনি কর্ত্ব্য স্থির করেন তিনি বিবেকী !

. যথার্থ প্রেম

প্রেম মানুষের অন্তরকে উচ্ছল করিয়া
পারিপাশ্বিকে উৎসারিত হইয়া
প্রিয়কে সেবা ও যাজনে
প্রতিষ্ঠা করে;—
আর এ লক্ষণ যেখানে নাই
তাহাকে সন্দেহ করিও
বুঝিতে চেণ্টা করিও।

যাজনের অপ্রবৃদ্ধিতে জ্ঞান ও বোধের দীনত।

যখনই দেখিবে
তোমার যাজন-প্রবৃত্তি দীন হইতেছে
বা থামিয়া গিয়াছে,
ঠিক বৃঝিও—

তোমার অন্তরের বোধ ও উপভোগ

দিন দিন স্থবির হইয়াছে ও হইতেছে।

শ্যাজনে উন্নয়ন

াজন

যাজিত যা'

তা'কে নবীন করিয়া নানারকমে উপভোগ করায় ;— তাই, জ্ঞান বা প্রেমের যাজন উন্নতির একটা সহজ সোপান !

যাজনে প্রিয়-উপভোগ
প্রেম বা জ্ঞান

যখন জীবনকে উৎফুল্ল করিয়া তোলে,
তথনই যাজন-প্রন্তি উদ্গ্রীব হইয়া ওঠে
নানান্ রকম নতুন মানুষের খোঁজে;—
সে বলিতে চায় নানান্ রকমে, নানান্ ধাঁচে
তা'র প্রিয় যা' তা'রই কথা,
আর ভোগ করিতে চায়
নানান্ রকমে

অমনি করিয়া:--

যথনই দেখিবে

এই খোঁজাখুঁজি লার এই পাওয়া–পাওয়ি থামিয়া ঘাইতেছে,

প্রিয়ের বোধ ও রৃদ্ধিও তোমার ভিতরে নিরেট হইতেছে !

বহুত্রপী কাম

না-পাওয়া যেখানে তোমাকে ক্ষুণ্ণ করে,
যার রৃদ্ধি তোমাকে অবসন্ন :করে,
অন্যের প্রতি আদরে তোমাকে টেদ্বিগ্ন করে,—
অথচ আসন্তি, অনুরন্তি
তোমাকে লেলিহান করিয়া তুলিয়াছে
বুঝিও সেখানে প্রেম নাই
আছে বহুরাপী কাম।

় অবলম্বনে আস্ত্র ও আস্জি ভাত্রয় বলিয়া অবলম্বন করার চাইতে আসক্ত বলিয়া অবলম্বন করা তের ভাল:—

প্রথম অবলম্বনে

চরিত্র রঞ্জিত না-ও হইতে পারে, কিন্তু দিতীয়ে তাহা হইতেই হইবে— ইহা কিন্তু পাত্র হিসাবে।

• সংশয়ে

সংশয়শীল]

নিয়ত

উন্নতিপ্রবণতাকে সন্দেহ করিয়া কম্মনিরস্ততায়

নিজেরই

'বিনাশকে ডাকিয়া আনে !

• পাওয়ায়

পাইতে—

করাকেই অনুসরণ করিও,— শুধু বিবেচনা—

পাওয়াকে

অনেক সময়

অবশ করিয়া তোলে !

- শোকে

শোক যদি

অনুশোচনাকে ডাকিয়া

অপলাপের পথ

সঙ্কীর্ণ করিয়া তোলে

তবে তাহাই সমীচীন,—

মতুবা তাহাকে

তাচ্ছিল্য করাই শ্রেয়ঃ।

সকিন্ধ আস্তি

নিজের কাহারও প্রতি ভাব, ভবি, ভালবাসা ইত্যাদিকে

অস্বীকার করা বা সন্দেহ করা বা বিশ্লেষণ করা— আর জীবনের Elixirকে আন্তাকুঁড়ে ছিটিয়ে দেওয়া একই কথা।

াজন অহসারে ও প্রেমে

যাজন যখন প্রেমাস্পদের নামে নিজের

অহসারের হয়,

আহত হইলেই তা' অবসন্ধ হইয়া পড়িবে;

তুমি কাহার যাজন করিতেছ,

এই লক্ষণেই তা' ধরিতে পারিবে;

যাজনটা প্রেমজ ও প্রেমাস্পদের হইলেই—

বাধায় বা অপঘাতে

তাহা এমনতর উদ্দাম, জয়মুখর

ও উভয়তঃ উপভোগ্য হইয়া ওঠে—

যে ভোগ করিয়াছে

কেবল তাহারই বোধগম্য তা'!

· প্রিয়র মুখোষে অহং যাজনে তোমার যাজনের জয়,গৌরব ও উপভোগের কথা বলিয়া তোমার প্রেমাস্পদের কাছে
তোমার আবশ্যকতা, বাহাদুরী
ও প্রাধান্যের প্রতিষ্ঠা
যখনই তোমাকে উদ্গ্রীব করিয়া তুলিয়াছে,
আর সেই প্রতিষ্ঠার বিন্দুমান্ত জ্বনীও
তোমাকে অসহনশীল করিয়া তুলিয়া,
প্রেমাস্পদে ও তাঁর পারিপার্শ্বিকে
বেদনা ও বিপরীত ভাবের
উদ্বোধন করিতেছে,

বুঝিও

এ-যাজন

তোমার প্রেমাস্পদে প্রেমের নয়কো, নিছক অহং-প্রেমের !

'আদ'শাবছেলায় কাপুক্ষতা
যে পুরুষ তা'র আদশকে
প্রতিষ্ঠা করিবার জন্য
গৌরবের অনসরণ না করিয়া,
স্থার্থ প্রতিষ্ঠার জন্য
কামিনী ও কাঞ্চনে অনুরক্ত হইয়া,
তাচ্ছীল্য ও বিফলতাকে আহরণ করে—

পুরুষ না বলিয়া কাপুরুষ বলাই ভাল !

মরিও না ও মারিও না!

বা

কোন মন-গড়া ধারণার

চশমা পরে'
যে জগতের ব্যুম্টি ও সম্ম্টিকে

দেখে ও বোধ করে,—
সহজ্ঞান তাহাকে

কিছুতেই বিরক্ত করে না !

ভাব—চরিত্তে ও চলবে যেমনতর ভাব যখন যেমন ভাবে তোমাতে অধিষ্ঠিত থাকিৰে, তোমার চিভা, চলন ও ভাষা
সাধারণতঃ তেমনতরই হইবে ;—
আর ইছা যতই উন্নত হইয়া
তোমাতে সমাহিত থাকিবে,
তোমার চিভা, চলন ও ভাষাও
তেমনতর উন্নত ধরণের হইবে!

সত্য ও মিথা

যাহার অন্তিত্ব ও বিকাশ আছে,
আর যাহা, থাকাটাকে

অন্ধুল রাখিয়া

উন্নয়নে পরিচালিত করে,—
এমনকি আর কোন থাকার

বিচ্ছেদ বা বিরতি আনে না
ভাহাই সত্য;—
আবার যাহাতে এই থাকাকে
কুল করিয়া তুলিয়া
অন্যের থাকার বিক্ষেপ
বা অপলাপ ঘটায়—
ভাহাই মিখ্যা!

সাধনা ও সিদ্ধি
 কোন-কিছুকে আয়য় করিবার জন্য
 তাহার কৌশল অবগতির

পুনঃপুনঃ একতান চে¤টা করাকেই সাধনা বলে :—

আর যথন

ইহা জানা ও করার ফলে চরিত্র অশিয়া ওঠে

তখনই সিদ্ধি

তাহাকে আলিপন করিয়া থাকে!

৴কৰ্মফল ও অদৃষ্ট

তোমার কংমপ্রচেষ্টায় সংক্ষুধিত পারিপাশ্বিকে তোমার কম্মফল নিঃস্ত হইয়া সংক্রমণে নানারূপে পরিবর্তিত হইয়া তোমার জানার পালার বাহিরে তোমার জন্য যাহা অপেক্ষা করিতেছে তাহাই তোমার অদৃষ্ট ।

াদব ও পুরুষকার

সহজবৈশিষ্ট্যসভূত সংস্কার— যাহা লইয়া মানুষ জনাগ্রহণ করে, আর যাহার ফলে পারিপাশ্বিক তাহাকে

যেমন করিয়া গ্রহণ করে— তাহাই দৈব ;—

আর পুরুষকার

ঐ বৈশিষ্ট্যনিহিত ক্ষমতা—

যাহা মানুষকে প্রকৃত করিয়া প্রকৃতি ও পারিপাখিকে চালনা করে!

• আধ্যাত্মিকতা

অস্তিত্বে গ্রথিত হইয়া

বা অভিত্বকে অধিকার করিয়া যে ভাব তদ্যারা অনুপাণিত ও নিয়ন্তিত হইয়া চিন্তা, চলন ও কমেম প্রতিফলিত হয় তাহাই বস্তুতঃ আধ্যাত্মিকতা !

. কর্মপ্রেরণার অনুপূরণে আধ্যাত্মিকতা

যেখানে

আধ্যাত্মিকতা

অর্থাৎ

beingকে (সতা বা জীবনকে) basis (ভিত্তি) করিয়া কিছু

নাই, অথ**চ ক**ম্মপ্রাণতা আছে,— তাহা যেমন কাহাকেও

প্রতিষ্ঠা বা সার্থক করে না,— তেমনি আধ্যাত্মিকতা আছে

অথচ কম্মপ্রেরণা নাই.—

তাহাও

কাহাকে ধন্য বা নন্দিত করে না!

্রফ্রদর্শন— নিজের বোধে বাষ্টিও সমষ্টি লইয়া

যদি ব্যণিট ও সম্পিটকে

নিজের দাঁড়ায় *

না-ই জানিতে পারিলে.

তবে তোমার ব্রহ্মদশ্ন

মন্তিক্ষবিকার ছাড়া

আর কিছুই নয়!

• (যাগ

কোন-কিছুতে

যুক্ত বা আসক্ত হওয়াকেই
তদ্বিষয়ক যোগ বলে ;—
তাই, বিষয়ানুক্ৰমেই
যোগেরও অবস্থা
ও ফলাফল

নির্ভর করে !

• (যাগ ও সন্নাস

যাঁহার সমস্ত সকল

কিছু বা কাহাতে ন্যন্ত হইয়াছে

অর্থাৎ সমস্ত সকল্প

^{*} নিজের বোধে ফেলিয়া

কংমকে নিয়ন্তিত করিয়া,
কিছু বা কাহারও
জীবন ও বর্জনকে
উচ্ছল করিয়া দিতেছে
তিনিই যোগী,
তিনিই সন্মাসী!

• প্রাধি

যিনি রভিভলিতে গমন করিয়া

অর্থাৎ, রভিভলিকে জানিয়া,
তাহাদের সমাবেশ ও সমাধান করিয়া,
একে সার্থক করিয়া ভুলিয়া

নিজ মনকে ত্রাণ করিয়াছেন
তিনিই ঋষি,—
তাই "ঋষয়ো মন্তদ্রুটারঃ" !

•সান্তেই অসীয়ের বান্তবত।
তুমি সাকারপরায়ণই হও
আর নিরাকারবাদীই হও
তোমার সৎ গুরু বা আচার্যে
একান্ত অনুরন্তি বা ভব্তি
সার্থক হইয়া
সেই সাকারত্ব বা নিরাকারত্ব
ভান ও দশনে

তোমাতে তোমার দাঁরায় *

যদি উদ্ভাসিত না হয়,
অর্থাৎ সান্ত যদি তোমার দশনে
বাস্তবভাবে
অসীম ও সীমাহারা হইয়াই
ফুটিয়া না উঠিল,
কল্পনার নির্থক মুখ ভেডচানি
তোমাকে কিছুতেই রেহাই দিবে না—
ঠিক জানিও!

·ভগবান বা**স্ত**বতায়

না-জানার কল্লনায় তুমি তোমার ভগবান্কে
মূর্ত করিতে চেম্টা করিও না,—
বার্থতায় চিরাবসম হইবার পথ
স্মিট করিও না!—

যেখানে তোমার সক্র

বা অধিকাংশ রুত্তি সার্থক হয়

সেখানে তোমার প্রয়োজন, ভালবাসা,

ভক্তি ও প্রেমকে নিয়োজিত কর

তোমার ভগবান সেখানেই তোমার বোধে

প্রকৃত হইয়া

প্রকট হইবেন,—

যেমন শ্রীকৃষ্ণে অর্জুনের ভগবান্ !— ভয় নাই,—

^{*} নিজের বোধে ফেলিয়া !

প্রান্তি তোমাকে বিপথগামী করিতে পারিবে না !

, অভিজ্ঞতার পারম্পর্যো

অভিজ্ঞতা, দেশন, বিজ্ঞান ও সত্য
পূর্ববৈতীকে
সাথিক করিয়াই
সমৃদ্ধিতে অধিষঠিত হয়,
কিন্ত নির্থতা বা অপলাপ আনিয়া
তাহাদিগকে নিবাইয়া দিয়া
সঞ্চিত্জানকে
অপদস্থ করে না!

্পূর্বেতানে অশ্রদ্ধা ও অকৃতজ্ঞতা

থিনি পূর্বেতন দ্রুণ্টা, প্রেরিত বা ইন্টাদিগকে

অস্বীকার বা তাচ্ছীল্য করিয়া

নিজের মত বা দেশনকে

প্রতিষ্ঠা করিতে চান,

কিন্তু অবনতমস্তকে তাঁহাদিগকে গ্রহণ করিয়া—

তজানতা, সময়ের ভিতর দিয়া,

তাঁহাদের উত্তিগুলির যে বিকৃতি ঘটাইয়াছে,

তাহা সশ্রদ্ধায় সংশোধনের উপর

তাহার সময়োচিত পরিপুরণ ও পরিপুণিট আনিয়া,

হজ, উন্নত ও প্রাঞ্জন করিতে প্রয়াসী না হইয়া,
তাহা আদরেই ব্যর্থ করিতে বদ্ধপরিকর,
তাঁহাকে সন্দেহ করিও;
কারণ ইহা ঠিকই

পূর্বতনের নিশ্চয়োক্তিকে অবলম্বন করিয়াই
পরবর্তী যাহা বলিতেখেন বা করিতেছেন
তাহার অভ্যুদয় ;—

তাই খিনি বা যাঁরা
পূর্বতনে অশ্রন্ধা ও অকৃতক্ততা হেতু
বিদ্যিন্ন হইয়া আত্মপ্রতিঠায় ধরবান্,
তাঁরা পরবর্তী অনুসর্ণকারীদের ভিতর
সেই অকৃতজ্তা ও বিচ্ছিন্নভাবকে চারাইয়া
জাতি ও কৃণিটকে
হিল্লভিয় করিয়া দিবেন

সন্দেহ নাই ;— তাই বলিতেছি— সাবধান হইতে দ্বিধা করিও না।

•পরবর্জীতে পূর্ব্ববন্ধী

যেখানে পরবর্তী
পূর্ববর্তীকে প্রতিষ্ঠা করিয়া
তাহার উৎকর্ষে অনুপ্রেরিত,
ঠিক বুঝিও

এ সেই প্রেরণা যাহা পূর্ববর্তীর সংঘটন ঘটাইয়াহিল।

• ধর্ম ও অধর্ম

ধর্ম মানে তাই যাহা নাকি
থাকা ও র্দ্ধি পাওয়াকে
জীবন, যশ ও উন্ধতি-প্রবণতার সহিত
একতানে বাঁধিয়া, ধরিয়া রাখিয়া
অমৃতকৈ আলিসন করায়;—
আর যাহা

এইগুলির অপলাপ ঘটাইয়া সঙ্কোচ, অবসন্ধতা

ও অধঃপতনের পথ লই।য়
মরণকে স্পর্শ করাইয়া দেয়—
তাহাকেই অধুমুর্ম বলা যায় !

• ধর্ষ ক্ষাক্র নোরাজ্ঞান

পারিপাষ্ঠিকের সেবাশুভতায়

ধর্ম আচরণ করিতেছ

অথচ

তোমার নিজের ও পারিপাথিকের জীবন ও রুদ্ধির সেবা তোমার স্বার্থ হইয়া ওঠে নাই.

বরং তাহাতে তাহাদের প্রতি

হীনবোধ, অবজা, ঘৃণা ইত্যাদি আসিয়া তোমাকে সঙ্কীণ্তর করিয়া তুলিতেছে,— নিশ্চয় বঝিও তুমি ধর্মকে মোটেই আমত্রণ কর নাই,—
পূজা করিয়াছ সঙ্কীর্ণতাকে,

অহংকে, অবজাকে,— আর, বিবর্তনে পাইতেছও তাই !

্ইষ্টনিষ্ঠায় পারিপায়িকে সহজোচ্ছ্রিত <mark>যাজন</mark> তোমার ইষ্টনিষ্ঠা আছে

অথচ তাহার আবেগ

তোমার ভিতরে বহিয়া,

তাঁহার যাজন ও প্রতিষ্ঠার আকৃতি ও উন্মাদনা

পারিপাশ্বিকে নিঃস্ত বা প্লাবিত হইয়া তোমার ইম্টে তাহাদের

পুষ্ট ও তুষ্ট করিয়া তুলিতেছে না,— বুঝিও তোমার ইষ্টনিষ্ঠা

> একটা ভড়ং মার,— আর কিছুই না!

ন্আদেশ-প্রতিষ্ঠায় সর্করেন্তি আদেশ তোমার পিতা, আদেশ তোমার পালক, আদেশ তোমার স্থান আদেশ তোমার চালক, আদেশ তোমার প্রিয়ত্ম ! ধীমান্! সর্বপ্রকারেই তুমি আদর্শের হইয়া থাক,-আর তোমার একমার প্রচেষ্টাই যেন থাকে তোমার জগতে ষেন তাঁহাকে সর্বপ্রকারে প্রতিষ্ঠা করিয়া

সার্থকতায় উদীপ্ত হইয়া

অমৃতকে আলিসন করিতে পার ;— তোমার ভালমন যত র্ডিই থাকুক না কেন সকল রুত্তিতেই

যেন তোমার আদুশ

সম্ক্রাপে অনুপ্রবিষ্ট হন; তুমি কখনই ভাঁহা হইতে নিজেকে ফিরাইয়া কামকাঞ্নে উন্মত হইয়া আত্মদান করিয়া,

অমৃত, উন্নতি ও জীবনকে অপঘাতে অবমাননা করিও না---জাগ্ৰত থাক!

· সহার্তুতির ফাঁদ

কাহারও সেবা ও সহানুভূতিপরবশ হইয়া আদর্শে প্রশন্ন ও প্রয়াসবিহীন হইও না;---আদশে প্রণয়ের উদ্বোধনে

> তাঁহার ইহ্ছাপরিপ্রণের চেল্টায় যে কল্ট ও বিপদ সৃষ্টি করে তাহারই উৎক্রমণে

মানুষকে উত্রোত্তর উন্নতিতে অধিরাঢ় করায় ;

আর

অ্যাচিত সেবা, সম্মন্ত্রী ও সহানুভূতি
মানুষকে বিমুগ ও বিলোল করিয়া
আদশ হইতে ছিট্কাইয়া দিয়া
সাফল্য হইতে সক্রোশে নিক্ষেপ করে;—
এমনতর অজতা হইতে
সক্রি সরিয়া থাকিও—
অবসন্তার লোলচক্র
ভোমাকে বিবশ করিয়া তুলিবে না !

ইষ্ট-অনভিপ্রেত কর্মো

 শ্রেণ্ঠ, ইণ্ট বা আদর্শের

 অনভিপ্রেত

হীনতাব্যঞ্জক কম্ম করিলে

ভাঁহাদের সংস্রবে আসিবার সাহসকে

 দুর্কেল করিয়া তে!লে—

কিন্তু যদি সহজ ও অকপট টান থাকে

তবে

মিলনবাধাজনিত এমনতর বেদনা ও অনুতাপ উদুদ্ধ হইয়া ওঠে যাহা

সমস্ত দুব্বলতাকে

মুহূর্ত্তে অগ্রাহ্য করিয়াও
বেদনাপ্লুত আকুল উদ্যমে

উদ্দামাকর্ষণে
ভাঁহাকে আলিসন না করিয়াই থাকিতে পারে না—

কিন্তু অকৃতজ্ঞতা ও কামলোলুপতায় সে বোধকে ক্রমে

> অপদেশ্ব ও খিল্ল করিয়া মূঢ়তমে লইয়া যায়

সাবধান হইও-

এমনতর ঘটিয়া থাকিলে এখনি ফিরিয়া দাঁড়াও— কভট হইলেও পথ পাইতে পার।

·ইষ্টান্থণ সর্ব্যস্থার্থ তায়ই সিদ্ধি ভূমি আখ পূজা কর,

লাখ জপ কর:

আর লাখ ধ্যান কর.

তুমি যদি তোমার ইণ্ট বা আদশে

এমনতর ভাবে আসম্ভ না হইতে পার থাহাতে তিনি সব্ধপ্রকারে

তোমার স্বার্থ হইয়া ওঠেন,

ততক্ষণ পর্যাত ওই পূজা, জপ, ধ্যান তোমার প্রয়োজনকে পূর্ণভাবে সিদ্ধ করিয়া,

> বাস্তবে চরিত্রকে | চালনা করিয়া, জীবন, যশ ও রুদ্ধিতে

নাস্তই করিতে পারিবে না!

জপাৎ সিদ্ধিঃ

তোমার জপ যাঁহা হইতে প্রয়োজিত হইয়াছে
তিনিই তোমার জপের প্রয়োজন ;—

আর, এই এয়োজনকৈ উপেক্ষা করিয়া যে মানসিক আর্ত্তি তোমাতে একটা উদ্দীপনার স্থিট করে,—

অথচ তাহা কোন প্রয়োজনকে কেন্দ্র করিয়া সংবদ্ধ হয় না,

তাহা বিকৃতিকেই ডাকিয়া আনে ;— কিন্তু ঐ মানসিক আর্তি বা আন্দোলন যদি যিনি তোমার প্রয়োজন ভাঁহাতেই সংবদ্ধ ও বিনাস্ত হয়.

তাহা হইলে তাহা প্রকৃতিকে উদ্দীপ্ত করিয়া সহজ বোধ, ভাব বা ভানে

> চরিত্রকে উচ্ছল করিয়া সংর্দ্ধ করিয়া তোলে ;—

তাই

জপাৎ সিদ্ধির্জপাৎ সিদ্ধির্জপাৎ সিদ্ধিন্ সংশয়ঃ!

- জপের তাৎপর্য্য

জপের তাৎপর্য্যই হচ্ছে— যাহা জপ করিতে হইবে তাহাকে

3

তাহার বিষয়ক যাহা–কিছু
মনে মনে আলোড়ন করিয়া
চিন্তা ও অনুধাবনের সহিত
বোধকে উদুদ্ধ করিয়া

উপলবিকে

উচ্ছন করিয়া তোলা:-

তাই,

এমনতর ভাবে যদি তোমার জপকে
নিয়ব্রিত না করিয়া থাক—
সে জপ তোমার কতদুর কি করিতে পারে?

ধ্যান

ধ্যান করা আর কিছুই নয়—
মানুষ যেমন করিয়া তাছার প্রিয়কে
চিন্তা করিয়া উদুদ্ধ ও উল্লসিত হয়,
অর্থাৎ,

যাঁহাকে ধ্যান করিতে হইবে তাঁহাকে যেমন দেখা যায়,

> তাঁহাতে যাহা যাহা আছে. যাহা যাহা লইয়া তিনি,—

ভাঁর চলা বলা, ভাব-ভঙ্গী সহকারে

ভাবা, চিন্তা ও মানসিক আলোচনা করিয়া বোধ, অর্থ ও উপায়ে উপনীত হইয়া,

ভাঁহাতে উদ্বুদ্ধ, উচ্ছল ও আপ্রাণ হইয়া ভাঁহাকে সার্থক করিতে

উনুখ ও উদ্দাম হওয়া;—

আবার কাহারও প্রতি

এরাপ ভাবা, চিন্তা ও করার ক্রমাগতি তাঁহাকে, যে চিন্তা করে, তাহার প্রির করিয়া তোলে ;— আর এমন করিয়াই

ধ্যেয় বা প্রিয় যখন তোমাতে কেবল হইয়া উঠিবেন,

তখন তুমিও তাঁহাতে কেবল হইয়া সমাহিত হইবে.

আর এই সমাহিত ভাব-ই
সমাধিকে আমন্ত্রণ করিবে ;—
আবার ইহাতেই মস্তিক্ষে সহজ বোধ
ও মনে সহজ ভাবের
অভ্যুত্থান হইবে !

• অবুঝে তাচ্ছিল্য তাচ্ছীল্যই বুঝের বোঝা অপসারণ করিয়া দেয়!

ধর্ষে পারিপায়িক ও বেঁচে ধাকা বৃদ্ধি পাও্যা তুমি ধান্মিক।

নিয়ত ভগবানের আরাধনা করিতেছ, পূজা, সন্ধ্যা, আফিক লইয়া বিব্রত ;— অথচ সেবা, অর্থ, ঐশ্বর্যা, জীবন, যশ, স্থান্ধি, তুলিট, পুলিট ইত্যাদি তোমাকে অভিনন্দিত করিতেছে না, আর তোমার পারিপাশ্বিক তোমাতে

উপসুক্ত প্রকারে এইগুলি পাইয়া

সমৃদ্ধ হইতেছে না,—
বুঝিও— তোমার ধন্ম- গ্রাড়ম্বরে
বেঁচে থাকা ও ইদ্ধি পাওয়াকে আমন্ত্রণ কর নাই;—

তাই, তুমি ও তোমার পারিপাশ্বিক
উভয়ই
ধন্ম হইতে বঞ্চিত হইতেছ!

সফল বাঁচা

তোমার বাঁচাকে

এমনতর সহজ ও অটুট করিয়া রাখিতে চেণ্টা করিও

যাহাতে প্রকৃতি ও পারিপান্বিক হইতে

তথু অন্তিত্বের উপকরণ লইয়াই
তোমার বাঁচাকে অবাধ করিতে পার;—

কিন্ত বাঁচার উৎকণ্ঠায়

বিধরস্ত হইয়া

যদি কেহ তোমার সাহায্যপ্রাথী হুহয়,

তবে তাহার প্রয়োজনেরও

যথাসাধ্য অধিক দান করিয়া

তাহাকে সুস্থ ও সবল করিয়া তুলিও,

যেন তাহার বাঁচা ও প্রয়োজনের

প্রেয় ও শ্রেয়ের উপকরণ

তুমিই হইয়া দাঁড়ায়,—

দেখিও তোমার বাঁচা

কতই-না সাফল্যে অধিকাড় হইয়া
গৌরবমুখরিত ব্যঞ্জনায়

দিগত উভাসিত করে।

সন্ধ্যা ও প্রার্থ না

সদ্যা ও প্রার্থনা হইতে

বিরত হইও না.

আর ইহা ভাবমধুর করিয়া,

বোধের সহিত

আকুল সম্বেগে যতই করিতে পার, ততই তোমার মনকে

উদ্দীপ্ত ও পবিত্র করিয়া.

সাজ্য ও চরিজকে উন্নত করিয়া তুলিবে ;— ফলে সেবা, ঐশ্বর্যা—

ব্যবহার ও কখনপিটুতায় অনুষিত হইয়া তোমাকে অভিনন্দিত করিবে

সন্দেহ নাই !

ংযোগানে **ধর্ম** সেখানেই **অর্থ, কাম ও** মোক্ষ

তুমি ধশ্মকৈ যখনই

বাস্তবিক ভাষে, সেবা লইয়া আলিখন করিবে

জীবন, অর্থ, কাম, মোক্চ

তোমাকে সেবা করিবেই করিবে;---

আর যখনই এদের সেবায় অনুরক্ত হইয়া

তুমি ইহাদের দিকে আনত হইবে,—
নিশ্চয় জানিও

ইহারা তোমায় এমনতর
আছাড় দিয়া পালায়ন করিবে,—
পুনরায় উত্থানশক্তিকে আমত্তণ করা তোমার পজে

নিতাভাই পরিশ্রমসাধ্য হইবে ; তুমি ইহাদের লইয়া

> তোমার পারিপাশ্বিকের সেবায় নিয়োজিত করিও—

শ্রেয়োলাভ করিবে!

· পারিপার্শ্বিকের প্রতুলতায় আত্মপ্রতুলতা

জীবনের প্রধান লক্ষণই হচ্ছে চেতনা আর এই চেতনা স্ফুরিত হয় পারিপাশ্বিক জীবনের সংঘাতে,—

আর তাহা হইতেই

র্ভিসংহত মনের উৎসরণ ;— আবার এই মনই অনুকূল ও প্রতিকূলকে বিবেচনা করিয়া

মানুষকে চালায় ;— তাই তুমি যদি তোমার উন্নতিকে মনকে, জীবনকে

সত্যসত্যই কামনা কর—

তাহা হইলে তোমার পারিপাণির্বককে
তোমার সেবায়
এমনতর করিয়া তোল
যাহাতে তাহারা সুস্থ ও সবল হইয়া
জীবন ও আনকে
প্রতুল হইয়া ওঠে !

নত্যকর্ষে পারিপাস্থিক
নিত্যকশ্রের মতন তোমার পারিপাশ্বিককে
ব্যঞ্টি ও সম্প্টি হিসাবে
চিন্তা, আলাপ ও আলোচনার সহিত
প্রত্যেক দিনই দেখিও,—
আর প্রত্যহই
তাহাদের প্রয়োজন পূরণ করিতে পার
এমনতর কিছু

যতটা পার করিওই ;—

দেখিও

লক্ষী অচলা হইয়া থাকিবেন !

· সাথ[ি]ক সেবা

নিশ্চয় জানিও---

মানুষের মনকে উপেক্ষা করিয়া তাহার শারীরিক প্রয়োজনের পরিষ্যার চাইতেও উপায়, আখস্তি, সাহায্য, সহানুভূতি ইত্যাদি দারা দুধ্বস্তি মনের সেবা-শুশুষায় চাহিবা পূরণ করায় বেশী উপকৃত হয়; তুমি সেবা করিতে গিয়া
প্রথমে তাহার মানসিক অবস্থা লক্ষ্য করিয়া
চাহিদাকে আবিষ্কার করিও
ও তাহারই ব্যবস্থা করিয়া
বিবর্দ্ধনে

তদনুরাপ—

যাহাতে সে সুস্থ ও সম্বর্জিত হইতে পারে— তোমার ভাব. বাক্য, ব্যবহার, অর্থ ও সামর্থ্যকে যতটুক সভব সেবায় ন্যস্ত করিও— দেখিও

> তোমার সেবা সাথ্কে উল্লসিত হইবে— সাফল্যমণ্ডিত হইবে !

> > 🔹 সাধু

থিনি সিদ্ধির কৌশলকে
চরিত্রগত করিয়া
তন্তাবে জীবনকে
নিয়ন্ত্রিত করিতেছেন
তাঁহাকেই প্রকৃতপ্রভাবে
সাধু বলা যায়!

জপে
 বাধ ও জ্ঞানের উদ্বীপনা ও ছিতপ্রায়ণতা
 তুমি জপ করিতেছ ও পূজা করিতেছ
 তথচ তোমার সহজ বোধ
 ও জ্ঞানের উদ্বীপনা

বা হিতপরায়ণতা উদ্দীপ্ত হইতেছে না,—

নিশ্চয় বুঝিও, যাঁহাকে জপ করিছেছ ভাঁহার চিন্তা লইয়া

তুমি কমই ব্যাপ্ত আছ,

আর যাঁহার পূজা করিতেছ

তিনি তোমার মোটেই ভার্থ হইয়া ওঠেন নাই । তাই তাঁহার হিত

ও তাঁহাকে লইয়া তোমার পারিপানিককৈ
পুণ্ট ও তুপ্ট করিয়া
তোমার, তোমার পারিপানিককের এবং তাহার
জীবন, যশ, পুণিট, তুপ্টি ও র্দ্ধি করিয়া
হিতে পর্যাবসিত করার ধালা বা প্রয়োজন
তোমাকে ব্যস্ত করিয়া তোলে নাই,—
তাহা হইলে

তোমার অমনতর জপ ও পূজা তোমার কী কড়িতে পারে ?

> • সাধনায় চরিত্র ও যোগবিভৃতি

সাধন-প্রক্রিয়ায়

ক্রমাগত চেট্টা ও অভিনিবেশে শব্দ, জ্যোতি, দৈববাণী ইত্যাদি যোগবিভূতি যাহা সংঘটিত হইয়া থাকে সেওলি তে'মার মন্তিষ্কের বৈধানিক পরিবর্ত্তনই নি:দুশি করে,—
ইহা তোমার প্রকৃত সত্তা ও চরিক্রকে

সপশ না-ও করিতে পারে:
কিন্ত আদর্শে ভব্তি বা ভালবাসার অকাটা টানে
বা তৎসহ যৌগিক প্রক্রিয়ায় যাহা সংঘটিত হয়
তাহা সতা ও চরিক্রকেই আকর্ষণ করিয়া
উন্তিতে নিয়ব্রিত করে
ইহা স্থির নিশ্চয়!

• সুর্বলৈতার অবসান
তোমার অনুরক্তি যখন সর্বতোভাবে
তোমার আদশতে সার্থক হইবার আকুতিকে
অবিরল ভাবে বহন করিয়া
কম্মপটুতায় প্যাবসিত হইবে,
দুর্বলিতার অবসান তোমার
তখন হইতেই

আরম্ভ হইবে !

পরকোকে বিয়ক্তবে ইহকাল তোমার ধশর্ম যে তোমাকে পরলোকে স্বর্গ আনিয়া দিবে তাহার সাক্ষ্যই এই— যে তুমি ইহলোকে তোমার পারিপান্বিকের সহিত জীবন, যশ ও র্ষিতে উন্নীত হইতেছ,— আর ইহা না হইলে বুঝিও এখানে যাহা হইতেছে—
পরলোকে
ইহাই তোমার সে জীবনকে
নিয়লিত করিবে !

ইপ্রাণতায় নির্ভৱতার অভী-বাদন তোমার যাহা-কিছু সবই যখন তোমার ইপ্ট, আদর্শ বা গুরুতে সার্থক হইবার উন্মাদনায় তাপ্লাণ হইরা উঠিবে, নির্ভরতা তখনই তোমাকে অভী-বাদন করিবে।

তাদেশ প্রাণতায় শান্তি
তোমার ঘাহা-কিছু আছে
সবই যখন দঁড়াইবে
তোমার আদর্শের উপরে,
শান্তি তখনই
নি-নড় হইয়া
তোমাকে
ধারণ করিয়া রাখিবে!

· আদেশ রৈপে বছ বাস্তবে এক অন্যের আদেশকৈ তাচ্ছীল্য করিয়া আপন আদেশকৈ প্রতিষ্ঠা করিতে যাইও না, বরং স্থীকার করিয়া, সম্মানের স্হিত নিজের আদর্শের মিল প্রতিপাদন করিও, দেখিবে

> সকলেই তোমার আপন হইয়া যাইতেছে!

ঠাজনে

রিক্ত সংশয়তা ও ভক্তির !প্লাবন
তোমার প্রেম, ভক্তি বা ভালবাসা
প্রেমাস্পদের ভাবে অতেল হইয়া
যদি যাজনে মুখর-ই না হইল,
বুঝিবে কোথায়, কোন্ কানায়
সংশয় মাথা ভঁজিয়া
চোরের মত উকি মারিতেছে;—
সাবধান হইও,—
অনুসন্ধান করিয়া রিক্তসংশয় হইও,—
তোমার ভক্তির প্লাবনে
পারিপাশ্বিক
প্লাবিত হইবেই হইবে!

ভালবাসার প্রকৃতি

প্রকৃত ভালবাসার

চরিরগত আর একটা লক্ষণই এই—

প্রিয়র দোষ

দুস্ট, দুঃখিত ও বিরক্ত করিয়া কখনই অনুরাগের

খাঁক্তি জনাইতে পারে না !

ভালবাসায় বিপরীত সংঘাতে উদ্ধতা ভাব, ভক্তি, ভালবাসা যদি তার বিপরীত সংঘাতে উদ্দামই না হইল, তবে তা' আদৌ ছিল কি না সম্ভেহযোগ্য বটে !

শসাহসে মঙ্গল ও উন্নতি যে সাহস

স্থির বোধকে লইয়া জীবন ও র্দ্ধির পরিপন্থীকে তাচ্ছীল্য, নিরোধ বা বিধ্বস্ত করিয়া নিজ, পারিপাশ্বিক বা জগতের মঙ্গলের সহিত উন্নতির প্রতিষ্ঠায়

> স্ভাবতঃই দক্ষ, তাহাকেই প্রকৃত সাহস কলা যায় !

- সন্দেহে সংস্কাচ

সন্দেহ যেখানে সহাস্য,

সকোচ সেখানে

স্বান্তাবিক !

' আদশ প্রাণতায় বীর্ষ্য

আদর্শে তোমার প্রাণ

যতই আপ্রাণ হইবে,

বীর্যা, সাহস ও বীরত্ব

৩৩ই তোমাকে অভিনন্দিত করিবে!

वीत

উন্নতিতে উদ্যম যাঁ'র স্থভাবসিদ্ধ যাঁহার সাহস, কৌশল ও দক্ষতাহ বিশ্খলা ও বিপথ

সুশৃৠল সুপথে পর্যাবসিত হয়,—
জীবন, যশ ও ইদ্ধি যাহাতে মান করে
তাহা খির ও নত্ট করিয়া,
সংবর্জনের প্রতিষ্ঠা করিয়া দেয়—
তিনিই বীর !

• অন্তেৱ প্রতিষ্ঠায়ই আত্মপ্রতিষ্ঠা

ত্মরণ রাখিও—

অন্যের জীবন, যশ ও র্দ্ধিকে প্রতিষ্ঠা করাই

তোমার জীবন, যশ, রুদ্ধি ও প্রতিষ্ঠালাভের

একমাল পথ:--

কিন্তু তাহা করিয়া,— শুধু ভাবিয়া, বলিয়া বা চাহিয়াই নয়কো ! ইহার ভুল হইলে তোমার সব চেল্টা, সব ইচ্ছা, সব কিল্ম ভুলেই অবসান হইয়া যাইবে!

সেবা ও সম্পদ পারিপার্ষিক নিযুদ্রণে

মানুষ যখনই ভাবে

তার পারিপার্শ্বিক তার উপযুক্ত নয়,— এটা ঠিকই

> তার সেবা ও সম্পদ এত বেশী নয় বা এত নিয়ন্ত্রিত নয়

ষা'তে নাকি

পারিপার্শ্বিকের জীবন ও র্দ্ধিকে
উচ্ছল করিয়া
তাহাকে অনুকূল করিয়া তুলিবে !

ন্শক্তিসম্পন্ন তুর্ব্রলতা

যে শক্তিমান্ দুর্বালকে
আরো দুর্বাল করিতে পারে,
শক্তির দুর্বালতা তার

আরো হইয়া

দুৰ্বলতাকে

সে শক্তিসাম্পন্ন করিয়া তোলে !

প্রকৃত ও আহাম্মকী দীনতা

আহাম্মকী দীনতা

মানুষকে হীন করিয়া তোলে ;— প্রকৃত দীনতা সেখানেই

মানুষের স্বভাব ও সম্মানকে অক্ষত রাখিয়া, সত্যকে প্রতিষ্ঠা করে যেখানে;

আর সত্য মানে তা-ই

যাহা মানুষের জীবন ও র্দ্ধিকে মঙ্গলে উচ্ছল করিয়া দেয় !

'মাছি-মানুষ'

সাবধান হইও

'মাছি–মানুষ' হইতে !

তুমি যত ভালই কিছু কর না কেন্,

যত ভালই কিছু বল না কেন,—

ভাহারা সবটুকু বাদ দিয়া

কু-এর এীর্দি করিবার জন্য যেটুকুর প্রয়োজন

ঠিক সেইটুকু লইয়া

অন্যকে দুষ্ট করিয়া তুলিবেই:--

ইহার ঔষধ—

যদি এমনতর ঘটিয়া থাকে,—
সাবধান হইয়া মোকাবিলা বা ভজিয়ে নেওয়া !

'মৌ-মানুব'

আর এক রকম মানুষ আছে—
তাঁরা 'মৌ-মানুষ' ;—
দুনিয়ায় এঁদের প্রাদুর্ভাব বড় বেশী নয়কো,—
এঁদের প্রকৃতি এমনতর—

যা' যতই কেন বিশ্রী হোক না, তঁ'ারা ঠিক বুঝতে পারেন এর ভিতর

কতটুকু বা কোনটুকু মধুর মত উপাদেয়,— আর তা' সংগ্রহ ক'রতে এঁরা অদিতীয় ;— তুমি হল্ খাইয়াও ইহাদের

অনুসন্ধান করিও,—

যদি পাও এঁদের হ'তে এমনতর পুষ্টি পাবে

যা'তে তোমার জীবন ও মনকে

মধুময় করিয়া তুলিবে;—

চাও তো খোঁজ রাখিও!

• দরিজ্ঞতার দারিজ্ঞা

তুমি দরিদ্র থাক ক্ষতি নাই
কিন্ত তোমার চরিত্রের সম্পদে
বঞ্চিত হইও না,—

সেবা, সহানুভূতি, প্রয়োজনানুপূরণ,

নৈপুণা, দক্ষতা, রক্ষণ ও সংবর্দ্ধন ইত্যাদি কিছুতেই **যেন তোমাকে** ত্যাগ না করে,— দেখিবে

> দরিদ্রতা কত দরিদ্র হইয়া কোথায় পলায়ন করিয়াছে!

কাপুক্ষতা নাৱীবরাে

কাপুরুষতা যখনই
পুরুষের বয়স্য হইয়া দাঁড়ায়
পুরুষ তখনই কেবল
নারীকে প্রার্থনা বা
বরণ করিতে পারে;
নতুবা নারীই পুরুষকে বরণ করিয়া থাকে,
আর ইহা নারীরই বৈশিষ্ট্য!

শ্রেষ্টের তাচ্ছীল্যে আত্মবন্দবা

যে ভ্রাতৃভাব

শ্রেষ্ঠকে বন্দনা করিতে জানে না— আরও শ্রেষ্ঠকে তাচ্ছীল্য করিয়া বন্দিত হইতে চায়— তা' হ'তে সাবধান! সে হীনতারই জনক!

•মৃত্যুর দূত

যাহা হইতে পুণ্ট পাওয়া যায়

তাহাকে উপযুক্ত প্রকারে

পুণ্ট না করিয়া

যে আরো চায়

সো মৃত্যুর দূত !

সাবধান হও তাহা হইতে ;—

আর এটা উভয়তঃ !

- অহকারের তাচ্ছীল্যে হোলির রাজা

তুমি গবির্বত ও অহস্কারী তখনই
যখনই তোমার পারা, দক্ষতা বা পটুতা
অন্যের পারা, দক্ষতা বা পটুতাকে
জব্দ করিয়া, অস্থীকার করিয়া,
তাচ্ছীল্য করিয়া নিজের প্রতিষ্ঠা করিতে চায়
আর তুমি যতই এমনতর করিবে
তোমার পারকতা তোমাকে ততই
হোলির রাজা করিয়া,
গাধায় চড়াইয়া
পথে পথে ভ্রমণ করাইবে!

নাম্বের জীব(নর সম্রাট

হোট বা নীচু তোমার কাছে আসিয়া

যেন কিছুতেই বুঝিতে না পারে

সে বা তাহারা ছোট ও নীচু;—

বরং তোমার সাহচর্য্যে ও সাহায্যে

তাহারা যেন দেখিতে পায়

সম্মুখেই বিস্তৃত রাজপথ—

যাহা ধরিয়া চলিলে

মানুষ হেলায়

বড় ও প্রবীণ হইতে পারে;—
আর্ত্রেটা তোমার স্বভাবসিদ্ধ হোক্!—

দেখিবে

মানুষের জীবনে

তুমি সমাট হইয়া থাকিবে !

- সহান্তভূতি-উদ্ভেকে

যদি বেঁচে থাকা ও রৃদ্ধি পাওয়ার ক্ষুধা
মানুষকে আকুল করিয়া না তুলিত,
তবে কাহারাও প্রয়োজনে কেহই লাগিত কিনা সন্দেহ;
তোমার কাছে কেহ আসিলে

তাহাকে দুঃখের কথা শুনাইয়া তার বেঁচে থাকা ও রুদ্ধি পাওয়াকে অবসন করিয়া তুলিও না,— বরং তাহাই কর,

তাহাই বল মাহাতে সে উদীপ্ত ও উন্নত হয়, দেখিতে পাইবে

> নিয়ত দুঃখের কথায় কাহারও সহানুভূতির উদ্রেক করিতে হইবে না;

মানুষের স্বতঃ উৎসারিত সহানুভূতিই তোমাকে অভিনন্দিত করিবে,— তোমার এতটুকু দুঃখও

> মানুষ সহ্য করিতে নারাজ হইয়া তার অপনোদনে আপ্রাণ হইয়া উঠিবে !

 তা' যদি কর দেখিবে

যেমন করিয়া ঘূণা করিয়াছ,
যেমন করিয়া অন্যা, কারীকে অপদস্থ করিয়াছ—
সেগুলি মূর্ত্তিমান হইয়া,
তোমাকে আগলাইয়া ধরিয়া
সেই সেই রকমে
অপদস্থ, হাস্যাস্পদ, নির্ম্যাতিত
ও ঘূণিত করিয়া তুলিবে;—
ভাব ও ব্যবহারে
বেশ সাবধান হও।

পোষদৃষ্টির চশ্মাটোর

যে লোককে খারাপ দেখিতে জানে
দোষদৃষ্টির চশ্মাচোরের সহিত
তা'র কমই সাক্ষাৎ হয় !

• ঘূণার অপঘাতে

যদি কখনও কাহাকেও ঘ্ণা করিয়া কোন প্রকারে অপঘাত ঘটাইয়া থাক, তবে এখনই তাহার সেবা, সহানুভূতি ও অনুসরণ দারা তাহাকে মুক্ত করিয়া মজলে প্রতিষ্ঠা করিয়া তোল: নতুবা ঐ ঘৃণায় অপথাত করাই তোমাকে, তোমার জগতে এমন অপ্থাত করিবে,—

দেখিবে

অদৃণ্টকে শত ধিক্কার দিয়াও পথ পাইবে না I

দাষ দিয়ে দোষ পরিকার
যে দোষ কুড়িয়ে নিয়ে
দোষ দিয়ে দোষ ঘষে
পরিকার ক'রতে চায়;—
ভাবনা নেই—
তা'র দোষ বেশ ভালই
পরিমাজির্ত হবে;
দোষ হ'তে বঞ্চিত হওয়ার বালাই
তাকে বহন করবে না নিশ্চয় !

- বেদনায় বা শান্তিতে

যখনই বেদনা কিংবা শাস্তি
মানুষের মনকে
জুড়িং ওে দেয় না, উন্নতও করে না,
তখনই তা' সংক্রামক মাছির মতন
পারিপাশ্রিককে আক্রমণ করে'
অপকংশ্র্মর স্থিট করে।

সে দেদিক দিয়া

বড় হওয়ার ধংমকৈ অনুসরণই করিয়াছে,

তাই দে বড়;—

আর যে তা' করে নাই

তার বড় হওয়া

আপণাষেই র্দ্ধি পাইয়াছে!

চিরক্তয় যশ
 মান যার ক্ষণভঙ্গুর
 যশ তার চিরক্তয় !

তাদেশ-প্রতিষ্ঠায় উন্নতির অভিনন্দন
তুমি তোমার আদর্শকে
প্রতিষ্ঠা করার জন্য
যাহাতে তাঁহার কোন প্রকার
অপহাত না আসে এমনতর ভাবে
যাহাই কিছু করিবে,
উন্নতি নানাপ্রকার উপটোকন লইয়া,
অভিনন্দনে উদ্গ্রীব হইয়া
তোমাকে বরণ করিতে
অনুসরণ করিবেই করিবে—
থ্রির জানিও!

প্রকৃত বীরত্ব—বাধার নিয়ন্ত্রণে

ভূমি শক্তিমান্ তখনই
যখনই দেখিবে
বাধা তোমাকে আর
হমকি দেখাইতে পারিতেছে না,
বরং বাধাকে এমন করিয়া
বিন্যস্ত করিয়া লইতে পারিতেছ
যাহাতে সে তোমাকেই পুল্ট করিয়া তুলিতেছে;
ভোমার জ্ঞান যখনই তোমার চরিব্রকে
এমনই করিয়া অনুলেপন করিবে
প্রকৃতি তখনই তোমাকে

অভ্যর্থনা করিবে !

প্রকৃত বীর বলিয়া

দীনতার ভাবে ইষ্টাপঘাত দীনতার ভাবে সামর্থ্যকে তাচ্ছীল্য করিয়া সেবক, ভক্ত বা সন্তানভাব পোষণ করায়
ইপ্ট বা গুরুকে
বাস্তবিক ভাবে
হীনত্বে প্রতিষ্ঠা করাই হয়;—
এর চাইতে তাঁকে অপঘাত করার

্চাহতে তাকে অস্থাত করার প্রকৃত পন্থা আর কি আছে ?

কুপ।
কুপা পাওয়া তাকেই বলে—
করা বা সেবার ফুর্সুৎ
যেখানে মুক্ত —

আর তা' পেলেই পাওয়ার পথ আপনি মক্ত হইয়া দাঁড়ায়।

- শুধু যৌন সম্বন্ধে স্বামীস্ত্রী
শুধু কামপ্রবৃত্তি
কখনও
কাহাকেও
প্রকৃত স্বামী
বা স্ত্রী
করিতে পারে না—

পারে নাই!

দূষণীয় কামজোধ
 কামকোধাদি তখনই দোধের
 যখনই তারা

তোমার আদর্শকে প্রতিষ্ঠা করার বাধা জন্মায়; এবং তোমার পারিপান্বিকের বাঁচা ও ইদ্ধি পাওয়াকে অবসন্ধ

9

অপঘাত করে !

কামলিৎসার ডাইনী-ডাক যখনই দেখিবে— শ্রেষ্ট, ইষ্ট বা আদর্শের সংসর্গ হইতে দূরে সরিয়া পড়িতেছে,

কাছে আসিলেও ভাল লাগিতেছে না বা উদ্দেশ্য সত্ত্বেও তাঁহাদের সংসর্গের টান

<u>টোমাকে</u>

আকৃষ্ট করিতে পারিতেছে না—

নিশ্চয় জানিও—

কামলিপ্সার ডাইনী-ডাক বা কল্পনা

তোমাকে

মুগ্র বেরুবের মতন

লোলুপ করিয়া

চলার পথ

বিদ্রান্ত তমসাবরণে

চিডা-বিহ্ৰল-ব্যৰ্থগকে

মূঢ় মতিচ্ছন-আবেগসঙ্কুল করিয়া

কলুষ-হস্তে

তোমার উন্নতির গলা টিপিয়া ধরিতেছে— ইহা নিশ্চয় বুঝিও ;—

সাবধান,

পার তো সরিয়া দাঁড়াও !

কামলোলুপতায় মাতৃচিন্তা

ভুমি কিছুতেই কামলোলুপ দৃষ্টি বা ভাবসম্পন্ন হইও নাঃ

তুমি যদি কার্য্যতঃ এমনতর কুক্রিয়াশীল না-ও হইয়া থাক,—

তোমার এই ধারাবাহিক কামলোলুপতা তোমার চলন, চরিত্র, আচার, ব্যবহার ও লেগে-থাকাকে

এমনতর দুর্বল করিয়া দিবে ;—
কারণ কামচিন্তা মানুষের স্তাকে

এমন ভাবে অধিকার করিতে পারে যাহাতে অন্য কোন চিভা তাহাকে সরাইয়া তোমার সভাকে

সেই দিকে আনত করাইতে পারিয়া ওঠে না;

তাই তোমার উন্নতির বহু সভাবনা

ও উপকরণ থাকা সত্ত্বেও
তুমি কিছুতেই কৃতকার্য্যতা বা কৃতার্থতাকে
ধরিতে পারিবে না :—

ইহার ঔষধ— দূরে থাকিয়া ভাদ ও দৃশ্টিকে মাত্চিভায় অনুর্জিত করিয়া তোলা :

বুঝিয়া দেখ এমন হইলে এখনই সাবধান হওু!

৺কাম-≹হকে

উন্নতি বা অধিগমনের পথে যখনই দেখিবে বিক্ষেপ আসিয়া সহসা ক্রমাগতিকে রুদ্ধ করিয়াছে বা করিতেছে. প্রায় নিশ্চিতভাবেই ব্ঝিও যাহাতে এরূপ ঘটিল বা ঘটিতেছে. তাহা কামিনীতে কামপ্রলোভন— সাধারণতঃ পুরুষেই এইরূপ ঘটিয়া থাকে, আর ইহার যতই প্রাচুর্য্য অধোগতিও ততই দুবিনীত :--কিন্তু মেয়েদের বেলায়---তাহারা যতক্ষণ কোন বিশিষ্টে প্রত্যক্ষভাবে সংস্থট না হইয়া চিন্তার উদ্বেলনে কল্পনার পরিখায় বিব্রত:

তাহাদেরও প্রায় উক্তরাপই হইয়া থাকে ;—

কিন্তু স্বেচ্ছাপ্রণোদিত প্রচ্যক্ষ সংস্রবে

সংস্পেটর অনুরাপ

উষতি বা ক্রমাধিগমনের বর্দ্ধনই ঘটিয়া থাকে— নিজেকে বেশ করিয়া বুঝিয়া চলিও!

কামিনীপরায়ণতায় কংশহানি
ভুমি যদি আদর্শপরায়ণ না হইয়া
কামনোলুপ কামিনীপরায়ণ হও,—
আর ইহা ষতই নীচভাবাপন হইবে,
দেখিতে পাইবে
তোমার শিশু কত সত্বর
তোমার বংশানুক্রমিকতা (heredity) হইতে
বঞ্জিত হইয়া

তিমিনী বংশানুক্রমিকতা (হইয়া

তিমিনী বংশানুক্রমিকতা হইয়া

ত্যি হইয়া

ত্যি বিশ্বিত হইয়া

ত্যি বিশ্বিত হইয়া

ত্যি বিশ্বিত হইয়া

ত্যি বিশ্বিত হইয়া

ক্ষিত হইয়া

ত্যি বিশ্বিত হইয়া

ক্ষিত হইয়া

ত্যি বিশ্বিত হইয়া

ক্ষিত হইয়া

স্বিশ্বিত হট্যা

স্বিশ্বিত স্বিশ্বিত হট্যা

স্বিশ্বিত হট্যা

স্বিশ্বিত হট্যা

স্বিশ্বিত হট্যা

স্বিশ্বিত স্বিশ্বি

পাশবিকতায় পর্য্যবিসিত হইতেছে ;— কারণ এই কামই

তোমার সভাকে
আনত করাইয়া
জীবনকে উপ্ত করিয়া দেয়;—
যদি সভানসন্ততি ও নিজের মঙ্গল চাও
তবে এখনই সাবধান হও!

• স্নায়ূদৌর্কলো ও কাষে শ্রন্ধাহীনতা

অন্তাজ-ভাবোচ্ছিম্ট দুকলিয়ায়ু ও কামলুৰূদের একটা চরিত্রগত লক্ষণই হচ্ছে ভাহারা শ্রদাবনত হইতে পারে না ; আর যেখানে শ্রদা নাই ভানও সেখানে বেহঁস্ !

• ভোগলি•সায় মুচ্তা

ভোগলিপ্সাই

মানুষকে কম্মে মৃঢ় করিয়া বাভব ভোগ হইতে বঞ্চিত করে ;— যদি চাও—

উন্ত, অবাধ ও ক≖র্মপ্রাণ হও,— ভোগের সংবর্জনায়

> দেখিও তুমি নিত্যই নন্দিত হইতে থাকিবে।

• तत्वतातीत रेगिष्टें।

পুরুষের বৈশিষ্ট্য লইয়া পূরুষ
আর নারীর বৈশিষ্ট্য লইয়া নারী;
পুরুষ যখন নারীতে মুগ্ধ হইয়া,
নারী-সর্বান্থ হইয়া,
নারীর যাহা-কিছু লইয়া নিজেকে সাজাইতে চায়,

র যাহা-াকছু লহয়া নিজেকে সাজাইতে চায় তখন হইতেই পুরুষে

পুরুষত্বের মরণ ধীরে ধীরে অগ্রসর হইতে থাকে,— পুরুষ অবশ ও উচ্ছৃখল আশা-ভরসা লইয়া ছট্ফট্ করিতে করিতে মিবিড় মূচ্ত ও তমসার ভিতরে

নিজেকে মুছিতে মুছিতে
পিচ্ছিল গতিতে বিলীন হইতে থাকে ;—
আবার নারী যখন পুরুষকে সংর্দ্ধ না করিয়া,
নিজের বৈশিষ্ট্যকে তাচ্ছীল্য করিয়া,
পূর্তিষের হাবভাবগুলি কুড়াইয়া লইয়া
নিজেকে পুরুষ করিয়া তুলিতে চায়,—
নাস্ত্রীত্ব তখন প্রেতিনীত্ব প্রাপ্ত হইয়া

নাধীত্ব তখন প্রেতিনীত্ব প্রাপ্ত হইয়া ভাঁহার দুক্লি, ক্ষীণ, অবসর

ও অসংযম্য বাহ বিস্তার করিয়া, ব্যর্থতায় বিকট **হ**ইয়া,

তা ছীল্য ও ঘৃণায়

খিল্ খিল্ করিয়া জাবাধ্য ভাবে হাসিতে হাসিতে ^{অস}াত দুর্গতিতে অবসান হইতে পারে!

• শিক্ষায় বৈশিষ্ঠা

মানুষের বৈশিষ্ট্যগুলি সংবর্দ্ধিত উন্নত ও পরিপুষ্ট হয় এমনতর শিক্ষাই জীব্যের পক্ষে

অপ্রতিহত ভাবে প্রয়োজনীয় ,—
তাই শিক্ষার ধারাও এফনতরই হওয়া উচিত
যাহতে মানুষ
বৈশিভেট্য বর্জানশীল হইয়া
উষ্তিপ্রবণ ও অব্যাহত হয় :—

সেই শিক্ষাই

জীবন ও সমাজকে সংর্দ্ধ করিয়া অমৃতের যাত্রী করিয়া তুলিতে পারে!

. বৈশিষ্ট্যছীন শিক্ষান্ত নপুংসকত্ব

বৈশিষ্ট্যকে উল্লেখ্যন করিয়া শিক্ষার অবতারণা করা আর জীবনকে

> নপুংসক করিয়া দেওয়া একই কথা ৷

শিক্ষায় আদশামুৱজি

শিক্ষার প্রথম উপকরণই হচ্ছে আদর্শ,— আদর্শে আছে অনুভূতি;— আর

শ্রদা, সঙ্গ, প্রশ়, সেবা,
ব্যবহার ও উপাসনা দারা
আদর্শ হইতে তাহার অনুভূতির
প্রকাশ লইয়া,—

তাহা অনুভব করিয়া চরিত্রে তাহাকে প্রতিফলিত করাই হচ্ছে সমাক্ শিক্ষা।

• (বাধছীল শিক্ষা

শিক্ষার উদ্দেশ্যই হ'ল অন্যেয় জানা বা দর্শ**নকে** নিজের বোধে ফেলিয়া অনুভব করা ;—

আর এই অনুভব
যেখানে যত প্রকৃষ্ট ও তর্তরে
জানও সেখানে তেমনতর ;—
শিক্ষা যদি তোমার বোধের ভিতরই
না আদিল,

তা' হ'লে তুমি স্মৃতির বলদ ছাড়া আর কি ?

•আদশারণ শিক্ষায় চরিত্রার্রজন

উষ্যা, আক্রোশ বা হীনভাব হইতে উদ্দীপ্ত যে শিক্ষা

তাহা জীবন ও চরিত্রকে

অল্লই স্পর্শ করিতে পারে---

ষদিও অবিন্যস্ত ও অবাধ্য

সংগৃহীত ঐহর্যো তধিরাঢ় হইতে পারে ; কিন্তু ইণ্ট, আদুশ বা প্রেমাস্পদে

ভব্তি ও প্রেমের উচ্ছলতা ও প্রয়োজন হইতে যে শিক্ষা আরম্ভ হয়

তাহা বস্ততঃ জীবন ও চরিত্রকে আক্রমণ করিয়া বংশানুকুমিকতাকেই (heredity কেই)

রঞ্জিত করে!

• ভাতে-কলমে শিক্ষা

যদি সত্যই শিক্ষিত হইতে চাও
হাতে-কলমে করাকে অবলম্বন কর,
আর এই করার উপর দাঁড়াইয়া
উপপত্তির (theory) অনুধাবন করিও.—
দেখিও জানী বেকুব হইতে হইবে না ।

• জানার্জনে ভিঞ্চি

আর জানাকে অর্জন করিতে হইলে দেশ, কাল, পাত্র ও ধাতুভাদে নানা অবস্থায়,

নানা রকমেই হইতে পারে,— কিন্তু ভক্তি সব অবস্থায়,

সবার ভিতরে

থাকা চাই-ই!

• বুঝাইবার পথ

কাহাকেও তা'র না–জানার ভিতর দিয়া বুঝাইবার পথ করিতে

প্রয়াস পাইও না ;---

বরং তা'র জানার ভিতর দিয়া

পথ করিয়া লইয়া

অজানাতে পৌঁছাইয়া দিতে চেল্টা করিও;— আর ইহাতে তুমি এমনতর ভাবে সফলকাম হইবে যাহা নাকি তাহার চরিত্রকেও স্পর্শ করিতে পারে !

• উদ্ভাবনে

ভূমি যে জায়গায় দাঁড়াইয়া আছ তার চারিদিক বেশ করিয়া দেখিয়া লও,— আর চেভ্টা কর ভাবিয়া বাহির করিতে তার কি কি

কেমন করিয়া

মানুষের প্রয়োজনকে পূরণ করিতে পারে ;— দেখিও অল্লদিনের ভিতরেই তোমার মনের

> উদ্ভাবনী অর্থাৎ আবিষ্কারিণী শক্তি উদুদ্ধ হইয়া উঠিবে!

• স্থাতির উজ্জ্লতা
দুইটী সমান আগ্রহ বা প্রয়োজন
যখনই তোমার মনকে
একযোগে আক্রমণ করে,
তখনই দুইটীই বা দুইয়ের কোন একটী
প্রান্তির জলে ডুবিয়া যায়,
তখন তা' খুঁজিয়াও পাওয়া যায় না;—
তাই যদি স্মৃতিকে উজ্জ্ল রাখিতে চাও,
আগ্রহ বা প্রয়োজনকে

তোমার মনে পর পর প্রবেশ করিতে দিও:—

স্মৃতি—

স্বাস্থ্য যদি সুন্দর থাকে— দীপ্ত থাকিবে।

•পারিবারিক শিক্ষায় নিত্য প্রয়োজনীয় আমার মনে হয়

সমাজ বা জাতিকে

উন্নতির পথে চালাইতে হইলে

এমনতর শিক্ষার প্রয়োজন

যা'তে প্রত্যেক পরিব'রের ভিতরেই

একটা গবেষণাগার, একটা শিল্পকুটীর,
নিত্য প্রয়োজনীয় তরিতরকারী উৎপাদনোপ্যোগী কৃষি
অনায়াসে,

অব্যাহত ভাবে চলিতে পারে ;— আর এ শিক্ষা প্রত্যেক পরিবারের স্ত্রীপুরুষ নির্বিশেষে !

শিক্ষক

মানুষের জীবনে যদি দায়িত্বপূর্ণ কিছু থাকে তবে তা' শিক্ষকতা— শিক্ষকের চরিত্র

ছারের শ্রদার ভিতর দিয়া

অজাতসারে তাহাকে

এমনতর ভাবে আকুমণ করে

যাহা তাহার পরজীবনকে অবশভাবে

চালাইয়া লইয়া বেড়ায়!

শিক্ষক যদি আদর্শে উলুখ না থাকে,
ত'হার চরিত্র যদি আদর্শের ভাবে
অনুলিপ্ত থাকিয়া
কর্মনুখর না হয়,

তাহার চরিত্র যদি ছাত্রের

চাহিদার দর্জ কে উন্টোচন করিয়া,

প্রাণকে স্পর্শ করিয়া উষ্টিতে অবাধ করিয়া না তালে সে শিক্ষকতা

যে অধনের্মর প্রমাশ্র তাহাতে বিদুমার সদেহ নাই;— যদি শিক্ষকতা করিতে চাও সাবধানে নিজেকে

নিয়ন্তিত বরিও—

নতুবা দুর্দশা কুঞিতহাস্যে তোমার জীবন ও জাতিকে গ্রাস করিবে,

সন্দেহ নাই!

• বৈজ্ঞানিক ও গবেষণা তোমার যদি আদশানুসরণ না থাকে গবেষণা করা তোমার পক্ষে একটা ভেলিকর কণ্ডুতি ছ'ড়া আর কিছুই না;

তোমার অসংবদ্ধ জানা শৃশ্বলিত হইয়া

পূর্বের ও পরের সহিত কোন অর্থেই উপনীত হইতে পারিবে ন',— আর ভুয়োদর্শন তোমাকে

> চিত্তা ও করার জংলা পথে লইয়া

হঠাৎ জোনাকী-ঝিকিমিকি দেখাইয়া পথহারা করিয়া

ভারো বেকুব ও ভবগুরে বৈজানিক ছাড়া কিছুই করিতে পারিবে না—

দেখিও, বাজাইয়া লইও !—

তাই যদি সতাসতাই গবেষণাই তোমার জীবনের

উদ্দেশ্য হয়,

তাহা হইলে এমনতর বিজ্ঞানকেই অনুসরণ করিও

যাঁহার পারম্পর্য্য

একটা অর্থ ও দর্শন লইয়া সার্থককে অনুসরণ করিতেছে— দেখিও ধন্য ও ননিত হইবে

সন্দেহ নাই!

• বু মচর্ঘ্য

যেমন চৰিলে

মানুষ র্দ্ধিতে অধিপিঠত হইয়া দীপ্তি পায়

তা'-ই করা,—
যাছা করিলে মানুষ
আগন, ব্যাপন ও বর্দনে উদ্দীপ্ত হইয়া
বীষ্যবান্ এবং শক্তিশালী হইতে পারে
তাহাই ভাবা, বলা ও করাকেই

প্রকৃত রশাচ্য্য বলা যায় ;—

আর ইহানা করিয়া

শুধু রেতাধারণবুদ্সিসস্সর হইয়া আপ্রাণ চেল্টায় ভাবায় ও করায় উদ্ধি বা রুদ্ধরেতা তো হইতেই পারে না, পরস্ত ধাতুদৌবর্গলোর বিশ্রী দ্রুবুটীতে ঘুণিত ও লাঞ্তিই হইতে হয়;—

কিন্ত থিনি প্রকৃত ব্রহ্মচর্পশীল বৃহত্তের চিন্তা ও কম্মের্ম ব্যাপ্ত থাকায় তাহার মনে ও-সব প্রশ্নই উঠিতে পারে না,—

> ফ**লে উর্দ্ধরেতা হ**ওয়া তাহার পক্ষে

> > সহজ ও স্বাভাবিক !

• ভালবাসার সাধনা

যদি কিছু বা কাহাকেও ভালবাসিতে চাও তাহাকে ভালবাস, তাহাই ভাষিও আর তদনুরূপ কম্মে

নিয়োজিত হইও—

আরো ইহার অভরায়গুলিকে
কিছুতেই প্রশ্য় দিও না ;—
এইরূপ চিন্তা ও চলন হইতে
দেখিতে পাইবে—

তোমার ভালবাসা

কেমন তরতরে হইয়া
কমেন তরতরে হইয়া
কামের ইছল হইয়া
প্লাবনের মতন চলিয়া পড়িতেছে—
তুপ্ত হইবে সন্দেহ নাই!

• ইচ্ছার উদ্বোধনে

যদি তোমার ইচ্ছাশত্তিকে

সুস্থা, সবল ও জাগ্রত রাখিতে চাও— কম্মের ভিতর দিয়া

তাহাকে প্রত্যহই

কিছু-না-কিছু করিয়া

অন্যের মঙ্গল-সম্পাদনে

উৎসর্গ করিত-ই ;—

দেখিও তোমার ইচ্ছাশক্তি

কত ক্লিপ্র, কম্মকুশল

ও জীবনীয়

হইয়া উঠিতেছে!

• ইচ্ছাশজির জাগরাণ

তোমার অন্তরে যখনই
ভাল কিছু করার আবেগ আসিতেছে,
তাহাকে রুদ্ধ না করিয়া
তৎক্ষণাৎ ক্রেমর ভিতর দিয়া
তাহাকে মূর্ভ কবিতে
লাগিয়া যাইও—

দোশ ও ইহাতে অল্পদিনের ভিতরই তোমার ইচ্ছাশক্তি কত জীবত হইয়া উঠিবে!

তাু তাভ্যাস বিষ্ণা তামার কোন কু-অভ্যাস কিংবা
কাম, ক্রোধ ইত্যাদি—

বাহা তামাকে দুবর্ল ও থিন্ন করিতে চায়
তাহা যদি ত্যাগই করিতে চাও—

বাখনই তাহার সমেল যে মুহুর্ভে
কার্য্যেরত করাইতে যাইতেহে

সেই মুহুর্ভেই

ত'হা হইতে বিরত হইও কিংবা সেই মুহূর্ভে বিরত হইয়াই জ সম্বেগকে

> এমন কোন চিন্তা ও কম্মের্ন নিয়োজিত করিও

যাহা তোমার পক্ষে মঙ্গলপ্রদ—

আর ইহা ততদিন পর্যান্ত চালাইও

যতদিন ইহা তোমার সম্যক্

আয়ন্তের ভিতর না আসে;—

দেখিও কিছুদিন অভ্যাস করিলেই

অভ্যাস বা রিপুদিগকে

এমনতর আয়ন্ত করিতে পারিবে
যে তাহারা ক্রীতদাসের মত

নতজানু হইয়া

তোমার উপাসনায় মুঝ থাকিবে;—

ইহা না করিয়া শুধু ত্যাপের চিভায়

ত্যাগ তো করিতে পারিবেই না

বরং

আরো আবিল্ট হইয়া পড়িবে।

যাঁহাকে তোমার

থানক বলিয়া জান,—

থারক বলিয়া জান,—

যাহা ঝিদিত বেদ,—

ভধু তাহাই বা তিনিই

তোমার সকলিঃকরণে বিশ্বাসের ভ্ল,
ভাহা ছাড়া জন্য কিছু বা কাহাতেও

কোন প্রকারে রঞ্জিত না হইয়া,
নিরপেক্ষ থাকিয়া—
যে অবস্থা তোমার সম্মুখে
যেমন হইয়া দাঁড়াইবে
তোমার বোধ ও বিবেচনার সহিত্ত
অভিনিবেশ সহকারে
অনুধাবন করিয়া
যেমন বুঝিবে,
তৎপ্রতি তোমার আস্থা ও ব্যবহারকেও
তেমনতর করিয়া লইও—

• সাহিত্য

দুনিয়ায় কমই ঠৰিবে!

যাহার অধিগমনে, সঙ্গে বা আলোচনায় মানুষ ছিতে অধিপঠিত বা উন্নীত হইতে পারে

ত|হাকেই

প্রকৃতপক্ষে সাহিত্য বলা যায়।

সহজ সৌলর্থা নৃত্যগীত

সংগীতের মতন

সহজ চিত্তবিনোদনকারী
প্রাণায়াম

কমই দেখিতে পাওয়া যায়,

আবার নৃত্যের মতন

উৎফুল্লকারী ব্যায়ামও

বিরল ;--

তাই সভাবের উদ্দীপনা করে এমনতর নৃত্যগীত স্ত্রী ও পুরুষ উভয়কেই জীবনে

সহজ ও সুন্দর করিয়া তোলে।

• মন্দেৱ বিযুক্তণে

যদি পার মন্দকেও এমনতর ভাবে নিয়ন্ত্রিত করিও

> যাহা তোমার ও সভব হইলে তোমার পারিপাধিকের প্রতি মঙ্গলপ্রসূহয়!

• বিবাহে

বিবাহ মানুষের

প্রধান দুইটী কামনাকেই

পরিপূরণ করে,—

তার একটী উদর্দ্ধন,

অন্যতী সুপ্রজনন;—

অনুপযুক্ত বিবাহে

এই দুইটীকেই খিন্ন করিয়া তোলে;

সাবধান।

বিবাহকে খেলনা ভাবিও না— যাহাতে তোমার জীবন ও জনন জড়িত !

্বাহী—জননে

নারী হইতেই জাতি জন্মে ও র্দ্ধি পায়, তাই নারী যেমন বৃদ্টির জননী তেমনই সম্পিট্রও;—

আর এই নারী যেমন ভাবে আবিষ্ট থাকিয়া যেমন করিয়া পুরুষকে উদীপু করে পুরুষ হইতে সেই ভাব-ই

নারীতে জন্মগ্রহণ করে;

তাই নারী মানুষকে প্রকৃতিতে মূর্ভ ও পরিমিত করে বলিয়া জীব ও জুগতের মা:—

তা' হ'লেই বুঝিও— মানুষের উরতি

নারীই নিরূপিত করিয়া দেয়:

তাই নারীর শুলাহার উপরই

জাতির শুদ্ধতা, জীবন ও র্দ্ধি নির্ভর করিতেছে—

বুঝিও

নারীর শুদ্ধতা জাতির পক্ষে কতখানি প্রয়োজনীয় ।

• নারীর বিবাছে বর্ণাধিকার

নারী যখন গর্ভধারণক্ষম হয়,
তখনই প্রকৃতি তাহাকে
পুরুষমনোনয়নের ক্ষমতায়
অধিরাত করিয়া তোলে;—
আর নারী যদি স্বেচ্ছামত
মনোনয়ন করিতে চায়—
তখনট কেবল তা' পারে সে;
নতুবা পিতামাতা সক্রতাভাবে শ্রেষ্ঠ দেখিয়া
যাহাকে বরণ করিবেন তাঁহাদের কন্যার জন্য

পরিগণিত হটবে**ন ;—** ইহাই শাস্ত্রের নীতি !

• বিবাহে বহন নামাকে বহন কৰিবে

যে তোমাকে বহন করিবে ভোমাকে সর্বতোভাবে বহন করিতে সমর্থ কি না বুঝিয়া দেখিও ;—

সক্ষাতোভাবে বহন করা মানে হচ্ছে—
তোমার পূকা পূকা পুকা পুকা হইতে
তোমার ধাতৃ ও বৈশিদ্টাকে লইয়া
তুমি প্যান্ত যাহা-কিছু
সহ্য ক্রিয়া—

বুদ্ধি বা উন্নয়নে ন্যস্ত করা ;— আর ইহা না হইলে

বিবাহ সার্থক কি করিয়া হইল?

• সাথ ক বধাত্ত

যাঁহাকে বহন করিয়া

সর্ব্বতোভাবে গ্রেছকে

আলিখন করিতে পারিবে.

আর এই বহন করিবার প্ররোচনায়

তুমি যেখানে মুগ্ধ অথচ বুদ্ধ,

তোমার কোমল ও উচ্চ ভাবগুলি

যেখানে আলুলায়িত ও অবনত,

তুমি তাঁহারই বধু হও,—

সমাজে বরণীয়া হইবে,—

সতী হইবে,

গরীমাময়ী হইবে!

• বল্লবাদশ

যদি কোন পুরুষের আদশানুপ্রাণতাও সক্রপ্রকারের শ্রেছজ তোমাকে শ্রদ্ধা ভঙিতে

অবনত ও নতজানু করিয়া

তার সেবায় কৃতার্থ হয়,

অন্তর হইতে মুখে যাঁর স্তুতিগান

উপচিয়া ওঠে,

তাঁকে তুমি বরণ করিতে পার,

আরদান করিতে পার—

তাঁর স্তীত্বলাভ করিয়া

স্তুতি ও সেবায়

ধন্য হইবে সন্দেহ নাই!

• লক্ষীর আবির্ভাব

পুরুষ যেখানে জয়, যশ
ও গৌরবের উপঢৌকন লইয়া
আদর্শকে সার্থক করিতে উদাম হয়,—
আর, নারী যেখানে মুগ্ধ হইয়া,
ধারণ, সংরক্ষণ প্রেরণা ও সেবা লইয়া
তাঁহারই অনুসরণ করে,—
তাহাতে সেখানে
মুর্তিমতী লক্ষ্মীরই
আবির্ভাব হয়।

· বিবাহের বয়স

স্বামী-স্তার ভিতর অন্ততঃ

পনের হইতে কুড়ি বৎসর বয়সের পার্থক্যে

প্রীর উচ্ছল জীবনী-শক্তি পুরুষে সংক্রামিত হইয়া সমতায়

উভয়ের বার্দ্ধক্যকে

অনেকাংশে প্রতিরোধ করিয়া থাকে,

এবং জীবনে, উদ্যমে ও বর্দ্ধনে

উন্নীত করিয়া

আনন্দে, প্রমোদে, সুখ ও শান্তিতে
অধিরাত করাইয়া
বীর্যাবান্ সভানের অধিকারী করিয়া তোলে—
ভাই ইহা ধম্মপ্রদ!

• স্বামী-স্ত্রীর কর্দ্রব্য

ভোমার স্তীর কর্ত্ত <mark>যেমনতর</mark> ভোমাকে লইয়া

তোমার পরিবার, পারিপার্ণিক ও জগতে,

ূমি ঠিক জানিও—

তোমার কর্তব্য

তোমার আদর্শকে লইয়া

পরিবার, পারিপাশ্বিক ও তোমার জগতে;—
ইহার ব্যতিক্রম হইলে

ব্যতিক্রমানুযায়ী ফলও তোমার স্ত্রীকে তাঁর বৈশিষ্ট্যে যেমন আক্রমণ করিবে,—

সাংঘাতিক হইয়া

তোমাকেও তোমার বিশেষত্বে তেমনতর আক্রমণ করিবে।

ভগবানের আবির্ভাব

নারী ও পুরুষ

উভয়ের সংঘাতে যখন উভয়ে নিজ নিজ বৈশিস্ট্যে উদাম ও অবাধ হয়, উভয়ের উভয়ের প্রতি আকর্ষণ

> যেখানে উভরকে মূঢ় করিয়া না তুলিয়া উদুদ্ধ হইয়া,

> > আদৰ্শে আপ্ৰাণ হইয়া ওঠে--

তেমনতর প্রকৃতি ও পুরুষেই ভগবান্ মূর্ত হইয়া আবিভূতি হন, আর জীব ও জগৎকে

সংর্দ্ধির পথে আকর্ষণ করিয়া অমৃতকে পরিবেষণ করেন !

• আদেশ চুতিতে পাতিতা ভুমি যদি থাক

তোনার পতিব্রতা স্ত্রী যেমন
কিছুতেই নফ্ট হইতে পারে না,—
তেমনই তোমার আদর্শ, ইফ্ট
বা গুরু যদি থাকেন.

আর তাঁতে তোমার ভব্তি যদি অটুট হইয়া তোমাতে তাঁহাকে

নিবদ্ধ রাখিতে পারে,--

নত তোমা হইতে দ্র কতদ্র পালাইরা যাইবে, খুজিয়াও খোঁজ মিলিবে না !—

আর তোমার ইহা হইতে পতন হইলেই দুরদৃদ্ট লোলজিহ্যয়

তোমাকে তো আক্রমণ করিবেই সঙ্গে সঙ্গে তোযার পতিত্বকেও উদরসাৎ করিয়া ফেলিবে।

• **প্**ত্যাখ্যাত প্রেমে প্রচ্যাখ্যাত বা লাঞ্জিত প্রেমই হীনহ, নৃশংসতা ও জড়হোর প্রধান আমারক !— যদি কেহ তোমাকে ভালই বাসিয়া থাকে তাকে সক্পপ্রকারে সংবর্জন কর, প্রতিষ্ঠা কর, উন্নতিতে অধিরাম করিবার প্রয়াসশীল হও:— সংঘমশীল, স্বাধীন হইতে দাও;— কিন্ত একটু ফাঁকে দাঁড়াইয়া থাক,— তাহার কাছে নিতান্ত সহজ্প্রাপ্য হইও না,, তাই বলিয়া প্রত্যাখ্যান করিও না,— ধন্য হইবে ও ধন্য করিবে!

🖍 নারীমুখীনতায় শয়তানের আক্রমণ

যেখানে পুরুষ
নারীকে তার প্রিয়তমা করিবার আকৃতিতে
আপনাকে বিকাইয়া দেয়,—
শয়তান তাহাকে অবলম্বন করিয়া
সমাজকে আক্রমণ করে,—
জাগ্রত থাকিও!

• সংযমের কস্বৎ

শুধু কস্রৎ সাপেক্ষ সংযম অনেক সময়ে বাঁধভাঙ্গা উচ্ছ্গুলতার বন্যা আনিয়া দেয়_ু!

বরণ অভ্যথ নায়
বহন করিবার সক্বিধ ক্লেশকে
সুখের মনে করিয়া,

শ্রদা ও ভরিতে অবনত হইয়া, সার্থক বিবেচনায়

কেহ যদি তোমাতে নিজেকে নাস্ত করিতে চীয়, আর তাহা যদি ন্যায়তঃ ও সমর্থাতঃ

তোমাকে অভিনন্দিত করিয়া

তোমার আদর্শে তোমাকে উদীপ্ত করিয়া তোলে
তুমি কিছুতেই তাহাকে প্রত্যাখ্যান করিও না;
আর এমন যদি কিছু থাকিয়াই থাকে

যাহা অশুভকে নিমন্ত্রণ করিতে পারে,— এমন ভাবে নিরম্ভ করিও

> যেন কোন প্ৰকারেই সে তোম তে ক্ষুক না হইয়া

ভব্তি ও শ্রদ্ধায়

চিরদিন নন্দিত থাকিতে পারে 1

ু অনুলোম বিবাহ ও আদশ শিক্ষার অভাবে জাতির অধ**ং**পাত

কোন্ কুক্ষণে

কেমন করিয়া

অনুনোম অসবর্ণ বিবাহ ও আদর্শ শিক্ষা পীড়িত, বিধ্বস্ত হইয়াছিল,

আর,

তখন থেকেই জাতি, সমাজ ও দেশ

অধঃপাতের দিকে

জবাধবেগে ছুটিয়াছে ;— ফিরিয়া দাঁড়াও,— এখনও দিন পাইতে পার ।

- অন্থলোমে পুণ্য ও প্রতিলোমে পাপ

প্রতিলোমে যেমন উচ্চ সহজ সংস্কারগুলি অপহত অনাদৃত হইয়া

নিমু সংস্কারে বাধ্য ও বি-নীত হয়,— তাই সে যেমন নিমুকে আরও দুবর্বল করিয়া মূর্ত্ত করে অবসর করিয়া তার শিশুকে,—

তার পিতা ও মাতার সহজ ও পুণ্ট সংস্কার হইতে— আর সেই জন্যই সে অসম হইলেও পাপ ;— অনুলোম তেমনই

পুরুষের উচ্চ সহজ সংস্কারগুলিকে আগ্রহে আনন্দে বিচিমত হইয়া ধারণ করে বলিয়া

সে মূর্ত্ত করিতে পারে তার শিশুকে— আরোও-তর করিয়া—

তার পিতা ও মাতার উচ্চ সহজ সংক্ষারগুলিতে— তাই সে বিষম হইলেও পুণা ও পবিত্র।

 প্রেমের বিকৃতি প্রেমের গভবাই যেখানে কামে.দীপ্রা কামিনী, লাজনা–মাল্য তার কণ্ঠকে শোভিত করিয়াই থাকে !

আদশ্ছীবের বর্ণে ছীন্তে প্র্যাবসান
 শ্রেষ্ঠ বংশানুক্রমিকতা (heredity) আছে—
 কিন্তু অহং আহত হইয়া,

আকোশে ও ঈর্ষ্যায় কিপ্ত হইয়া উন্তিকে অর্জন করিয়াছে,—

অথচ আদর্শপ্রাণতা

তাহাকে কোন রকমে শ্রেষ্ঠ করিয়া তোলে নাই, সংর্দ্ধ করে নাই, সার্থক ও প্রতিষ্ঠিত করে নাই,—

তুমি বরণ-ব্যাপারে

তাহা হইতে দূরে থাকিও,— কারণ এই বরণ

যতদূর সভব
উত্তমকে মূর্ত করিতে পারিবে না;—
বরং বংশানুকমিকতাকে

নিকৃষ্টতর করিয়া— হীনত্বে পর্যাবসিত করিবে, বুঝিয়া চলিও!

· স্থীর উদ্দীপনায় জনকত্ব

তোমার স্থীর ভাব তোমাকে যেমনতর ভাবে উদ্দীপিত করিয়া তাহাতে আনত করাইবে, ভূমি তোমার

মূর্ত্ত সেই ভাবেরই
জনক হইবে—
ঠিক জানিও!

স্থার ভাবই সন্তাবের জননী
তামার স্ত্রীর উন্নত ভাব
ও আলাপ আলোচনা
তোমাকে যতই উন্নত
ও উদ্দীপ্ত ভাবাবিষ্ট করিয়া তুলিবে,
আর তন্তাবগ্রস্ত হইয়া
তুমি তাহাতে আনত হইলে
তোমার সন্তান যে
তেমনতর ও তাহাই হইবে
তাহাতে কোন সন্দেহ নাই,
হিসাব করিয়া চলিও!

 ইহাতে তোমার শিশু নিক্য়ই
শ্রীর, মন ও জীবনে
যে খিল হইবে
তাহার কোন সন্দেহ নাই!

্দাষভূষ্টি সম্পন্ধ স্ত্রীর সংস্রবত্যাপ

ত্ত্বী যদি তোমাতে দোষদ্গ্রিসম্পন্না,

ক্ষিপ্তা, ক্ষীণমতিসম্পন্না,

তুমি তাঁহার সুখ, সুবিধা,

তুমি তাঁহার সুখ, সুবিধা,

তুরণপোষণ ইত্যাদির সম্যক্ ব্যবস্থা করিয়া

দূরে থাকিও,—

যতদিন পর্যান্ত তিনি তোমাকে

বেশ করিয়া বুঝিয়া

তোমাতে উদ্গ্রীক, আসক্ত ও স্তৃতিবাদসম্পন্না না হন;—

তাহা হইলে খুব সম্ভব তুমি

এ দুদ্বৈ হইতে রক্ষা পাইয়া

জীবন, যশ ও নৃদ্ধিতে

সৃদ্ধ ও সবল হইতে পারিবে!

 উন্তান্তকারিণী স্ত্রীর সংস্থাবত্যাপে কল্যাপ তোমার স্ত্রীর প্রতি
 তুমি সন্তুম্ট না হইতে পার,

হয়ত তাঁহা হইতে তুমি অসম্ভব প্রকারে উত্যক্ত হইতে পার;
কিন্তু সাবধান
সাংঘাতিক কোন কারণ ছাড়া
তাঁহাকে কোন প্রকারেই শাসন করিও না,
তাঁহাকে তোমার সামর্থ্যমত
আহার, পরণ-পরিচ্ছদ
ও সম্ভবমত উপমুক্ত তুলিট দানে
বিমুখ হইও না,—
বা অন্যায্য ব্যবহারে আঘাত করিও না,—
বরং সংস্তব ত্যাগ করিয়া দূরে থাকিও,—
অশান্তির ভিতরেও
কল্পাণ তোমাকে সেবা করিবেই—
নিশ্চম !

. ব্রাজ-মক্কি (Drone)

যোখানে পুরুষ
ন্ত্রী হইতে রঞ্জিত ও উদ্বুদ্ধ হইয়া
ন্ত্রীতেই সার্থক হইতে চায়,
ন্তথ্য তাহার উদুদ্ধতায়
পারিপাশ্বিক ও জগৎকে রঞ্জিত বা উদুদ্ধ
করার আকুতি
জাগ্রত হইয়া উঠিয়া দাঁড়ায় না—
সেখানে পুরুষের পাখা গজাইলেও
রাজ-মফি (drone) নিশ্চয়!

• পিতামাতার সেবায় স্ত্রী

লক্ষ্য রাখিও তোমার স্ত্রীর

প্রথম এবং প্রধান কর্ত্বাই যেন হয়
তোমার পিতামাতা বা যাঁহা হইতে পুষ্ট হইয়াছ
এমনতর সনিক্ষি মঙ্গলকামীর সেবা করা;
এই সেবা বিমুখ হইয়া

তোমার সেবা করাকে প্রশ্রয় দিও না;—বরং তুমি যদি মোটেই তোমার স্তীর
সেবার আকাশ্জা না কর তা'ও ভাল,
কিন্তু তাঁ'তে সেবার সন্তব্মত
তিল মার কটী না হয়;—
দেখিবে পিছনের জীবন
কেমন রঙীন ভাবে উনিত হইয়া,
রঙীন আলোকে

কেমন তোমাকে উদ্ভাসিত করিয়া তুলিয়াছে 1

. নাঠার একগামিনীত ও পুরুষের বহুগামিত্ব প্রাতুগত

ধাতু বা temperament হচ্ছে বৈধানিক বৈশিষ্ট্য (characteristics of the system)

হা' নাকি অনেকখানি মানুষের বোধ,
চিন্তা, চরিত্র ও চলনকে নিয়ন্ত্রিত করে;
তাই পুরুষের বৈশিষ্ট্য হচ্ছে

জীবনকে উপ্ত করা,

নারী সেখানে ধারণ করিয়া মূর্ত করে ও র্দ্ধিতে নিয়োগ করে, আর, এটা সাধারণতঃ এককালীন একককে;—
পুরুষ এই সময়ে বহুতে উপ্ত করিতে পারে,
তাই নারীর বৈশিপটাই হচ্ছে একগামিনী হওয়া,
আর এটা তার সুস্থ মনের সম্পদ্,—
পুরুষ কিন্তু স্বভাবতঃই
বহুগমন-প্রবণতা লইয়া জীবন ধারণ করে:

তাই

তোমার স্থামী আদর্শে, চরিত্রে,
জানে ও সেবায় উচ্ছল থাকিয়াও
যদি বহুভার্যাসম্পন্ন হন,
আর তা' যদি তোমার স্থামীর পক্ষে
অমসলপ্রদ না হয়,—
দুঃখিত হুইও না

ঈর্য্যান্তি হইও না, বরং ভালবাস, যতু লও :--

দেখিবে

তোমাতে তোমার স্থামী আরো তুমি-প্রবল হইয়া উঠিয়াছেন,— চিন্তা করিও না।

. বহুন্ত্রী গ্রহণের সামথ গ থিনি আদর্শে অটুট,

আদর্শ-প্রতিষ্ঠার আপ্রাণ,—
নারী যাঁহার তাঁহারই ইন্ধন হওয়া ছাড়া
আর কিছুতেই তাঁহাকে নিজেতে
অবনত করিতে পারে না,

এমনতর পুরুষই বস্ততঃ বহস্তী গ্রহণে সমর্থ ;— নতুবা

ইহা যাহার নাই
বছস্ত্রী প্রহণে সে খিন্ন, দুবর্বল ও মূঢ় হইয়া গড়িবে
তাহাই আশা করা যায়;—
তাই আদর্শে যিনি কঠোর ও অটুট—
একস্ত্রী সত্ত্বেও মদি মনোনমন করিতে চাও,—
এমনতর পুরুষকেই করিও—
যার্থক হইবে।

একালুপ্রাণতায় একতা

এক-এ যাহারা বাস্তবিক ভাবে অনুপ্রাণিত

প্রকৃত একতা সেখানেই অধিষ্ঠিত,—

আর এ ভাবে—

যুক্তি-আড়ম্বরে নয়কো;—
ভাব বা বোধ যুক্তিকে স্থিট করে,

যুক্তি বোধের পথকে

পরিসর ও প্রসার করে মাত্র!

• সমাজ

যখনই কতকগুলি মানুষ এক আদশে অনুপ্রাণিত হইয়া দলবদ্ধ হইয়া তাঁহাকেই সাথক করিতে চলে,— তখনই সেই সম্বন্ধ জনমঞ্জীকেই সমাজ বলা যায় 1

. একতায় আদশ ও বিবাহ**-বস্ধন** জনমভালী উন্নত ও

একতাবদ্ধ থাকার দুইটী প্রধান সূত্র— একটী আদর্শ,

আর একটা উত্তমে বিবাহ-বন্ধন !

বিভিন্নতার ঐকা কেন্দ্র

 বিপরীত ও বিসদৃশ গুণযুক্ত মানুষ

 তোমাতে আশ্রয় পাইয়া,

 জীবন ও র্দ্ধিকে আলিঙ্গন করিয়া

 তুমি-সর্বাস্ত হইবে,—

 তুমি ততই বিভিন্নতার ঐক্য কেন্দ্র হইবে,

 প্রতিষ্ঠা ও প্রীতি

 তোমাকে উপাসনা করিবে।

 স্বিতিষ্ঠান ক্রিবে।

 স্বিভিন্নতার উক্যান্ত করিবে।

 স্বিভিন্নতার উক্যান্ত করিবে।

 স্বিতিষ্ঠা ও প্রীতি

 তোমাকে উপাসনা করিবে।

 স্বিতিষ্ঠান করিবে।

 স্বিতিষ্টান করিবিষ্টান করিবে।

 স্বিতিষ্টান করিবে।

 স্বিতিষ্টান করিবে।

 স্বিতিষ্টান করিবে।

 স্বিতিষ্টান করিবে।

 স্বিতিষ্টান করিবে।

 স্কিকে ক্রিকেটার প্রস্তিষ্টান করিবে।

 স্কিকেটার ক্রিকেটার প্রস্তির্দ্ধির করিবিষ্টান করিবে।

 স্কিকেটার ক্রিকেটার প্রস্তিক্র করিবিষ্টান করিষ্টান করিবিষ্টান করিবিষ্টান করিবিষ্টান করিবিষ্টান করিবিষ্টান করিষ

. পারিপাশ্বিকের স্বার্থ-কেন্দ্র
মানুষ যখন প্রয়োজনাল হয়
তখনই স্বার্থপর হইয়া ওঠে,
আর এই প্রয়োজনই

প্রয়োজনীয়কে লইয়া

আপনাতে যুক্ত করিবার উদ্দেশে কামনার সৃষ্টি করে;

আবার যখনই তার এই

কামনা পুরণ হয়

তখনই তার স্বার্থসিদ্ধি হয়

বা কামনা চরিতার্থ বা মুক্ত হয়;—

তা' হ'লেই দেখা যায়

মানুষে আছে নিজত্ব,

আর নিজত্বের পুণিটর জন্য আছে

অর্থ বা প্রয়োজন,—

আর প্রয়োজনই কাম বা কামনাকে স্পিট করে, আর তার সিদ্ধি হইলেই

সেই কামনার মোক্ষ হুইয়া থাকে,—

আর এ গুলি সবই তার আঅপুণিটর জন্য।

মানুষ যখন বুঝিতে পারে না কি কি লইয়া তার নিজ্জ,

তখনই ভাত স্বাৰ্থ

তাহাকে, তাহার পারিপাশ্বিককে বঞ্চিত ক্রিয়া.

তাহা হইতে তাহার জীবন, পুলিট

ও র্দ্ধির উপকরণ সংগ্রহ করিয়া

নিজের জীবনকে পুণিট র্দ্ধিতে সমৃদ্ধ করিতে যায় 🕫

অথচ যাঁহা হইতে বা যাঁহাদের হইতে

এই পুষ্টি ও র্দ্ধির উপকরণ সংগ্রহ করে,

ভাঁহাদের জীবন, পুণিট ও রুদ্ধির দিকে

নজরও করে না:--

তাই বঞ্চনা ও বার্থতা
তাহাকে বঞ্চিত ও বার্থ করিতে করিতে
আজীবন অনুসরণ করে;
তুনি যদি জীবন, পুণিট ও র্দ্ধিকে
প্রকৃতই চাও,—
তোমার পারিপাশ্বিকেই স্বার্থ-কেন্দ্র করিয়া তোল ,—
বঞ্চনা ও বার্থতা দেখিও
তোমাকে আর অনুসরণ করিৰে না!

- পারিপারি(ক অস্তিত ও ক্রয়
মানুষ পারিপার্শিক ছাড়া
বাঁচেনা ও র্দ্ধি পায় না.—
পারিপার্শিক লইয়া তাহার অস্তিত্ব;—
আর এই পারিপার্শিকের আদর্শ
যদি তাহার অনুকূল না হয়,
তা' হ'লেও ক্ষয় অতি সম্ভব!

কর্মিকল ত্যাগ

কর্মা বাহা লাভ করা যায়
তাহা দান করিণা
অন্যকে তৎফলভাগী করাকেই
প্রকৃত কর্মাফলত্যাগ বলে;
তাই কর্মাফলত্যাগে
বহুভাবে তাহা গুণিত হইয়া
সেই ত্যাগকর্ভাকে
ফলবান্ করিয়া তোলে !

- প্রাণহীন সমাজ

সমাজের যদি আদর্শ মা থাকে তাহা প্রাণহীন, অতএব চলনহীন,— তাই হঃয়ে

নিঃশেষ হইয়া যায়!

• সমাজ-বিধানে চারি বর্ণ প্রত্যেকটা সমাজই যেন

এক একটী পূর্ণ বিধান (System);— আর এই বিধানের প্রধান প্রধান অঙ্গই হচ্ছে— বিপ্র, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র;—

যে কোন প্রকারেই হউক

যে সমাজ বাঁচিয়া আছে

ও উন্তিতে অগ্ৰসর হইতেছে
সেখানেই এই চতুবিধি ক্ৰিয়া (function) আছেই;
আৱ ভা' যেমন সুস্থ ও সাবল হইবে,
সমাজোৰে উন্তিও তেমনতর হইবে!

ব্রাহ্মণত্ব

যিনি বা যাঁহারা

ইপেট উপাসনা ও অনুরক্তিকে অটুট করিয়া—

অধ্যয়ন, গবেষণা, অধ্যাপনা, তাঁহার ও তাহার যজন

ও যাজন, দান এবং প্রতিগ্রহের সহিত
প্রত্যেক ব্যাণ্টিকে নিজেরই বিভিন্ন মূর্ভি বোধে,
ভাহার জীবন, যশ ও রুদ্ধির সেবা করিয়া
ব্রহ্ম বা রহতের ভাবে অবস্থান করেন
তিনি বা তাঁহারাই ব্রাহ্মণ,
যদি সার্থক হইতে চাও—
ব্রাহ্মণ হইতে চেণ্টা কর,—
আর তাহা এমন করিয়া
যাহাতে ব্রাহ্মণত্ব তোমার
স্বভাব ও চরিত্রে অনুপ্রবিষ্ট হইয়া
তোমাকেই মূর্ভ ব্রহ্ম বলিয়া
মানুষ বোধ করিতে পারে!

- ক্যভিয়ত্ত

যিনি বা যাঁহারা

ইপ্টে উপাসনা ও অনুরক্তির সহিত্ত
জানা, গবেষণা ইত্যাদির অনুধাবন করিয়া,
জীবকে ক্ষত ও বেদনা হইতে
ত্রাণ ও নিরাময় করিয়া
জীবন, যশ ও ব্লুদ্ধির সেবায়
জীবনকে বাস্তব ভাবে উৎসর্গ করিয়াছেন—
তিনি বা তাঁহাদেরই ক্ষত্রিয় বলা যায়;—
যদি বীরত্বই তোমার কাম্য হয়,
নিষ্ঠার সহিত
ক্ষত্রিয়ত্বকে অভ্যর্থনা কর!

, বৈশ্যন্ত

যিনি বা যাঁহারা ইল্টপ্রাণ হইয়া উপাসনা ও অনুরক্তির সহিত জানা, গবেষণা ইত্যাদির অনুধাবন করিয়া তাহার উৎকর্ষ ও প্রতিষ্ঠার উদ্দেশ্যে সেবায়

মানুষের প্রয়োজন পূরণ করিয়া, তার্থ ও ঐখর্য্য আহরণ করিয়া, তৎ-উন্নতিকল্পে মাশুষের উদ্বর্জনের জন্য দান করিয়া সার্থকতাকে অর্জন করেন,

তিনি বা তাঁহারাই প্রকৃত বৈশ্য:—

যদি তোমার ইল্টপ্রতিষ্ঠাদারা

জনসেবায় মানুষকে সমৃদ্ধ করিয়া

নিজে সমৃদ্ধ হইতে চাও,—
তবে বৈশ্যত্বের আরাধনা হইতে
বিমুখ হইও না ।

• আহাা ব্ৰাহ্মণ

মনে রাখিও
উঞ্রতি-অবলমী আর্য্রাক্ষণ
অর্থ ও ঐশ্বর্য্যের
লোলুপ নয় বা ছিলেন না ;—
তাঁ'রা বেদ (জান), আরাধনা, জনসেবা
ও সংরক্ষণের
পূজক, সেবক ও নিয়ামক,—

আর এই-ই তাঁ'দের অর্থ, ঐশ্বর্যা,— তাই তাঁ'রা জাতির প্রভু!

ি দিজের নিত্যকর্মে হাজনা দিজের নিত্য-নৈমিত্তিক কম্মের ভিতর একটা প্রধান কম্মই হচ্ছে যাজনা করা;

তোমার যদি বিন্দুমারও
বাস্তবিক আদর্শানুরক্তি থাকে,
তবে এই যাজন-প্রবৃত্তিকে
ত্যাগ করিও না.—

উপভোগ ও র্দ্ধি দুই-ই তোমার নিতাসহচর হইবে!

। বিক্ষত সমাজ-জীবন

অত্যন্ত মূচ না হইলে যেমন আত্মহত্যা করা যায় না তেমনি মূর্খতা বিরাট না হইলে এই বিধান (system) ও ক্রিয়াকে (functionকে) ছিল্ল-ভিল্ল করা যায় না;—

যে কোন অঙ্গের ভিতর দিয়াই
বিষ ক্রিয়াশীল হউক না কেন
জীবন সক্ষটাপন্ন—অতি নিশ্চয়,—

তেমনি যে কোন বর্ণের ভিতর দিয়াই উচ্ছ্খলতা আসুক না কেন, সমাজ-জীবন বিক্ষুক ও বিক্ষত হইবে
ইহা অতি নিশ্চয়,
আর তা' ব্যম্টিরও যেমন,
সম্ভিটরও তেমনই !

শহতানের পিচ্ছিল ৰঅ

অপিত ক্ষমতা

যা' নাকি মানুষকে

ত্রাণ, তৃপ্ত ও বর্জন করে না,

তা' শয়তানের

তমসাচ্ছয় পিচ্ছিল বয় !

পাও্যার পথ
 তিক জানিও—

যদি তোমার কিছু চাওয়া থাকে,

তাহা হইলে এমন করিয়া কিছু করিতে হইবে

যেমন করিয়া করিলে

যাহা চাছিতেছ তাহা পাইতে পার ;— আর তা' না করিয়া পাওয়ার আশা করা বিড়ম্বনা মালু!

তোমার করা যখনই

যেমন করিয়া পাইছে পার তাহার অনুসরণ করিবে না,

যাহা যেমন করিয়া পাইতে চাও

তাহা কিছুতেই ঘটিয়া উঠিবে না ;—

তাই বলি যদি চাও-ই তবে তোমার করাকে

বাস্তবে এমন করিয়া নিয়ন্ত্রিত কর,

যাহাতে পাওয়াটা

ঘটিয়াই উঠিবে!

• দোষদৃষ্টির পরিণাম

দোষদৃষ্টির অব্যথ্তা ব্যথ্ প্রহেলিকায় জীবনকে প্রতিষ্ঠা করে।

• কৃতকার্য্যতার ধারা

যদি করিতেই চাও

যে কাজ করিতে হইবে
তাহা কেমন করিয়া, কি কি দিয়া—
পারস্পর্য্য হিসাবে, যতদূর সম্ভব চিন্তা করিয়া লও,—
তারপর সেগুলি তোমার

অবস্থা ও সামর্থ্যের আনুপাতিক করিয়া

মিলাইয়া লইও.—

আর ইহার সাথে বেশ করিয়া দেখিয়া লও তাহা কত সহজে, কত কম সময়ে,

কত কম শক্তিকে প্রয়োগ করিয়া

সংঘটন সম্ভব হুইতে পারে ;—

আর ইহার অন্তরায়গুলিকে

যেমন করিয়া সম্ভব বশে আনিয়া-

অনুকুল করিয়া কিংবা অবহেলা করিয়া,

করার উপায়গুলি তোমার ফলীর ভিতর আনিয়া

ক্ষিপ্রতার সহিত ভীমবেগে লাগিয়া যাও,— কুতকার্য্যতা যে তোমাকে

> দাসীর মত সেবা করিবে, তাহাতে আর সন্দেহ কি ?

. জীবনের Elixir

জীবনের elixir—যা' উপভোগ্য অর্থাৎ যা' দিয়ে জীবনকে উপভোগ করা যেতে পারে—

তা' হচ্ছে একাগ্ৰ,

থেমে যায় না এমনতর অশান্ত—
উর্দ্ধগামিনী আশক্তি!

॰ জीवरतव आधा

আরে সাধ্য যদি কিছু থাকে তা'-ই— যা'তে নাকি আমার আসক্তিও স্থার্থ আদর্শে সম্যক্ স্থিবদ্ধ হুইয়া,
হতি ও প্রবৃত্তির বিচ্ছেদ ও বিক্ষেপ ভাজিয়া,
সহজ বিজ্ঞানে তাঁহাতে সার্থক হুইয়া—
আমার স্বের্জিয়-সমক্ষে
তিনি ভগবান্ হুইয়া ওঠেন।

• অধিগম্য

আর অধিগম্য যদি কিছু থাকে তা' হচ্ছে

স্মৃতিবাহী চেতনা— যা' জীবন ও মরণকে ভেদ করিয়া পরবর্তীতে পৌঁছাইয়া দেয়।

• অশান্তির শান্তি

একাগ্র উর্দ্ধগামিনী আসক্তির
উৎক্রেপণী অশান্তিকে দূর করাই হচ্ছে—
বিক্রিপ্ত ভাবে,
জড়ত্বে সান্ত ও শান্ত হইয়া
চির-অশান্তিকে
আলিঙ্গন ও চুম্বন করা।

বংশামুক্রমিকতার বিকৃতিতে গোলামী বংশানুক্রমিকতা (heredity) যখনই, যে কোন প্রকারেই বিকৃত ও বিধ্বস্ত হয়, বুলির্ভির উভাবনী ক্ষমতা তখন হইতেই জর্জারিত ও অবসম হইতে থাকে.--ত্রখনই মানুষের বাঁচিয়া থাকার প্রয়োজন গোলামীতে উপসংহাত হয়— নজর রাখিও

আদ্শ বিসর্জ্জনে গোলামী বুঝিও তা' করাই গোলামী যা' করিতে গিয়া প্রাপ্যের খাতিরে তোমার আদশকে বিসৰ্জন দিতে হইতেছে!

আদ্শ বিচ্যাতিতে বংশাম্বক্রমিকতার অপ্র্যাত উদ্দেশ্য যখন আদর্শকে পুষ্ট না করিয়া আঅপ্রিটর জন্য এমনতর কিছু করে. যা'তে নাকি আদর্শ-বিহ্যুতি ঘটিবার সম্ভাবৰা থাকে বা ঘটে,— সেই কম্ম, সেই আচরণ বা সেই চিন্তা বংশানুক্রমিকতাকে (heredity কে) অপহাত করে:

এক টুনজর রাখিলেই চলিতে পার!

দ্ভিদ্বা (Honorarium)

যখনই তোমার আদশ্কে বিসজ্জন না দিয়া কাহারও সাহায্য বা সেবার জন্য তুমি আহ্ত হও,—

আর তা'র ফলে.

তা'র নিজের তুপ্টির জন্য যদি তোমাকে কোন প্রকার কিছু দান বা সাহায্য করে যা' নাকি তোমার জীবন ও চলনের অনুকূল,— তা'কে সাধারণ কথায়

দক্ষিণা (honorarium) বলে ;—
আর এ প্রকার কম্মের্ম বংশানুক্রমিকতা (heredity)
সাধারণতঃ বিকৃত হয় না!—

• পাপের বঞ্চনা

তাহাকেই পাপ বলিয়া জানিও
যাহা তোমাকে
জীবন, যশ ও য়দ্ধি হইতে
বঞ্চিত করিয়া
অক্ততা, হীনতা ও দুর্বলতাকে লইয়া
মরণ-পথের যাত্রী করিয়া তোলে !

• প্রর্প্তান্ত্য

ধশের মূল ভিত্তি হচ্ছে বেঁচে থাকা ও রুদ্ধি পাওয়া,— আর, বেঁচে থাক্তে ও রুদ্ধি পেতে হ'লেই প্রথম এবং প্রধান প্রয়োজন স্বাস্থ্য :—
তোমার আচার, ব্যবহার, চাল-চলন ইত্যাদি
এমনতর হওয়াই উচিত যা'তে
তোমার স্বাস্থ্যে কোন প্রকার
অপঘাত না আসে :—

কর.

চল, আর চলায় অবাধ হও!

তাছার্য্যে ভাব-সঞ্চারণ

 শ্বি, বৈজ্ঞানিক ও পণ্ডিতেরা বলেন

 ত্রন্ধ বা আহার্য্য বস্তু

এমন কি দাতার মানসিক ভাবকেও

বহন করিয়া থাকে,

তাহা হই লই—

কাহারও নিকট অন্নগ্রহণ করিতে হইলে

যাহাতে উন্নত মানসিক ভাবকে

পাইতে পারি

তাহাই করা উচিত,—

তা' নয় কি ?

শ্যোস্থাতকে অস্তচ্চক আহার্য্য যাহাতে ঘূণা, অপ্রবৃত্তি, অস্বচ্ছকতা বা মানসিক চাঞ্চল্য উপস্থিত হয় এমনতর স্থান, পাল্ল ও আহার্য্য হইতে বিরত থাকিও. এরপ আহারে—
মানুষ সহজেই ভগ্নস্থাস্থ্য হইয়া ওঠে,—
সাবধান !

• ক্সুধাই আহার্যোর পরিমাপ যদি উদ্যমী ও নির্বাস হইতে ইচ্ছা থাকে, ক্সুধাকে বিসর্জন দিও না,— ক্সুধাই ভুক্ত আহার্য্যকে পুণ্টির উপযোগী করিয়া লয়, আর এই পুণ্টিই শক্তির ইন্ধন!

• আহারে উদ্ভেজনা ও অবসাদহীন কর্ম্মতংপরতা

বিনা কারণে এমনতর আহার করিও না
যাহাতে অন্যায়্য উত্তেজনা
বা অবসাদ উপস্থিত হয়;—
এমনতর আহার করিও
যাহাতে ক্লুধার উদ্বেগ ও অবসাদ
অপনোদিত হইয়া
তোমাকে সুস্থ ও যুস্থ করিয়া তোলে,—
তুমি অনায়াসে
কুমর্বভ্রের হইয়া থাকিতে পারঃ

· স্বাস্থো মন ও পারিপায়িক

ষাস্থ্য যেমন মনকে নিয়ন্ত্রিত করিতে পারে
মনও তেমনই স্বাস্থ্যকে বশে আনিতে পারে;—
তোমার মন যত গুদ্ধ, সুস্থ ও সবল থাকিবে,
তোমার স্বাস্থ্যও অনেকাংশেই
তার অনুসরণ করিবে;—
আর এই স্বাস্থ্যলাভ করিতে গেলেই
নজর রাখিতে হইবে
তোমার পারিপাশ্বিকের পরিশুদ্ধতার প্রতি;
অশুদ্ধ পারিপাশ্বিক, স্বাস্থ্য ও মনকে
যত বিগড়াইয়া দিতে পারে,
এমনতর আর কমই আছে—
নজর রাখিও।

• (ৱাপে

রোগগ্রস্ত যখন তুমি
জন-সংসর্গ হইতে যতদূর সম্ভব দূরে থাকিও,—
নজর রাখিও, তোমা হইতে কেহ সংক্রামিত না হয়;
যাঁহারা হোমার সেবা শুদুষায় নিরত আছেন
তাঁহারা যেন শুদ্ধ ও পরিচ্ছন না হইয়া
জন-সংসর্গে না যান;
আর শোওয়া, বসা, আলাপ ইত্যাদিতেও
খুব সাবধান থাকিও,—

যেন ইহাতে তোমার রোগ

আন্যে সংব্রামিত না হয়—
তোমার এই রোগগুস্ত মবস্থা

কাটিয়া গেলেই
পুনরায় আক্রান্ত হইবার ভয়

কমই থাকিবে;
তাই বলিয়া রোগরস্ত হইয়া থাকিও না !

, মানসিক দুষ্টি হইতেই অমুস্থতা

সাধারণতঃ যত প্রকার অসুস্থতার উৎপত্তি
মানসিক দুণ্টি হইতেই হইয়া থাকে,—
স্বাস্থ্যকৈ অসুস্থতার হাত হইতে
বাঁচাইতে হইলেই
প্রথম ও প্রধান প্রয়োজন মনঃগুদ্ধি—
তাই ঋষিরা প্রায়শ্চিত্তের
প্রচলন করিয়াছিলেন !

প্রায়শ্চিত্তে চাক্রায়ণ ব্রত

প্রায়ন্তিত মানে চিতে গমন করা
অর্থাৎ অসুস্থতার কারণ যাহা মনে ঘটিয়াছে
অনুধাবন ও আবিষ্কার করিয়া
তাহার অশনোদন করা;
আর আহার, ঔষধ ও চিতাকে
সংযত ও নিয়ন্তিত করিয়া
সুস্থ ও সুস্থ হওয়া;—

তাই, আমার মনে হয়
বৎসরে অভতঃ একবার
চান্দায়ণ এত বা ততুলা কিছুর অনুষ্ঠান
যথাযথ প্রকারে—
স্বাস্থ্য ও জীবনের পক্ষে
অমৃত্রুলাঃ

অমুস্থাতায় প্রকৃতির সঙ্কেত

তোমাকে তুমি সুস্থ ও স্বস্থ্ তখনই জানিবে ষখনই কম্মপ্রবণতার সহিত

তোমার অস্তিত্ব সহজে
তুমি প্রশ্নহীন হইবে
অর্থাৎ, সুস্থ ও স্বস্থ থাকার লক্ষণই হইল
প্রেরণা ও কম্মপ্রবণতা;—

আরে, এর অপলাপ হইলেই
দেখিতে পাইবে
আপনা-আপনি তোমার শরীর
ও স্থাছন্তার প্রতি দৃপ্টি হাইবে;—
আরে, ইহাই হইল প্রকৃতির সক্ষেত
হো তুমি অসুস্থতার দিকে অপ্রসর হইতেছ—
যত্ন লও.

সাবধাৰ হও !

স্বাস্থালাতে পরিশ্রম থেমন জাহার করিলেই কোঠগুদ্ধির প্রয়োজন তেমনি পুণিট পাইতে হইলেই বিধানের (system) তাক্ত পদার্থের নিঃসরণ অতি অবশ্য প্রয়োজন;— আর এই উদ্দেশ্যে উপযুক্ত পরিশ্রম অততঃ যতক্ষণে যথারীতি স্থেদোদগমনা হয়— আস্তার পক্ষে অমূল্য ও অমৃত-তুল্য।

নিজা

চেত্ন থাকা ভগবানের আশীর্কাদে;
আর এই চেত্নাই জীবন ;—
তুমি র্থা নিদাকে সাধিয়া আনিও না—
তভটুকু ঘুমাইও
যাহার ফলে
আরো উদ্দীপ্ত হইতে পার!

মাদকতা

মাদকদ্রব্য ব্যবহারে বিধানকে

এমনতর অসংঘত ভাবে উত্তেজিত করে

যে উত্তেজনার অভাব ঘটিলেই

বিধান অতিরিক্তভাবে অবসাদগ্রস্ত হইয়া
জীবন ক্ষয়ের দিকে অগ্রসর হয়,
তাই, মাদকতার অভ্যাস

এমন করিয়া জীবনকৈ পাইয়া বসে,
পুনঃ পুনঃ উহার ব্যবহার ছাড়া
গত্যন্তর থাকে না,—

যা'র ফলে জীবনে ক্ষয়ের রাজত্বই
শীঘ্র শীঘ্র প্রবল্ল হইয়া ওঠে;—
সেই জন্য মাদকদ্রব্য সেবন পাপ, মহাপাপ;—
যদি ত্রাণ চাও—

মাদকদ্রব্যকে তাচ্ছীল্য করিয়া পুপ্টিপ্রদ উত্তেজনাকে খুজিয়া লও আর তাহাতে মাতিয়া ওঠ ।

কুপণতা

কুপণ হাইও না
বরং করার জন্য পণ বরিও,—
কুপণতা নিজেকে দুকাল করিয়া
পারিপাশিবকিকেও

অনেকটা অবসন করিয়া তোলে, ফলে দুর্বলিতা

> আরো হইয়া আক্রমণ করে 1

থাইয়া বাঁচা ও খাওয়াইয়া বাঁচা যে অন্যের উপর খাইয়া বাঁচিতে চায়. কিন্তু অন্যকে খাওয়াইয়া পুষ্ট করার ধানা যাহাকে ব্যস্ত করিয়া তোলে না,— ক্রুধা যে তাহাকে খাইয়া ফেলিবে সে সম্বন্ধে নিশ্চিত হওয়া ছাড়া আর উপায় কি ?

উপভোগের নিতা নবীনতায়

মানুষ নিজেকে সে কখনই নিজে
উপভোগ করিতে পারে না
যতক্ষণ না তা'র পারিপাশ্রিক
তা'কে উপভোগ করার মতন সাড়া দিয়া
সমৃদ্ধ করিয়া তোলে;—
তুমি যদি তোমার জীবনকে
সার্থক ও উপভোগ-প্রতুল করিতে চাও,

তোমার যাহা-কিছু
কাহাকেও সমৃদ্ধ ও প্রতিষ্ঠা করিবার জন্য
প্রয়োগ কর:—

দেখিও ভোমার জীবনকে,
কত নিত্য-নবীন ভাবে
নবীন থাকিয়া,
উপভোগ করিতে পারিবে !

প্রয়োজন-ক্রিষ্টের সংবর্জনায় সফলত।

প্রয়োজন-ক্লিল্টকে যতদূর সম্ভব
তা'র ও তোমার সামর্থ্যমত
সুবিধা করিয়া দিও;—
দেখিও তুল্ট হয়, সংবর্দ্ধিত হয়,—
ঠকা ভাবিয়া যেন কিছুতেই
অনুতপ্ত না হইতে পারে,
বিফলতার সাক্ষাৎকার
তোমার কমই ঘটিবে!

সাফলে ৷ গুরু ও গুণ

ভরু ও গণের পূজায়

যদি তুমি আপুতই না হইতে পারিলে
তবে তোমার পূজা, ব্রত ও প্রায়শ্চিত
তোমাতে কতদূর তা'র ফলে

সাফল্য আনিতে পারে

তাহা বিবেচনা করিও :—
তাই সব পূজায়, সব ব্রতে,

সব প্রায়শ্চিতেই
আগে গুরু ও গণেশের
তথাৎ জনহিতরত দেবতার
পূজাই
শাস্তের নীতি!

ব্যবসায়ে প্রয়েজন পূরণে লাভ

বাবহারে, যত্নে, সহানুভূতিতে
প্রয়োজন-ক্লিল্টকে তা'র উপযুক্ত সামর্থ্যের ভিতরে
যদি তোমার সেবা
তাহার প্রয়োজন পূরণের সহিত তোমার লাভকে
ওতপ্রোতভাবে নিবদ্ধ করিয়া দিতে পারে,
তবেই ব্যবসায়কে অবলম্বন করিও—
নতুবা তা' ধৃল্টতা মাল !

বাবসায়ে বাবহার

যদি ব্যবসায় করিতে চাও আগে ব্যবহার শিক্ষা কর,— তা' এমনতর যা'তে সেবা ও সংবর্জনায় মানুষ স্বস্তি ও তৃথি পায় ;— আর এইটা চরিভগত করাই হইল কৃতকার্য্যতার মূল ভিডি !

মানুষের উন্নতির নিয়ুমকতার বাবসায় জিজাসা, ভূয়োদর্শন, করা ও লেগে-থাকা ইত্যাদি দিয়ে— এমনতর জানাকে অর্জন কর যা'তে নাকি তুমি মানুষের অব্যর্থ উন্নতিকর নিয়ামক হ'তে পার ;— দেখিও ব্যবসায়ে ক্ষতির অবসরই থাকিবে না!

ব্যবসাহের প্রিয়চরিত্র

ঘোষণায় পরিব্যাপন,
কল্মে দক্ষতা ও নিপুণতা,
ব্যবহারে সেবা ও সংবর্জনা—
এই রকম চরিত্রই হচ্ছে
ব্যবসায়ের প্রিয়চরিত্র;—
চরিত্রগত করিয়া ফেল,
তুমি সার্থকে উন্নীত হইবে!

আদশের প্রতুলতায় বাবসায় আদশকে প্রতুল করিবার ইচ্ছা হইতে যদি তুমি এমনতর জানাকে আর এ অর্জন যদি তোমার চরিত্রকে

এমনভাবে অনুরঞ্জিত করিয়া থাকে
যাহাতে তোমার সহানুভূতিপূর্ণ মিল্ট ব্যবহার ও যর
প্রয়ে জন-ক্লিল্টকে পূরণ ও ইদ্ধি করিয়া,
আশীর্কাদের মতন লাভ তাহা হইতে নিঃস্ত হয়,—
আর লেগে-থাকা, দক্ষতা, লাভজমক পরিচালনা
সহিষ্ণুতার সহিত নিয়ন্তিত হইয়া
র্দ্ধিকে নিমন্ত্রণ করিতে পারে—
তবেই সাহসের সহিত ব্যবসাক্ষেত্রে নামিও,—
তোমার শশ্বনিনাদে
লক্ষীর সিংহাসন উলিয়া গিয়া
তোমাতে প্রতিন্ঠিত হইবে।

श्वाधीत वावजाय

স্বাধীন ব্যবসায় মানে
পারিপাশ্বিকের সেবায়
আত্মপুশ্টিকে স্বতঃ করিয়া তোলা,—
তাই থিনি সেবাতে
স্বার্থকে স্বতঃ করিয়া তুলিতে পারেই না
বা জানেন না,
তাঁ'র স্বাধীন ব্যবসায়
বিজ্ঞ্বনা মাত্র !

স্তুতি ও খোশামোদ

লাভের প্রত্যাশায়

নিজে বোধে রঞ্জিত না হইয়া
কিংবা বিপরীত ধারণার বশবর্তী হইয়া
খার্থ-প্রেরণায় অবাধ্যভাবে বাহাদুরী দেওয়া
বা গুণপনার ব্যাখ্যা করাকেই
খোসামোদ বলে:—

আর স্তৃতি তখনই হয়

যখনই গুণমুগ্ধ হইয়া

তৃপ্তির সহিত কাহারও গুণগানে হদেয় ভরিয়া ওঠে,—
তাই খোসামোদ উভয়কে

সংকীণ্ই করিয়া তোলে, স্তুতি কিন্তু হাদয়কে প্রসর, সুশোভিত ও সুদর করিয়া তোলে

—তা' কিন্ত উভয়তঃ।

ফলাশায় কর্ম-লাগুনা

ফলের আশা

কিংবা প্রাপ্তির প্ররোচনা

যখনই কমনকৈ শিথিল করিয়া তোলে,

বিফলতার মুচ্কি হাসি

তখনই বেকুব করিয়া তুলিয়া

বেহদ প্রথয়ে

নিঃশেষ করিতে চায়।

উকীল

অভিযুক্ত বা অভিযোক্তা থেই হউক না কেন—

বিপন্ন হইয়া, বঁ.চিবার আশায়

তোমাতে আত্মসমর্পণ করিলে

তাহাকে রক্ষা করাই যেন তোমার

তীব্ৰ ও অকাট্য স্বাৰ্থ হয়,

আর তুমি, যত রকমে সম্ভব

তাহাই মনন করিয়া

বিপদকে অতিক্রম করাইয়া

সামজস্যের সহিত ন্যায়ে পর্যাবসিত করাইও,

আশায় ভ্রসায় অবসনতা হইতে তুলিয়া ধরিও,

অন্যায়্ ব্যহ্বাহল্য ঘটিয়া অবসন হইয়া না পড়ে

বিশেষ নজর রাখিও,—

পারিপাশ্রিকের ন্যায় ও শান্তির পুরোহিত হইয়া

সক্রদা সেবার জন্য প্রস্তুত থাকিও,

অর্থ-স্বার্থ না হইয়া

পরিত্রাণ-য়ার্থ হইও.

উত্যক্ত না করিয়া

ল্লাৰ ও উল্লাভি হইতে যাহা পাও

তাহাতেই

সন্তুলিটর সহিত

মানুষকে নন্দিত করিয়া তুলিও.—

চালাও এমন ভাবে,—

অর্থ ও যশ তোমার অভ্যর্থনায় নতজানু থাকিবেই থাকিবে দেখিও ! ফলই কর্মের মোসাহেব কর্মের গ্রিয় ফলপ্রাপ্তি তাঁ'র মোসাহেব!

কথা দেওয়ায়

কাহাকেও ষদি কোন বিষয়ে কথা দিয়া থাক.
কথানুরূপ কার্য্য করিতে একটুও কটি করিও না—
তথাপি যদি তাহা সম্পাদন করিতে নাই পার,
যত শীঘ্র পার

ভাহাকে জানাইয়া দীনতা ও বিনয়ের সহিত তাহাকে উৎফুল করিও;—

আর নজর রাখিও

যদি কোন প্রকার পথ থাকে
সেই পথে তাহাকে
যথাসভব আপ্রাণ সাহায়া করিতে,—
তাই, কাহাকেও কোন কথা দিতে হই:ল
বেশ হিসাব করিয়া—

তোমার সামর্থ্যে

সহজ দেখিলে—

দিও !

চিকিৎসক

যদি সার্থকই হইতে চাও আত্মতিমানকে একদম বিদায় দিয়া চাকুষ ও সহজ বিবেচনায় কঠোর হইয়া

স্থেত্ণীল থাকিতে ষ্বর্বান হইও — বির্ক্তি, নিদাবাদ, স্থৈয়াহানি,

অসহানুভূতিশীলতা

যেন তোমার উপর কিছুতেই

আধিপত্য করিতে না পারে,

আশা, ভ্রসা, সুখ্রমশীলতা ও স্বাবহার

থেন তোমার চরিত্রে

ওতপ্রোতভাবে সমবেদনায় বাহারিত হয়,

ধ্যোগ-নিরাকরণই তোমার পরম স্থার্থ হউক যতক্ষণ তোমার রোগীর সুস্থতায়

তৃমি পরিতৃপ্ত না হও--

স্থপর্য্যালোচনায় নজর রাখিয়া মনন করিও,

পরিচর্য্যায় পশ্চাৎপদ হইতে,

উৎক ঠাকে বির্দ্তি ও বেদনার সহিত

তাচ্ছীল্য করিতে,

তোমার মনকে একটুও অবসর দিও না; চিকিৎসার সময়

অর্থ ঘেন তোমাকে কিছুতেই বিভ্রান্ত না করে খুব নজর রাখিও,—

আরো নজর রাখিও

রোগীর মেরু ও মন্তি:ঞ্চ,

শ্বাস ও হাৎযভ্রে

আর পরিপাক ও নিংস্রাব বিধানে,—

কোন ভরসাই যেন

বা কোন নিরাশাই ষেন

তোমাকে ইহা হইতে বিহুতে না করে,

নজর রাখিও জীবনের আধার তোমার ইফট বা ভগবানে,—

সন্নে, কংশ্ম ও আচরণে তাঁহাকে কুড়াইয়া আনিয়া— তোমার দুঃস্থ ও অবসনের ভিতর উবধ, নিয়ম ও পরিচ্যার সহিত উপ্ত করিতে জাগ্রত থাকিও,— তৃতি, যশ ও অর্থ

> তোমাকে পূজা না করিয়া জলগ্রহণই করিবে না !

তথ্যের সাথ কিত।

তুমি আগ্রহ ও সহানুভূতির সহিত

মানুষের বেদনা ও প্রয়োজনের কথা শুনিয়া

তোমার ওশুমোকে সার্থক করিয়া তুলিও,—

তারপর সমবেদনায় তাহাকে অনুভব করিয়া,

তার বেদনা ও প্রয়োজনকে অপনোদন করিয়া

ভীবন ও র্দ্ধিকে উন্নয়নমুখর করিয়া তুলিও,

আর ইহাকেই সেবা বলে;—

বেখিও তোমার সেবা থেন

সার্থকতামণ্ডিত হয়।

সেবার ছাতুড়ি পিটান

ভশুষা যখনই সেবাকে

পরিচিত করাইয়া দেয় না,

সেবা তখনই প্রায় ব্যথমনোর্থ হইয়া

বিরত হইয়া ওঠে,—

তাই বেদনা ও প্রয়োজনকে না জানিয়া হাতুড়ি পিটিয়া তোমার সেবাকে প্রোথিত করিতে যাইও না,— বুর্থ হইবে ও করিবে!

(বকার সমস্যায়

বাঁচিয়া থাকিতে হইলেই আহরণ ও
আহারের যেমন প্রয়োজন
তেমনি আহরণ করিতে হইলে
করারও প্রয়োজন—
তুমি নিজে ও তোমার পারিপাণির্করের
প্রয়োজনকে অনুধাবন করিয়া
তাহার পরিপূরণ হইতে পারে
এমনতর কিছু-না-কিছু করিও-ই,—

অমনতর কিছু-নালকছু কারত-২,— আর ইহাতে করার পথও দিন দিন পরিসর ও পরিফার হইয়া উঠিবে

দেখিও-

ইহা চরিত্রগত করিয়া ফেলিতে পারিলেই বেকার সমস্যা ভয়াল হইয়া উৎকটের মতন শক্ষিত করিতে পারিবে না !

খাণগ্ৰহণে

যদি ধারই করিতে হয়

তবে তোমার প্রয়োজনকে
উপযুক্তাবে খিল করিয়াও

তাহা পরিশোধ করিতে প্রস্তুত থাকিও— নতুবা পাইয়া পুণ্ট হওয়ার পথ ক্রমে নিরুদ্ধ হইবেই হইবে!

বেকারে উপার্জনের পথ

দুটো খেয়ে যদি বাঁচ্তেই চাও

তবে আহরণ কর—

আর আহরণ করিতে হ'লেই

দেখ্তে হ'বে পারিপাশ্বিকের

তোমার করা যদি এই প্রয়োজন পূরণের

সেবা করিতে পারে

তবেই তা'র বিবর্তনে তোমার আহরণ
বাস্তবে সার্থক হ'য়ে উঠ্বে,—

এই ক'রতে গিয়ে আগেই যদি
পয়সা পাওয়ার কালনিক পর্দায়
তোমার দৃষ্টিকে রুদ্ধ করে' তুল্তে থাকে—
আহরণ তো হবেই না,

চল্তে হোঁচোট্ খেয়ে প'ড়বেই নিশ্চয় — জার গ্যসার আবরণ ফেলে দিয়ে যদি চল,— এই প্রয়োজনের সেবার সম্বেগে—

ঠিক জেনো, পয়সা তোমাকে পূজো ক'রবেই— তাই অমানী হ'য়ে অভিনিবেশের সহিত পারিপার্ণিকরে সেবায় নিত্যই তোমার করাকে উদ্দীপ্ত করিয়া রাখ— বেকারের উৎকটতা তোমার কী করিবে ?

খাণদাবে

সামর্থ্য বুঝিয়া ধার দিও,—
দেখিও, না পাইলেও যেন
তাহা তোমার সহ্যকে
বিদ্যুপ মা করে;—
কিন্তু নজর রাখিও—
সাধ্যমত

বাধায় প্রতিষ্ঠা

বাধা হইলেই বিরোধ আসিবে;—
কোথাও যদি বাধা হইতেই হয়
এমনতর ভাবে তাহাকে নিয়ন্তিত করিও,
যাহার ফলে সে যশ
ও প্রতিষ্ঠার অধিকারী হয়,
দেখিবে, বিরোধিতা তোমাকে
অল্লই অতিষ্ঠ করিবে।

বড় নিন্দক

অন্যের নিন্দা ক'রে বড় হ'তে চাওয়া, আর

> বড় নিদিক হওয়া একই কথা!

ইচ্ছা-অধিকারের আব্দার

কাহারও ইচ্ছা বা চলনকে
অন্যায়ভাবে অধিকার করিবার
আকারকে পোষণ করিয়া

অন্যায্য দুঃখের স্পিট করিও না,—

বুঝিয়া দেখিও

যেমন তোমার সমস্ত র্ভি বা ইচ্ছা ও চলনে পরিব্যাপ্ত হইয়া কেহ নাই,—

তেমনই অন্যেরও সবটা পরিব্যাপ্তহইয়া তুমি নাই ! অন্যের ও তোমার সংযোগ কেবল সেই–সেই স্থলে

ঘেখানে,—যার প্রয়োজন-পুরণে,— তোমাতে অন্য বা অন্যেতে তুমি আছ ; তাই, আশা করিও না, অন্যে সব বিষয়েই তোমার সহিত আলাপ-আলোচনা করিয়া

কিছু স্থির করিবে,—

বা তোমার সাহায্য লইয়া

কিছু সম্পাদন করিবে;

কিন্তু গুন্তুত থকিও প্রত্যেকের জন্য—
প্রত্যাশিত বা অপ্রত্যাশিতভাবে,

যখনি তাহার তোমাকে প্রয়োজন— তোমার সেবামুখর হাদয় হস্ত ও অলপ্রতাল লইয়া,— দেখিও

> সমৃদ্ধ হইবে, সাথ্ক হইবে,— অপ্রত্যাশিত বেদনা হইতে ত্রাণ পাইবে!

মত প্রকাশে

আন্যের মতবাদের বাধা হইও না
নত হইয়া নিজেব মতকে
প্রকাশ করিতে হইলে করিও,—
শক্তার সাক্ষাৎ কমই ঘটিবে !

কথোপকথনে সফলতা

ভূমি যাঁহার নিকট কোন বিষয়ে
কিছু বলিতে যাইতেছ,
ভাঁহার প্রতি তোমার শ্রদ্ধাবাদ ভাঁহাতে অনুপ্রবিষ্ট হইয়া

ঘদি তোমার ভাবে

তাঁহাকে এমনতর উন্নীত করিয়া তোলে,

যাহাতে তিনি তোমার কথা শুনিতে উদ্গ্রীব ও আগ্রহান্থিত এবং শুনিয়া

তুষ্ট, তৃপ্ত ও ভোমাতে আকৃষ্ট হন—

থেন তোমার কথা তাঁহার জীবনকে
অনেকটা উৎসাহিত ও উৎফুল্ল করিয়া তুলিল,—
তবেই তুমি ও তিনি উভয়েই

উভয়কে উপভোগ করিয়া
সফলকাম হইবে,
নতুবা বিফলমনোর্থ হওয়াই স্থাভাবিক!

বড়াত্ব বা পদস্থতায়

বড়জে বা পদে স্থির থাক্তে হ'লেই মানুষকে বড় ক'রতে হবে,

পদস্থ ক'রতে হবে.

তা'তে তোমার প্রতি তা'রা যতই

অকৃতভ হোক্ ;—

কিন্তু ঠিক্জেনো

তাদের এই অকৃতজ্ঞতাই

আবার তোমাকে

পদে প্রতিষ্ঠিত ক'রবে ;—

একটু সতর্ক থেকো,

চালাও.

ভেবো না ৷

দ্যার অপলাপ

অপলাপে দয়া অপলাপকেই নিবিড় করিয়া তোলে !

অকৃতজ্ঞতা

যাঁহা হইতে তুমি সমৃদ্ধ হইয়াছ, পুগ্ট হইয়াছ,

জীবন ও যশে উন্ত হইয়াছ.

আর এগুলি যেখানে যতটুকুই-না পাইয়া থাক,— তুমি তাঁহাকে বত প্রকারে,

ষেমন করিয়া পার.—

মঙ্গ'ল নিয়ন্তিত করিতে কিছুতেই ভুলিয়া যাইও না, আর ইহার বিস্মৃতি, না-করা বা বিপরীত করাকেই

অক্জতা বলে ;—

প্রায়ই এমনতর পাপ নাই

যা' নাকি ইহাকে আমন্তণ না করিয়া,
একলা আসিয়া মানুষের সর্বানাশ ঘটায়,—
ভুমি সর্বাতোভাবে সাবধান হইও ইহা হইতে,—
ভোমার জীবনকে ক্ষয়ে বিপন্ন ও ব্যাহত করিতে
ইহার ভুল্য নিদারুণ পাপ
আরু কমই আছে!

প্রচ্ছার অকৃতজ্ঞতা
ইল্ট বা মঙ্গলকারীকে অবহেলা করিয়া
মানুষ যখনই
সেই মঙ্গলকারী যাহার দারা
মঙ্গল করিয়াছেন
ভাহারই অনুসরণ কয়ে,
স্থগের বিশুপে উৎক্ষিপ্ত হইয়া
তখনই সে
মূত্তমকে আলিসন করে!

মানের তুর্বিসোক মান যা'র ক্ষণভঙ্গুর, ভাবিয়াই যে দোষ দেখিতে পারে, নিজের আনুপাতিক বা বেশী অন্যায়ের সমর্থন যে তা'র পারিপাশ্বিক হইতে খোঁচাইয়া, ভাবিয়া, আবিষ্কার করিয়া, বাহির করিয়াই তৃপ্ত হয়,

নিজের আপদে বিপদে মানুষের সাহায্য চায়

অথচ বিনীত কৃতক্ত হওয়া দুরদৃষ্ট মনে করে,

অনেরে আপদে বিপদে দুর্কাল ও অপারগ

কিন্তু নিন্দা ও অসহানুভূতি করিয়া তৃথ,

সমবেদনা যা'র উপহাস—

নানুষকে পর করিয়া, দুর্দশা ও দুর্কাপাকে

বিধ্বন্ত হইতে যে সে সিদ্ধহন্ত

সে-বিষয়ে তা'র চাইতে বাহাদুর

আর কে হইতে পারে ?

উপচয়ে বজ্রকপাট

তোমাতে নির্ভর ও বিশ্বাস করিয়া

যদি কেছ কোন কার্য্যের ভার ন্যস্ত করিয়া

বা তাহার পরিপূরণের জন্য

অর্থাব সামর্থ্য দিয়ে থাকে,

অ'র তুমি যখনই নিজের স্বার্থের জন্যই হউক

বা অন্য কোন কারণেই হউক

তাহার অপচয় ঘটাইয়া থাক,—

তাহা হইলে স্থির জানিও
ভোমার অদৃভেটর উপচয়ের পথ

বজুকপাটে রুদ্ধ করিলে;—
কারণ, যে রুদ্ধি তোমার বিশ্বস্তুতা রুদ্ধিকে

আঘাত করিয়া অপচয় ঘটাইল, তোমার বুদ্ধির্ত্তিকে সেই আবার এমনই অপঘাত ঘটাইয়া তোমার উপচয়ফে নির্থক করিয়া দিবে ইহা নিশ্চয় জানিও—

কুৎসা-কুয়াসায়

কুৎসা-কুয়াসায়
জানের প্রদীপ কী করিবে?
চাই তাচ্ছীলোর ফটকা আওয়াজ !

অনাভ্ত অস্থাবনে পাতিতা
কাহাকেও লইয়া কোন বিষয়ে
কথাবার্তার ব্যাপ্ত থাকিলে
অনাহ্ত ভাবে সেখানে উপস্থিত হওয়া
বা উদ্গ্রীব হইয়া
বা অন্তরীক্ষে থাকিয়া
তাহার অনুধাবন করা
আর অন্যায় ক্ষতি করিয়া
পাতিতাকে বরণ করা
একই কথা!

ষ**ড়যন্ত্র নিয়ন্ত্রণে** যে কোন কারণেই হউক ডুমি যদি বুঝিতে পার তোমার বিরুদ্ধে তোমাকে জব্দ করার বা শাস্তি দিবার জন্য কোন ষড়যন্ত্র চলিতেছে. ভাবিয়া স্থির করিয়া লও

কে, কেন, কেমন করিয়া তোমার প্রতি অসভতট ও রোষপরবশ হইয়াছে,— তুমি তৎক্ষণাৎ তাহার নিকট যাইয়া

তাহাকে শান্ত, তুপ্ট ও তৃপ্ত করিয়া আইস, সাথে সাথে হিসাব করিয়া আরো ভাবিয়া দেখ তাহাকে ভালবাসে, সাহায্য করিতে পারে

এমনতর শতিসম্পন্ন কেহ্— যাহার অত্যাচার তোমাতে কম্টপ্রদ কিংবা অমোঘ হওয়া সম্ভব,—

তিনি ইহাতে সংস্^চট থাকুন বা নাই থাকুন,— তাঁহার নিকট যাইয়া তাঁহাকে এমন ভাবে

তোমাতে আকৃষ্ট, উদীপ্ত, তুষ্ট ও তৃথ করিয়া লইবে খাহাতে তিনি সর্বতোভাবে তোমাকে সাহায্যই করেন,

কিংবা অন্ততঃ বিরুদ্ধভাব পোষণ করিয়া তোমার প্রতি অসন্তল্ট না থাকেন, এক কথায় তোমাতে অন্ততঃ প্রতিক্রিয়াহীন হন — দেখিবে ষড়যন্ত্র—

যে কোন প্রকারই হউক না কেন,— তোমার কিছুই করিতে পারিবে না!

কামত্সীরি পূতিগজ কাম দুংট না হইলে সং অথাৎ বাঁচা ও ই্জারি অনুকুল যাহা সুন্দর

অর্থাৎ আদরণীয় <mark>যাহা</mark> তাহার

অহৈতুক বা পরোক্ষহৈতুক ভাবে

নিন্দা করা যায় না ;—

যেখানেই

ইহা দেখা যাইবে

অথচ নারী-ব্যাপারে কুটিল-সমবেদনাশীল, ঠিক বুঝিও—

ইহা প্রায়শঃ

কামদুভিট্রই পূতিগন্ধ !

জাহান্নমের পথ

একটা জিনিষই ২থেশট মানুষের দুরদৃষ্ট ও জাহাম্মের পক্ষে— তা' আদশে অকৃতজ্ঞতা।

উন্নতিত্র পথ

আদৰ্শে আপ্ৰাণ যে প্ৰান সে যত নীচ্ই হউক, যতই হীনই হউক,—

উন্তির আলোক যে তাহাকে বঞ্চিত করিবে না ইহা ধ্রি নিশ্চয়।

স্বাধীনতার বিকৃতি

আদর্শ যা'র খেয়ালের ইস্কন,
রুত্তি যা'র চালক,
স্থাধীনতা
তা'র বিকৃত তহংএর
অসংবদ্ধ কল্পনামান !

স্বাভাবিক স্বাধীনতা

আদর্শ যা'র অটুট.
সেবা ও সম্বর্জনা যা'র স্বভাব.
বাক্য, ব্যবহার ও কম্মের্ম
পারিপাশ্বিক যা'র
শুদ্ধায় আপ্রাণ ও নত্জানু.
স্থাধীনতা যে তা'র সহধ্দির্মণী
তাহাতে আর সন্দেহ কি ?

প্রকৃত (নতা

যিনি মানুষের দুঃখ, দুর্দশা, অবসাদ ইত্যাদি—
যা' কিছু হীনম্বে
বা মরণের পথে লইয়া যায়,—
সেবা ও সহানুভূতির সহিত
তাহার বিশেষরূপে অনুধানন করিয়া,
উৎফুল্ল্যে ও সহনপারকতায় তুলিয়া
উন্নতির দিকে লইয়া যাইতে পারেন,—
তিনিই প্রকৃত নেতা !

ৱাজা

যিনি-

বালিট ও সমলিটের জীবন, উন্নয়ন ও
সংরক্ষণ যাহাতে অব্যাহত হয়
আত্মজানে এমনতর সেবায় অনুপ্রাণিত,—
আর যাঁ'র এই অনুপ্রাণতা
ব্যালিট ও সমলিটর ভিতর
বস্তুতঃ জীবন, রুদ্ধি ও উন্নয়ন ঘটাইয়া থাকে,
প্রকৃতি নিজেই শীর্ষে তাঁহাকে স্থান দিয়া
রাজা বলিয়া অভিহিত করেন !

ৱাজ-পার দ

আর এমনতর পুরুষকেই.
সমাজে খাঁহারা সেবা, সহানুভূতি
ও কম্মতৎপরতায় পদস্থ হইয়াছেন—
স্থভাবতঃই তাঁহার প্রতি শ্রন্ধাবনত ও আকৃষ্ট হইয়া
সাদরে বহন করিয়া থাকেন:—
কারণ তাঁহারাই ভাল করিয়া বুঝিতে পারেন
কেমন করিয়া মানুষ কোন্ পথে
উদ্বেগ হইতে নিস্তার পাইতে
ও উন্নতিতে অবাধ হইতে পারে;—
তাই তাঁ'রাই প্রকৃত্ত রাজার
প্রকৃতিদ্ভ পার্মদ!

ৱাজনীতি

সেই নীতিই রাজনীতি যা' নাকি মানুষকে ব্যাস্থ্যে, শিক্ষায় ও চারিত্রে নিয়ন্ত্রিত করিয়া জীবন ও র্দ্ধিক ক্রমোন্তিরি দিকে লইয়া যায়; আর যেখানে ইহা জীর্ণ, জটিল ও মসীলিপ্র সেখানেই ব্যভিচার ও বিদ্রোহ অবশ্যস্তাবী!

রাজার শ্রন্ধাহীনতায় বিপৎপাত
রাজার যেখানে কম্মপটুতা সেবাপরায়ণতা ইত্যাদিতে
পদস্থের উপর শ্রদ্ধা,
সন্মান ও অনুরাগ নাই,
বিপৎপাতই যে সেখানে
ব্যাণ্টি ও সমণ্টিরশ সেক
ইহা অতিনিশ্চয়!

আদেশ বিহানতায় রাজার পতন ও মৃত্যু রাজা যখন আদেশবিহীন হয়— পারিপাশ্বিক যখন তা'কে তা'র নানা ছাঁচে ফেলিতে পারে, তখনই সে তা'র বংশানুক্রমিকতা হইতে বঞ্চিত হওয়ায় উপযুক্ত হয়;— আদর্শ যা'র ন'ই দুক্লিতাই তা'র সদস্য, আর দুকলিতা যেখানে,
পতন বা মৃত্যুই তা'র সহানুচর;
আর এই রকম যেখানেই ঘটিয়'ছে
রাজার বংশপারস্পর্যোর অপলাপ
সেখানেই মৃত্রিমান্ হইয়াছে।

(দৃশ্

সমাজের সেবা করিয়া
যাঁহারা পদস্থ হইয়াছেন
ভাঁহারাই সমাজপতি :—
আর এই সমাজপতিকে অবলম্বন করিয়া
যো জনমগুলী যেখানে বাস করিয়া
ভাঁহার আদেশের অনুসরণ করিয়া থাকে
কিংবা করে.
সেই স্থানকেই সেই দেশ বলিয়া
অভিহিত করা হয়!

প্রকৃত সম্রাট ও সাম্রাজ্য

আর এই সমাজপতিই সেই দেশের রাজা:
আর এই সমাজপতির আদেশ যেখানে —
অর্থাৎ এই সমাজপতি যাঁহাকে অনুসরণ করেন,
আর এমনতর
বহু অনুসরণকারী যাঁহাকে বেফটন করিয়া

বহন করিয়া থাকেন, তিনিই প্রকৃত সমাট্ ;— আর এই রকমে নিয়ন্তিত যে দেশ বা সাগ্রাজা তাহাকেই রাস্ট্র বলা যায়।

আদেশ এ দেশ আদর্শ যা'র নাই, আদেশ যা'কে অপমানিত করে দেশ তা'র জাহার্মে।

প্রতিষ্ঠান গঠনে
কোন আদর্শকে fulfil করার জন্য
যদি কেহ আপ্রাণ হন,
তাঁর আপ্রাণতার যাজনে,
তাঁর পারিপাশ্বিক হটতে যাঁহারা

elated ও elevated হইয়া
ত হারই সাহায্যাথে সম্যক্ভাবে
তাঁ'রই অনুসরণ করেন বা একসঙ্গে চলেন
ভাঁহাদিগকেই সম্যক্ সহক্ষমী বলা যাইতে পারে;
আর এঁদের চরিত্রের একটা সহজ বৈশিষ্ট্য

এই হওয়া উচিত

তাঁ'রা ideal এ যেমন অটুট,

চলায় তেমনি অবাধ হবেন,— আর সে অবাধ গতি

যতদূর সম্ভব কাহারও বিরোধ স্থাট না করিয়া, বরং তাহাদের দারা supported হইয়া তাহাদিগকে elated ও elevated করে; আর তাঁ'রা এই চলায় বা করায় যেন
স্থভাবতঃই এমনতর হন
যা'তে চলার পথের বিপদগুলি
মাথা তোলা না দিতে পারে—
তোলা দিলেও নিয়ন্তিত হয়,—
সম্ভব হইলে favourable হইয়া
forwardএর motionকে

forwardএর motionকে

আরও accelerate করিয়া দেয়;—

আর এই চরিত্রটী তাঁর সহকম্মী ও

সহগমনকারীদের ভিতর চারাইয়া গিয়া
এমনতর সহজ একটা compact body

গঠন করিতে পাঙ্নে—

যা'র গতি, কম্ম, ব্যবহার ও সেবা
একটা unique position স্থিট করিয়া

সার্থকতার মুকুটকে অবাধে বহন করিয়া
অসীম উন্নয়ন ক্সর্প করিতে পারে!

প্রতিষ্ঠান গঠনে সহগমনকারী সমিতি
হাঁহ'রা প্রতিষ্ঠান গঠনোনা খ কিন্দাগণের
সমস্ত ব্যাপারে
মুগ্ধ, elated, active ও sympathetic
হইয়া ওঠেন,
আথচ personal affairs বাপ্ত হইয়াও
সর্বতোভাবে সাহায্যপ্রাণ হন,
এবং অর্থ, সামর্থ্য ও প্রামর্শ দিয়া
তাঁহাদিগকে উদ্দীপ্ত করিয়া তোলেন,

এবং তাঁহাদের চলার পথে যত রকম
বাধা বিপত্তি ঘটিতে পারে
তাহার নিরাকরণে
স্বেচ্ছাপ্রণোদিত হইয়া, দক্ষতার সহিত
তাহার প্রতিবিধান না করিয়াই থাকিতে পারেন না
এমনতর যাঁ'রা—
তাঁ'রাই প্রকৃতিপ্রণোদিত
সহগমনকারী সমিতি—
Adjutant Committee.

কল্পী ও সমিতির সম্বন্ধ ও কর্ন্তব্য যদি কোথাও আদর্শকে fulfil করার জন্য কয়েকজন একল হইয়া কোন প্রতিষ্ঠানের প্রতিষ্ঠা করিতে চান বা করিয়া থাকেন, ভাঁহাদের উচিত, ভাঁহাদের মধ্যে

খিনি বা যাঁরা sincerely wholetime active তাঁ'র বা তাঁহাদের উপর

ideal এর principle fulfil করার জন্য সমস্ত ভার অর্পণ করিয়া ভাঁ'কে বা ভাঁহানিগকে actively engage করান;

আর ঘাঁহারা সে বিষয়ে একমত এবং সমাক্ ইচ্ছুক ভাঁহাদের উচিত যিনি বা ঘাঁ'রা actively engaged হ'য়েছেন তাঁহাদের সর্বাতোভাবে সাহায্য করা,—
যা'তে তাঁ'রা অবাধভাবে কাজ ক'রে যেতে পারেন ;—
তাঁহাদের ভিতর যে সমস্ত বাঁধা বিপত্তি
আসিয়া হাজির হইয়াছে বা হইতে পারে
বিবেচনা করিয়া

ক্ষিপ্রহস্তে তাহার নিরাকরণ,—
অর্থ, সামর্থ্য ও আলোচনা পরামর্শ দিয়া
তাঁহাকে বা তাঁহাদের well equipped করিয়া
দেওয়া ইত্যাদি;—

যাঁহারা এই রকম করিয়া actively engagedদের
সক্তিভাবে সাহায্যোনাুখ,
তাঁহারাই সহগমনকারী অর্থাৎ সমিতি
বলা ঘাইতে পারে,—

আর ইহাই Adjutant Committee,—
ইহা ছাড়া সমিতি মানে
আর কিছু বুঝি না!

প্রতিষ্ঠান-কর্মে আদেশবিসরণ
আর যিনি বা যাঁরা কোন প্রতিষ্ঠানে
actively engaged—
তাঁরা বা তাঁ'দের উচিত সব সময়ে
ideal ও তাঁর principleকে
সক্তিভাবে অনুসরণ করা,যদিও তাঁ'দের সহগমনকারীদেরও
তাহাই হওয়া উচিত,—

তফাৎ— তাঁহারা তাঁ'দের personal affairsএও engaged আছেন 1

ভান্তি ও অনৈক্যে যদি সমিতি ও actively engaged personদের ভিতর কোন ছান্তি বা অনৈক্য ঘটে. তাহা হইলে ideal এর principleএর মাপ কাঠিতে মাপিয়া ঠিক করা, আর তাহাতে না হইলে ideal এর সহিত personal আলোচনা করিয়া স্থির করা .--কিন্তু এই অনৈকোর দরুণ বিশেষভাবে নজর রাখা উচিত--ঈ্ষা। আকোশ, নিরস্তা বা কাহত অহং কিছতেই না ঘটিয়া ওঠে:--আর ইহা যেখানে আসে— বলিয়া দেয়-idealএর পরিবর্তে বা সহিত তাহার অংংবেও প্রতিষ্ঠা করিতে চায়— তাই এটা সেবা অপরাধ।

আদ্শের অন্তর্জানে

Idealএর demiseএ অমনতর ভ্রান্তি
বা অনৈক্যে

এমনতর যদি কেউ থাকেন
হাঁ'র স্বার্থই সেই ideal,—

আর যিনি তাঁ'তে allalong
actively engaged ছিলেন ও আছেন,
তাঁ'কে consult করা,—
আর তা'ও যদি না মেলে,
তবে সমিতির সমধিকের মতকেই
অবলম্বন করিয়া চলা।

প্রতিপান গঠনে সাফল্য আমার মনে হয় আমাদের চলাগুনি এমনতর সহজ ভাবে ও প্রাণে হইলেই নির্বিরোধেই কমকতেট অনেক প্রতিষ্ঠান গড়িয়া উঠিতে পারে;— সহগমনকারীদের বা সমিতির বা Adjutant committeeর

বিশেষ লক্ষ্য রাখা উচিত—
actively engagedরা—
যখন towards growing—
কিছুতেই restricted না হইয়া
well-managed হয়;

বরং ইহার reversed restricted হইয়া elated ও elevated হয়, বিব্রত না হইয়া পড়ে।

আদেশ বা ই**ষ্টপু**জায় প্রতিষ্ঠান আর প্রতিষ্ঠান গঠনোনাুখ প্রত্যেক কম্মী ও সহসমনকারী সমিতির বিশেষভাবে নজর রাখা উচিত—
তা'দের activity হইতে জাত—
যা' নাকি বাস্তব good ও wealth
সবই যেন, যে idealকে তা'রা fulfil করিতে
আপ্রাণ হইয়াছে

তাঁহাতেই ন্যন্ত হইয়া সার্থক হয়; আর harassment, sufferings, pain, punishment and opposition—

প্রতিষ্ঠান স্থাট করিতে গেলে যাহা নাকি অতিক্রম করিতেই হইবে—

সবই যেন তাহাদের individual and collective assets হয় —

আর এই হইল পূজা in real form
— আর একেই বলে কম্মফলত্যাগ।
আর এতেই বাস্তবিক

centralisation ঘটিতে পারে—
both in matter and spirit;
কারণ যদি কেহ কাহারও স্বার্থ হয়
প্রকৃতিই তাহাকে তাহার
স্বার্থ করিয়া দিবে,—

আর এটা এক রকম অচ্ছেদ্য !

উৎসব

যে প্রচেচ্টার ডাকে জনসাধারণ উৎফুল্ল আন্দের সহিত জু'নে সমৃদ্ধ হইয়া নিজেকে প্রাণনে, ব্যাপনে ও বর্জন নিয়ন্তিত করিতে পারে এমনতর মঙ্গলপ্রসূ অভিসমাগমকেই উৎসব বলে !

নিয়ম অবস্থাভেদে

যাহাই মানুষকে
উন্নতিতে অবাধ করিয়া
নিমুকে উন্নতির পথে চালিত করে
এবং

যতদূর সভাব অনারে অবরিজনভোব প্রোণন, ব্যাপন ও বর্জনক

উচ্ছল করিয়া তোলে
তাহাই নিয়ম;—

নিয়ম তাই কাহারও একচেটে হয় না—
দেশ, কাল, অবস্থা ও পাল্ল হিসাবে
ইহার অনেক পরিবর্তন হইতে পারে
কিন্তু পরব্য তাহার আদেশে ও মসলেই হইবে
ইহা নিশ্চয়:—

সহানুভূতি ও সম্বেদনা লইয়া
বিবেচনা করিয়া—
যাহাতে উন্নতি মুখর হইয়া ওঠে
তাহাই করিও,—

আর মানুষকে তেমনতরই ব্যবস্থা দিও—
পুণোর অধিকারী হইবে !

নীতি কাছাকেও বাধা করে না
সুনীত বা সুনিয়ম
কাহাকেও জবরদন্তি করিয়া
নিজের অনুসরণ করাইতে চাহে না—
কিন্তু যে মঙ্গল চায়—
সে যদি অনুসরণ করে,
মঙ্গল তাহাকে নন্দিত করিবেই—
সন্দেহ নাই!

জাতির বাঁধনে ঋষি ও নীতি
আর্য্য ঋষিরা অদ
ও অন্যায্য গোঁড়ামির পক্ষপাতী ছিলেন
বলিয়া
কিছ্তেই বুঝিতে পারা যায় না;—
যথনই যে কার্য্যদারা
আদর্শ ও কৃপ্টির সহিত
জীবন ও বর্দ্ধন
বিপর্যান্ত হইয়া পড়িত
তাহা পুনর্বার লাভ করা
যাহাতে কঠিন বা অসাধ্য বলিয়া
বিবেচিত হইত
শুধু সেইগুলিই
জাতিপাতের কারণ ব নিয়া
নিদ্দেশ করিয়া

তাঁহারা তদুপই ব্যবস্থাদির

প্রণয়ন করিয়াছিলেন ; সাধারণ অন্নপানীয়ে

> জাতি বিধ্বস্ত হইত বলিয়া মনে হয় না,—

তবে কোন ব্যক্তিগত প্রতিবন্ধক না থাকিলে শ্রেষ্ঠ

> সাদর সম্বর্জনায় অর্ঘ্যাদিদারা অভ্যথিত হইয়া তুম্টির সহিত

শ্রেষ্ঠেতরের শুচি ও সদিচ্ছাপ্রণোদিত অন্নজনাদি গ্রহণ করিতেন—

ইহাই শান্তের নীতি দেখা যায়;—

এমনকি শূদ্রও যদি বহুকাল্যাবৎ দ্বিজ্বের পরিবারে

সেবারত হইয়া প্রতিপালিত হয়—-শাস্ত্রে তাহাদের শুচি ও সদিচ্ছাপ্রগোদিত অর্ঘ্য ও সম্বর্জনায় উদ্দীপ্ত অন্নপানাদি

গ্রহণ করার ব্যবস্থা

শ্বষিদের বিধি ও বচনের ভিতরই
স্পেষ্টরাপে দেখিতে পাওয়া যায়;

তাই মনে হয়

একটা ঠুন্'কা গোঁড়ামি, ফুৎকারে জাতিপাত, ধ্যম্নাশ ইত্যাদি ভয়ে শকিত,

হীনতায় অভিধিক,

দুর্বেল, বিধিনিষেধপরায়ণ এই জাতি ছিল বা এখন আছে

ইহা স্থপ্ত ভাবা যায় না!---

ঠিক জানিও— তোমার আদর্শ, কুণ্টি, জীবন, জনন ও র্দ্ধির ক্ষতিজনক—

যাহাতে এওলি বিধ্বান্ত বিপর্য্যন্ত হয় এমনতর কিছু না ঘটিলে কিংবা

অত্যন্ত আপদে অন্তিম্ব রক্ষার্থে যদি ইহাদের কথঞিৎ অপলাপও ঘটে ভাহা হইলেও— তোমার জাতি অক্ষুণ্ণ,—

নি-নড় সূর্য্যের মত জাজ্ল্যমান— শাস্ত্র তারস্থরে

> অকম্পিত ইঙ্গিতে ইহাই ঘোষণা করিতেছে ১

অমুতাপ

তুমি যদি কাহাকেও কোন প্রকারে

বেদনা দিয়া থাক—
তোমার সহানুভূতিকে অবলম্বন করিয়া,
তাহার অবস্থায় দাঁড়াইয়া
সমবেদনায় তাহার কেদনাকে
বুঝিয়া লইয়া

বেদনাত্ত হৈ হইয়া

অনুতপ্ত হও,—

আর তোমাকে এমনতর ভাবে নিয়ন্তিত কর

যেন তুমি পুনরায়

অমনতর ভাবে—

যাহাতে মানুষ বেদনা পায় তাহা হইতে

চিরদিনের মত

অপসারিত হইতে পার,—
দেখিও দেবজ তোমাকে

বন্দনায়

অভিধিত্ত করিয়া তুলিবে !

দ্য়া

দুক্র, দুঃস্থ, অনাগ্রিত, ক্লিপ্ট— হতাশার অবস'দে হৃদয়ে যা'র নিবিয়া যাইবার যন্ত্রণা দাউ দাউ করিয়া জ্বলিতেছে, কাতর কণ্ঠে, নিম্প্রভ চক্ষুতে তোমার দিকে চাহিয়া বাঁচিবার, রুদ্ধিতে নিঃখাস ফেলিবার আঁকুপাঁকু লইয়া দয়া ভিক্ষা করিংছে,---তোমার দয়া তাহাকে হাত ধরিয়া, উহা হইতে রক্ষা করিয়া পালনে যদি সংযুদ্ধই না করিল তবে কে বলিবে তুমি জ্যান্ত না জীবনহীন ?!

—তাই বলি

তুমি তাহার বিপদকে বিধ্বস্ত করিয়া

দয়ার সম্বেগে

তাহাকে পালনে বিশ্বতি করিতে প্রাণ গেলেও পশ্চাৎপদ হইও না, —

স্থর্গের আশীবর্বাদ

স্বস্তিগানে তোমাকে পুণ্য করিয়া তুলিবে !

अप्र]

ষদি শক্তিমানই হইতে চাও তবে ক্ষমা কর অথীৎ সহা কর—

আর নজর রাখিও

যাহাকে ক্ষমা করিতেছ,— যে দোয তা'কে খিন্ন করিয়া তুলিয়াছে,

ভাহা হইতে

এমন করিয়া তুলিয়া ধর—

আশায়, ভরসায়, উদ্যুম

যেন সে অনায়াসে

তোমাকে আশ্রয় করিয়া

নিস্তার পাইতে পারে,

আর তাহা না হইলে

নিশ্চয় জানিও--

তোমার ক্ষমা

দুর্ঝল, নির্থক, ভেজাল মাত্র ;— তাই বলি—

অপরাধীকে ক্ষমা করিও
কিন্তু অপরাধকে নয়;—

ক্ষমা করিও—

কিন্তু দোষকে ক্ষমা করিয়া দোষীকে জাহান্নমে দিও না !

(তজ ও ক্রোধ

নিরবচ্ছিল্ল শিহরণ-ছাণ্ট ক্ষুধিত আবেগকেই তেজ বলা যায়—

আর

এই তেজই

উদ্যমকে আমন্ত্রণ করিয়া

ক≂ম্–সাথ্কতায়

মানুষকে

পারিপাশ্রিক

দীপ্ত করিয়া তোলে:

আর

ব্ৰোধ

উদ্যুমকে ভুদমাচ্ছন্ন করিয়া

বিষাদ-নিমন্ত্রণে

মানুষকে

অবসয়তায় অবশ করিয়া ফেলে—

তাই

তেজস্বিতা-ল্রমে

ক্রোধকে ভাকিয়া আনিয়া নিজেকে বিপন্ন করিয়া তুলিও না l

আত্মমুখী স্বাথে বাথ তা

স্থার্থ বেখানে নিজেকেই লক্ষ্য করে

অথচ যাহা হইতে সিদ্ধ হইতেছে
তাহার জীবন ও বর্দ্ধনে
উদাসীন, সহানুভূতিহীন

বা তৎপ্রতি জ্ঞাজ্ঞপণ্ড করে না,—
তাহা যে বার্থতা ও মরণের অচির–নিস্কুক
সে সম্বাজ্ঞ আর কি ভ্রান্তি থাকিতে পারে ?
— আর এ সম্পিটতেও যেমন ব্যাণ্টিতেও তেমনই; —
যদি জীবনই চাও আর র্দ্ধিই চাও

তবে আত্মমুখী স্বার্থকে লক্ষ্য মা করিয়া, পর ও পারিপাশ্বিকের স্বার্থে.

বা প্রীকেই চাও--

আশা না রাখিয়া, কৃত-তৎপর হও ;—
দেখিও না-পাওয়ার দক্ষ হইতে মুক্ত হইয়া
সক্ষিধি পাওয়ায়
প্রতিষ্ঠালাভ করিবেই করিবে !

বেল্লিক প্রতারক

এমন অনেক বেল্লিক মিথ্যাবাদী প্রতারক আছে যাহারা সঙ্গীর্ণ স্বার্থের জন্য হাম্বড়াই বা বাহাদুরীর প্রত্যাশায় তোমার প্রতি

অহৈতুক নিন্দা, অপবাদ

3

জল-জীয়ন্ত মিখ্যা দাহিদার আরোপ করিয়া

ভাহাদের হীন প্রলোভনকে চরিতার্থ করিতে

নিনড়ভাবে বদ্ধপরিকর ;—

ভুমি তাহাদের প্রতি দৃক্পাতও করিও বা— তোমার চলার পথগুলি

ঋজু রাখিয়া

পারিপাশ্বিক বেষ্ট্নীকে

তোমার প্রতি সজাগ রাখিও—

একটু অপেক্ষা কর—

দেখিবে তোমার কেলিক প্রতারক ছাইয়ের মত উড়িয়া যাইবে !

দায়িন্ববাধ

কাহারও বা কোন কিছুর দায়িত্ব লইয়া ভাহা সম্যক্ সমাধা না করিয়া অবহেলায়

অপলাপ করিও না,—

জীবনকে ক্লীব করার

এ একটা শক্ত ও সহজ উপাদান ; যে অবহেলা

দায়িত্বকৈ সমাধান না করিয়া অপলাপ করিল,

সেই তোমার চরিত্রে জীবত্ত হইয়া তোমার সমস্ত জীবনকে

একটা বিরাট ব্যর্থ হায় অবসর করিয়া তোমার উদ্যুমকে

পক্ষাঘাতে প্রানি করিয়া রাখিবে—
খুব সাবধান ৷

I

প্রকৃত টানের অভাব

সর্বান্তঃকরণে যাঁকে না হ'লেই চল্ছে না— যাঁ'কে না হ'লে

তোমার সকর রুত্তি ক্ষুধিত থাকে, তাঁ'র মতন না হ'তে পারার

আপশোষই

তোমাকে ঠাট্টা করিয়া বলিয়া দেয় সে তোমার প্রকৃত টান বা চাহিদার

কেহেই নয়---

তোমার স্বার্থ-সম্পাদনের উপকরণ বই ;—
মনকে পাঁতি পাঁতি করিয়া খুঁজিয়া
যাহা সমীচীন

এখনও করিয়া লও!

আদশান্তসৱাৰ সাথ কতা

তুমি যাহাই হও,

আর যেমনতরই হও,

তোমার চাল-চলন, আচার-ব্যবহার

যতই পঞ্চিল হউক না কেন-

আদর্শে আপ্রাণ হইয়া

যাহাতে কোন প্রকারেই তাঁহাকে কোনরূপ অপঘাত স্পর্শ না করে এমনতর ভাবে, তোমার জগ্ত ও পারিপাশ্বিকে

তাঁহার প্রতিষ্ঠায় উদ্দাম হইবে,—
দেখিও যাহা-কিছু পাপ, যাহা-কিছু আবর্জন।
সমস্তই ক্রমে ক্রমে ঝরিয়া পড়িবে,
দীপ্ত হইবে,

উজ্জ্বল হইয়া সবাইকে উজ্জ্বল করিয়া তুলিবে,— ভানিতে পাইবে

স্বার অভনিহিত চেতনা তোমাকে লক্ষ্য করিয়া উচ্চারণ করিতেছে—

শান্তি ৷ শান্তি ৷ শান্তি ৷

